

সহজ কথোপকথনে
দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা

তৃতীয় খণ্ড

অন্যান্য ধরনের শব্দ ও বাক্যের গঠন

সুতনু ভট্টাচার্য

বিদ্যাচর্চা কেন্দ্রের পাঠ সংকলন

Sahaj Kathopokathane Dwtio Bhasha Hishabe Engreji Shekha
Tritiyo Khand, Anyanno Dhoroner Shabdo O Bakkyar Gathan

Learning English as a Second Language
Vol. III. Different Types of Words and Sentence Structures

Edited by Sutanu Bhattacharya

First edition: January 2017

Second edition: February 2020

© Sutanu Bhattacharya

Published by:

Sutanu Bhattacharya

63/114B Prince Anwar Shah Road

Rhineview Flat 5B, Kolkata 700045, India

Contact: (+91)9433064877/(+91) 9830021126

E-mail:sutnbh@gmail.com

Printed by:

Bijan Sarkar

S. R. Printers

62/A Baithakkhana Road, Kolkata 700009, India

Contact: (+91)8902731332

All rights reserved. No part of this publication may be reproduced, stored in retrieval system, or transmitted, in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without the prior permission of the publisher and copyright owner.

NOT FOR SALE

This study material, developed at Phuldanga Bidyacharcha Kendra, Shyambati, Birbhum, West Bengal, is meant for free distribution for education and learning purposes. Care has been taken not to violet any existing copyright or intellectual property right. If any copyright is inadvertently infringed, please notify the publisher for corrective action.

মুখবন্ধ

আমি সূতনু ভট্টাচার্য সম্পাদিত ‘সহজ কথোপকথনে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা’ বইটির পাণ্ডুলিপি ভালো করে পড়লাম। এ বইটির নামকরণ দেখেই আমার আশা হয়েছিল যে, ইংরেজি ভারতীয় ছাত্রছাত্রীদের কাছে ‘দ্বিতীয় ভাষা’ এই বিষয়টি ঐরা স্পষ্ট মনে রেখেছেন। কিন্তু এটাও মনে রেখেছেন যে, দেশের সকলের কাছে ইংরেজি সমানভাবে দ্বিতীয় ভাষা নয়। শান্তিনিকতনের ফুলডাঙা হয়তো এখন আর ততটা প্রান্তিক গ্রাম নয়, সেখানে ইংরেজি ভাষা ভালো জানে এমন লোকের যাতায়াত আছে, কিন্তু পশ্চিমবাংলা বা ভারতের এমন অনেক গ্রাম আছে, যেখানে ইংরেজিকে অতটা খুঁজে পাওয়া যায় না। সেখানে ইংরেজি আসলে একটি ‘বিদেশি’ ভাষা। অথচ শিক্ষাদীক্ষা এবং অর্থনীতির বাধ্যতায় এ ভাষা আমাদের শিখতেই হবে—এ ভাষা হল আমাদের সমাজের কমবেশি উচুতলায় ওঠবার সিঁড়ি। ফলে আমাদের আশু কর্তব্য হল যথাসম্ভব সহজভাবে এ ভাষা আমাদের শিশুদের শেখানো। আমাদের পরিবেশ এবং সেখানে ইংরেজির সঙ্গে দূরত্বের এই নানা মাত্রার কথা সূতনু এবং তাঁর সহযোগীরা খেয়াল রেখেছেন সেটা আমি বইটির গঠন দেখে টের পেলাম, কারণ তারা শুরু করেছেন একেবারে প্রথম ব্যবহার্য শব্দাবলি দিয়ে। তারপরেই শুরু হয়েছে বাক্য ব্যবহার করে কথোপকথন।

বলা বাহুল্য, শিশুরা মৌখিক ভাষা শেখে, এমনকি মৌখিক দ্বিতীয় বা তৃতীয় (বা চতুর্থ ইত্যাদি) ভাষাও শেখে মূলত কথোপকথনের মাধ্যমে। এই শিক্ষার বৈশিষ্ট্য হল, তারা যে একটা নতুন ভাষা শিখছে তা তারা খেয়াল করে না—এ যেন তাদের স্বাভাবিক বড় হওয়ার প্রক্রিয়া। এতে তাদের মস্তিষ্কে চাপ পড়ে না, মুখস্থ করার এবং মনে রাখার উদবেগ সহ্য করতে হয় না। শুধু এইটুকু চাই যে, তাদের চারপাশে কেউ সে ভাষায় কথা বলবে, এবং তারা সেই কথাবার্তায় যোগ দেবে। এ ভাবে বয়ঃসন্ধিসীমার আগে তারা একাধিক ভাষা স্বচ্ছন্দে শিখে উঠতে পারে। ক্রাশেনের (Krashen) মতো ভাষাবিজ্ঞানীর কাছে ভাষা শিক্ষার এই প্রাকৃতিক প্রক্রিয়া হল aquisition, আর সচেতনভাবে রেকর্ড শুনে, পড়াশোনা করে, ব্যাকরণ, অনুবাদ, পাঠক্রম অনুসরণ করে ভাষা শিক্ষার নাম হল learning।

সূতনুদের বইয়ে aquisition-এর এই প্রাকৃতিক প্রক্রিয়াটিকেই প্রতিফলিত করার চেষ্টা আছে। এই পদ্ধতিতে প্রথম ভাষাকে অস্বীকার করা হয়নি। এখন

তো স্বীকার করাই হয় যে, প্রথম ভাষার মাধ্যমে দ্বিতীয় ভাষা শেখানো ভাষা শিক্ষণে একটা প্রকৃষ্ট উপায়, বিশেষ করে দ্বিতীয় ভাষার সঙ্গে পরিচয়হীন শিশুদের জন্য । তাদের ভয়টা কাটিয়ে ধীরে ধীরে দ্বিতীয় ভাষাকে তাদের সহজ পরিচয়ের বৃত্তে নিয়ে আসা, এই হল বইগুলির মূল পরিকল্পনা । শিশুদের অভিজ্ঞতার জগৎই এই সব বাক্যের মধ্যে প্রতিভাত হয়েছে, ফলে এই কথোপকথনগুলিতে তারা তাদের সহজ জীবনযাপনের ছন্দই খুঁজে পাবে ।

সুতনুরা ব্যাকরণের প্রতিটি বিষয়ই অজস্র বাক্যের মধ্য দিয়ে বুঝিয়েছেন, এবং সহজ থেকে জটিল বা কঠিন—এই পর্যায়ে পাঠগুলিকে সাজিয়েছেন । শিক্ষকদের প্রতি প্রচুর নির্দেশ আছে, আশা করি শিক্ষকেরা সেগুলি মনোযোগ দিয়ে পড়বেন—এতে তাঁদের ইংরেজি জ্ঞানও পোক্ত হবে । অর্থাৎ এই বইগুলি শিক্ষক এবং শিক্ষার্থী—উভয়ের জন্যই বিশেষ উপকারী বলে বিবেচিত হবে ।
আমি এই বইটির সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি ।

১০ জানুয়ারি, ২০১৭

সৈজুতি, ২১ কেন্দ্রুয়া মেন রোড
গড়িয়া, কলকাতা ৭০০০৮৪

পবিত্র সরকার

কীভাবে ইংরেজি শেখা—এই বইয়ের পদ্ধতি

শুরু থেকেই কেবল ইংরেজি গদ্য ও পদ্য পড়িয়ে-লিখিয়ে আর শব্দার্থ মুখস্থ করিয়ে ইংরেজি ভাষাতেই ইংরেজি শেখানোর চেষ্টা নয়। এই বইয়ে ইংরেজি শেখানোর অন্য এক পদ্ধতি ব্যবহার করা হয়েছে। প্রথমত, মাতৃভাষার (এখানে বাংলা) মাধ্যমে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি শেখা, ও দ্বিতীয়ত, গদ্য বা পদ্যের ভাষা নয়, আগে কথোপকথনে নিত্য ব্যবহারের ইংরেজি ভাষা ও তার বিভিন্ন ধরনের ছোট ছোট বাক্যের গঠন বারবার অনুশীলনের সাহায্যে চেনা ও শেখা।

বাংলা পড়ে বুঝতে পারেন এমন সকলেই এই বইয়ের পাঠগুলো ধরে ইংরেজি শিখতে ও শেখাতে পারবেন; ইংরেজি ভাষার কোনও শিক্ষক প্রয়োজন হবে না। গদ্য ও পদ্যের ভাষার বদলে কথ্য ভাষায় রোজকার জীবনের কথা বলায় ইংরেজি বাক্যগুলোর অর্থ বোঝা ও গঠন রপ্ত করা অনেকটাই সহজ হবে।

- শেখার শুরুতেই অযথা শব্দভারে ভারাক্রান্ত না করে কয়েকটামাত্র ইংরেজি শব্দ বলে দেওয়া হয়েছে, যা রোজকার জীবনে ব্যবহার হয়। এরপর ধাপে ধাপে ইংরেজি বাক্যগঠনে ব্যবহার করা সহায়ক শব্দগুলো (auxiliary verb) শিখিয়ে, এই কয়েকটামাত্র শব্দ দিয়ে কীভাবে কত রকম বাক্য তৈরি হয় তা বোঝানো ও বারবার অনুশীলন করানো হয়েছে। ক্রমাগত অনুশীলনই হল শেখার পদ্ধতি—পাঠে রাখা বিভিন্ন ধরনের ইংরেজি বাক্যগুলো বার বার পড়ে ও বলে তার অর্থ বোঝা ও গঠন রপ্ত করা। বার বার পড়া, বলা, ও শোনার মাধ্যমে শিক্ষার্থীরা এক একটা ধরনের বাক্যের গঠন রপ্ত করবে এই উদ্দেশ্যে অনুশীলনের জন্য প্রতিটা পাঠে রাখা আছে অনেকগুলো করে বাক্যের উদাহরণ।
- সময়কাল বা টেন্স (tense) অনুযায়ী ইংরেজি বাক্যের গঠন বুঝতে শিক্ষার্থীদের বিশেষ সমস্যা হয়। এই কারণে বর্তমান, অতীত, ও ভবিষ্যৎ কালের বাক্যগুলো শেখানো ও অনুশীলন করানো হয়েছে, মিলিয়ে-মিশিয়ে নয়, বিশেষ সাবধানতায় বিভিন্ন পাঠে ভাগ করে আলাদা রেখে। পাঠগুলোকে বইয়ের তিনটি খণ্ডে ভাগ করে রাখা হয়েছে। প্রথম খণ্ডে বর্তমান কাল, দ্বিতীয় খণ্ডে অতীত ও ভবিষ্যৎ কাল, এবং তৃতীয় খণ্ডে আছে পরবর্তী স্তরে শেখার, noun ও verb বাদে, অন্যান্য ধরনের শব্দের ব্যবহার ও জটিল বাক্য গঠনের উদাহরণ। ব্যাকরণগত ব্যাখ্যার আলোচনা রাখা আছে ‘ইংরেজি ব্যাকরণ রীতি বইটতে।

- এই বইটি ব্যবহারের সময় লক্ষ রাখতে হবে যে প্রতিটা পাঠের আরম্ভে শেখার বিষয়টা বাংলায় বুঝিয়ে বলা হয়েছে। এই অংশগুলো শিশু শিক্ষার্থীদের পড়ার জন্য নয়। যারা শেখাবেন তাঁরা এই ব্যাখ্যার অংশগুলো পড়ে নিয়ে শিশুদের প্রয়োজনমতো বুঝিয়ে বলবেন। এরপর শিক্ষার্থীরা পাঠের বাক্যগুলো জেরে জেরে পড়বে পরপর প্রতিটা শব্দে আঙুল দিয়ে ও বাক্যের অর্থটা বুঝে নিজের মতো করে বলবে তার মাতৃভাষায়। বাক্যগঠনের বিশেষ দিক ও নতুন শব্দের ব্যবহার এক একটা পাঠের শেষে বলা আছে, শিক্ষার্থীদের মনে রাখার সুবিধার জন্য।
- আজকাল শহরাঞ্চলে কিছু অবস্থাপন্ন ঘরে প্রায়শই ইংরেজিতে কথোপকথন হতে দেখা যায়। সেখানে শিশুদের হয়তো ইংরেজি মাধ্যমেই ইংরেজি ভাষা শেখানো সম্ভব ইংরেজি গদ্য ও পদ্য পড়িয়ে আর নতুন নতুন শব্দ ব্যবহার করিয়ে। কিন্তু অন্যত্র, বিশেষত গ্রামাঞ্চলে ছবিটা একেবারেই অন্য। ইস্কুলের লেখাপড়ায় অবশ্যপাঠ্য ইংরেজি ভাষা অধিকাংশ স্কুলপড়ুয়া শিশুর কাছে একটা বিদেশি ভাষা—সে ভাষায় কথা শোনা, বলা বা বইপত্রে লেখা দেখার সুযোগ এই শিশুদের রোজকার জীবনে আদৌ নেই। মূলত এদের কথা ভেবেই এই বইয়ে ব্যবহার করা হয়েছে মাতৃভাষার মাধ্যমেই দ্বিতীয় একটি ভাষা হিসাবে ইংরেজি শেখার সহজ কথোপকথন পদ্ধতি।

বইটি অনেকের মিলিত প্রয়াসের ফসল। বইটির বিভিন্ন অংশ লিখেছেন ও মতামত দিয়ে সমৃদ্ধ করেছেন: ইন্দ্রাণী ঘোষ (অবসরপ্রাপ্ত অধ্যাপিকা, ইংরেজি ভাষা ও সাহিত্য, বিধাননগর কলেজ, কলকাতা), রত্নাবলী ব্যানার্জি (অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, নতুন দিল্লি), দুর্বা মুখার্জি (গবেষক, ইংরেজি সাহিত্য, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি, কানপুর) ও সুতনু ভট্টাচার্য (অধ্যাপক, অর্থনীতি, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী)। সৌরলক্ষ্মী মেমোরিয়াল ট্রাস্টের শিক্ষাকেন্দ্রে পাঠগুলির প্রাথমিক প্রয়োগ করেছেন অহনা সরকার, পতিতপাবন পাল, ও দীপঙ্কর ভট্টাচার্য।

ফেব্রুয়ারি, ২০২০

ফুলডাঙা বিদ্যাচর্চা কেন্দ্র, বীরভূম

সুতনু ভট্টাচার্য

সূচিপত্র

মুখবন্ধ

কীভাবে ইংরেজি শেখা—এই বইয়ের পদ্ধতি

পাঠ 1. Adjective — গুণাগুণ, বৈশিষ্ট্য, ও তার তুলনা	9
1.1 Adjective শব্দের মূল কাজ	
1.2 Adjective শব্দের ধরন	
1.3 Adjective শব্দের কয়েকটি বিশেষত্ব	
1.4 তুলনা করতে adjective-এর ব্যবহার	
1.5 বিশেষ adjective রূপে determiner শব্দ	
পাঠ 2. Adverb—অবস্থা, বৈশিষ্ট্য, তুলনা, ও কাজকে সুনির্দিষ্ট করা	23
2.1 বিভিন্ন ধরনের adverb শব্দ	
2.2 Adverbial ও adverbial clause — বাড়তি অর্থ যোগ করে	
2.3 Adverb ব্যবহারের কয়েকটি নিয়ম	
পাঠ 3. Conjunction—বাক্যে শব্দ ও অংশের মধ্যে সংযোগ	38
পাঠ 4. একই নামের বারংবার উল্লেখের বদলে Pronoun ব্যবহার	44
পাঠ 5. ব্যক্তি, বস্তু, বা বিষয়ের উল্লেখকে নির্দিষ্ট করে Determiner	51
পাঠ 6. স্থান, দিক ও সময় নির্দেশ করতে Preposition ব্যবহার	55
6.1 সাধারণভাবে স্থানমাত্রের প্রেক্ষিতে ব্যবহার	
to, from, at, in, on towards, as far as till (until), since away (from), near for of, out of round, around, about by, beyond, past, before, after	
6.2 কোনও লম্বা স্থান বা রেখার প্রেক্ষিতে ব্যবহার	
to, on, from, off along, by, beside, across behind, in front of	
6.3 দৈর্ঘ্য ও প্রস্থসহ স্থান বা তলের প্রেক্ষিতে ব্যবহার	
on (on to), on, off upon, up on, across, round	
6.4 ত্রিমাত্রিক স্থান বা আয়তনের প্রেক্ষিতে ব্যবহার	
in (into), in (inside) out of, outside in, within in, during, through	
6.5 ওপর-নিচের স্তরভেদ বোঝানো	
up, down; over, under, underneath; above, below, beneath	
6.6 পারস্পরিক সম্পর্ক ও তুলনা বোঝানো	
with, without, against between, among (amongst) like, unlike, as	
6.7 অন্যভাবে preposition ব্যবহার	

1. 'To' Infinitive
2. Using infinitive or -ing form
3. Other uses of -ing form
4. Verb-ed and verb-ing
5. Wh-clause
6. That-clause
7. Reported speech
8. Concord
9. Copular or linking verb
10. Extraposition
11. End focus and end weight
12. Front position
13. Imperative
14. Exclamatory sentence
15. Subjunctive mood
16. Conditional clause and hypothetical past
17. Inclusive and exclusive 'We'
18. Existential 'There'
19. Impersonal 'It'
20. 'Get' passive
21. Ellipsis
22. Verbless sentence
23. Pied-piping
24. Tag question and Echo question
25. Fragmented and discontinuous sentence

পাঠ 1. Adjective — গুণাণ্ডণ, বৈশিষ্ট্য, ও তার তুলনা

যেসব শব্দ দিয়ে আমরা ব্যক্তি, বস্তু, বা বিষয়ের গুণাণ্ডণ, বৈশিষ্ট্য, অবস্থা বোঝাই, তুলনা করি বা সে সম্বন্ধে মতামত প্রকাশ করি, সেই শব্দগুলিকে ইংরেজি ভাষায় Adjective (অ্যাড্‌জেক্টিভ) বলে। এই শব্দগুলিকে আমরা অ্যাড্‌জেক্টিভ নাম দিয়েই বলব এখানে। আমাদের জানতে হবে কোন শব্দ ঠিক কী বোঝায়, এবং বাক্যে তার ব্যবহার কীভাবে, কী নিয়ম অনুসারে হয়।

1.1 Adjective শব্দের মূল কাজ

Adjective শব্দগুলির মূল কাজ মোটের ওপর চার ধরনের — ব্যক্তি, বস্তু, ও বিষয়ের গুণাণ্ডণ, বৈশিষ্ট্য, বা অবস্থা সম্বন্ধে সাধারণ মতামত দেওয়া, বিশেষ মতামত দেওয়া, বর্ণনা দেওয়া আর তুলনা করা —

1. কিছু শব্দ ব্যবহার হয় ব্যক্তি, বস্তু, ও বিষয়ের গুণাণ্ডণ, বৈশিষ্ট্য, অবস্থা সম্বন্ধে সাধারণ মতামত (general opinion) দিতে;
2. কিছু শব্দ ব্যবহার হয় ব্যক্তি, বস্তু, ও বিষয়ের নির্দিষ্ট ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ মতামত (specific opinion) দিতে;

প্রথম ধরনের শব্দগুলি সব ক্ষেত্রেই ব্যবহার করা যায়, যেমন ভালো (good), মন্দ (bad), ইত্যাদি। দ্বিতীয় ধরনটি কিন্তু নির্দিষ্ট বিশেষ বস্তু বা বিষয়ের ক্ষেত্রেই ব্যবহার হবে, যেমন, সুস্বাদু (tasty), আরামদায়ক (comfortable), ইত্যাদি। আমরা বলতে পারি, Ram is a good boy. The food is good. The chair is good. এগুলি হল সাধারণ মতামত। কিন্তু Ram is a clever boy. The food is tasty. It is a comfortable chair. হল বিশেষ মতামত। আমরা বলতে পারি না Ram is tasty. Ram is a comfortable boy.

3. কিছু শব্দ, যা মতামত নয়, ব্যবহার হয় ব্যক্তি, বস্তু, ও বিষয়ের গুণাণ্ডণ, বৈশিষ্ট্য, বা অবস্থার বর্ণনা দিতে (descriptive)—যেমন, A red dress. A beautiful flower.
4. আরও কিছু শব্দ আছে যা ব্যবহার হয় ব্যক্তি, বস্তু, ও বিষয়ের গুণাণ্ডণ, বৈশিষ্ট্য, বা অবস্থার তুলনা (comparative and superlative) করতে, যার উদাহরণ আমরা পরে দেখব।

1.2 Adjective শব্দের ধরন

ব্যক্তি, বস্তু, ও বিষয়ের গুণাগুণ, বৈশিষ্ট্য, বা অবস্থার সম্বন্ধে মতামত, বর্ণনা, বা তুলনা হতে পারে মোটামুটি মূল বারোটি দিক থেকে। সেই অনুযায়ী অ্যাড্জেকটিভ শব্দগুলোকে বারোটি ধরনে ভাগ করা যায়। এগুলি হল—

Appearance অ্যাপিয়ারেন্স দেখতে কেমন	Feelings (good) ফিইলিংস (গুড) ভালো অনুভব	Feelings (bad) ফিইলিংস (ব্যাড) খারাপ অনুভব
Size সাইজ পরিমাপ	Shape শেইপ্ আকৃতি	Condition কন্ডিশন্ অবস্থা
Taste/Touch টেইস্ট/টাচ্ স্বাদ	Touch টাচ্ স্পর্শ	Sound সাউন্ড ধ্বনি
Colour কালার বর্ণ	Time টাইম সময়	Quantity কোয়ান্টিটি পরিমাণ

এই বারোটি দিকের শব্দগুলির একটি সংক্ষিপ্ত তালিকা নিচে দেওয়া আছে। বাক্য গঠনে এগুলির ব্যবহার ঠিক কীভাবে হয় তার কয়েকটি নিয়ম আমাদের মনে রাখতে হবে। নিয়মগুলি আমরা উদাহরণ দিয়ে দেখাব। তিনটি মূল নিয়ম নিচে উল্লেখ করা হল—

1. যেসব বাক্যে কোনও কিছুকে ব্যক্তি, বস্তু বা বিষয় হিসাবে উল্লেখ করা হয়েছে, তারই গুণাগুণ, বৈশিষ্ট্য, বা অবস্থার কথা বলতে Adjective শব্দটি ওই বস্তু বা বিষয়টির ঠিক আগে বসবে—যেমন,

Ram is a boy. থেকে বলতে পারি Ram is a good boy.

This is a flower. থেকে বলতে পারি This is a beautiful flower.

Sita is a girl. থেকে বলতে পারি Sita is a clever girl.

2. যেসব বাক্যে সরাসরি ব্যক্তি, বস্তু, বা বিষয়টিকেই উল্লেখ করা হচ্ছে তার গুণাগুণ, বৈশিষ্ট্য, বা অবস্থা দিয়ে সেখানে শব্দটি বাক্যের সহায়ক শব্দটির (is, am, are, ইত্যাদি) ঠিক পরে বসবে—যেমন,

The flower is beautiful. The girl is beautiful. I am tired.

এক্ষেত্রে দেখা যাচ্ছে adjective বাক্যের সহায়ক শব্দটির শেষে যে অসম্পূর্ণতা আছে তাকে দূর করছে। এটি ছাড়া বাক্যটি হয় না।

10 ফুলডাঙা বিদ্যাচর্চা কেন্দ্র, বীরভূম

3. একই বাক্যে একাধিক adjective শব্দ ব্যবহারও হতে পারে। সে ক্ষেত্রে শব্দগুলি কী নিয়মে সাজাতে হবে—কোন ধরনের শব্দের পরে কোন ধরনের শব্দ বসবে? মতামত হলে তা বর্ণনার আগে বসবে, আবার সাধারণ মতামত বসবে বিশেষ মতামতের আগে—যেমন,

This is a nice comfortable chair.

This is a beautiful red flower.

It is a big white Indian cat.

কোনটার পরে কোন adjective শব্দ বসবে, তার নিয়মটি, যা সাধারণত ব্যবহার হয়, আমরা পরপর সাজাতে পারি এভাবে—

1	2	3	4	5	6	7	8
সাধারণ	বিশেষ	পরিমাপ	আকৃতি	বয়স	বর্ণ	জাতি	উপাদান
মতামত	মতামত						

এই সাধারণ নিয়মগুলি মনে রেখে আমরা এক একটি ধরনের adjective শব্দের বাক্যে ব্যবহার দেখব।

1. Appearance adjective (দেখতে কেমন বোঝায়)

adorable	মনোহর, অতি সুন্দর	gorgeous	জাঁকালো, জবরদস্ত
attractive	আকর্ষণীয়	graceful	সৌন্দর্যমণ্ডিত
beautiful	সুন্দর, সুশ্রী	handsome	সুন্দর
bright	উজ্জ্বল	homely	ঘরোয়া
clean	নির্মল, পরিষ্কার	long	দীর্ঘ, লম্বা
clear	স্পষ্ট, পরিষ্কার	magnificent	চমৎকার, বিশাল
cloudy	মেঘাচ্ছন্ন, অস্পষ্ট	muddy	কর্দমান্ত
colourful	রঙিন, নানা দিক সম্পন্ন	plain	সহজ, সাজসজ্জাহীন
crowded	ঠাসাঠাসি, ভিড়	precious	মূল্যবান
cute	সুন্দর, আকর্ষণীয়	sparkling	জ্বলজ্বলে, প্রদীপ্ত
dark	অন্ধকারময়, কৃষ্ণবর্ণ	spotless	নিষ্কলঙ্ক, নিখুঁত
drab	বৈচিত্রহীন	strange	অদ্ভুত, অপরিচিত
dull	ম্যাডম্যাডে, অনুজ্জ্বল	ugly	কুৎসিত, কুশ্রী
excited	উত্তেজিত	unusual	অসাধারণ

Appearance adjective দিয়ে বাক্য

Sita is a beautiful girl.

I do not like muddy roads.

It is a bright day.

She is wearing a dull dress.

You may expect cloudy weather in July.

Please do not wear that ugly dress again.

It is a long way to Bolpur.

The children wore colourful clothes.

2. Feelings adjective (অনুভব বোঝায়)

angry	রাগী	ill	অসুস্থ, খারাপ লাগা
anxious	উদ্ভিগ্ন, উৎকণ্ঠিত	jealous	ঈর্ষান্বিত
bad	খারাপ, মন্দ	kind	সদয়, স্নেহশীল
brave	সাহসী	lazy	অলস
calm	শান্ত	lively	প্রাণবন্ত, তাজা
cheerful	হাসিখুশি	lovely	সুন্দর, আনন্দদায়ক
comfortable	আরামদায়ক	lucky	সৌভাগ্যশালী, শুভ
courageous	নিভীক	nasty	নোংরা, ন্যাকারজনক
crazy	উন্মত্ত কল্পনায়ুক্ত, খেপা	naughty	দুষ্ট, দুর্বল
cruel	নিষ্ঠুর	nervous	স্নায়বিক উত্তেজনা
dangerous	বিপত্তজনক	nice	মনোরম, সদাশয়
dull	ভেঁতা, অনুভূতিহীন	obedient	বাধ্য
foolish	নির্বুদ্ধি, বোকা	pleasant	সুখকর, হাসিখুশি
friendly	বন্ধুত্বপূর্ণ	proud	গর্বিত, অহঙ্কারী
funny	অদ্ভুত, মজাদার, হাস্যকর	selfish	স্বার্থপর
good	ভালো	silly	বোকাটে, নির্বোধ
happy	সুখী	testy	একটুতে চটে যায়
healthy	স্বাস্থ্যকর	tired	ক্লান্ত
helpless	অসহায়	wicked	মন্দ, অনিষ্টকর
hungry	ক্ষুধার্ত	wonderful	বিস্ময়কর, অপূর্ব

Feelings adjective দিয়ে বাক্য

Ram is a good boy.

She is a brave girl.

Be a kind person.

He is not a happy child.

Ram is a nice boy.

She is a dull student.

He is not a bad student.

She is a cheerful person.

He is a foolish person.

Her daughter is a healthy baby.

You have obedient children in your class.

Her sister is a jealous person.

Did you see the dangerous animal?

The helpless people of the village were happy to get the fruits and biscuits you gave.

লক্ষ করো: আগের উদাহরণে dull শব্দটি appearance adjective হিসাবে ব্যবহার হয়েছিল, কিন্তু এখানে feelings adjective হিসাবে ব্যবহার হল।

The proud father told us about the success of his son.

Do not be a lazy boy.

3. Condition adjective (অবস্থা বোঝায়)

alive	জীবন্ত, জীবিত	fragile	ভঙ্গুর
annoying	বিরক্তিকর	helpless	নিঃসহায়
bad	খারাপ	horrible	ভয়ানক
breakable	ভাঙা যায়	inexpensive	শস্তা, কমদামি
busy	ব্যস্ত	poor	বেচারা, গরীব
dead	মৃত	powerful	শক্তিশালী, ক্ষমতাবান
different	পৃথক	rich	প্রাচুর্যে ভরা, ধনবান
difficult	কঠিন, সহজ নয়	tender	কোমল
expensive	ব্যয়সাধ্য, দামি	tough	ভাঙা বা কাটা শক্ত
famous	প্রখ্যাত	vast	প্রকাণ্ড, বিস্তীর্ণ

Condition adjective দিয়ে বাক্য

My sister is a busy person.

Poor families live in that village.

These glasses are fragile.

The house is in a bad condition.

These are expensive dresses.

Do not worry. The children are alive even after the horrible accident.

He is a powerful man.

He has a vast knowledge in mathematics.

4. Shape adjective (আকৃতি বোঝায়)

broad	চওড়া, প্রশস্ত	narrow	সংকীর্ণ, অপ্রশস্ত
chubby	গোলগাল	round	বৃত্তাকার, চক্রাকার
curved	বক্র, বাঁকানো	square	চৌকো
deep	গভীর	straight	সোজা
flat	সমতল	wide	চওড়া, বিস্তৃত

Shape adjective দিয়ে বাক্য

There are broad benches in the classroom. That wide road is good.
That narrow path will take you to my house. It is a deep well.
This table does not have a flat surface. Draw a straight line.

5. Size adjective (পরিমাপ বোঝায়)

big	বড়	little	ছোট, অল্প
fat	মোটা, বিশাল	short	সংক্ষিপ্ত, খর্ব, হ্রস্ব
great	বৃহৎ, মস্ত বড়	small	ক্ষুদ্র, সামান্য
huge	প্রকাণ্ড	tall	উচ্চ, লম্বা
large	বড় আকার	tiny	অতি ক্ষুদ্র

Size adjective দিয়ে বাক্য

My room is large. Your room is also not small. I am tall but my brother is short.
That boy is fat. There are little birds in the tree.
The school has a huge playground. My brother drives a big car.

6. Colour adjective (বর্ণ বোঝায়)

violet	বেগুনী	blue	নীল	green	সবুজ	yellow	হলুদ
orange	কমলা	red	লাল	black	কালো	white	সাদা
purple	বেগুনী-লাল	pink	গোলাপি	grey	ছাইরঙ	brown	খয়েরি

Colour adjective দিয়ে বাক্য

I have a red dress. Her hair is grey.
From the yellow leaves of the trees, we know autumn has come. She likes pink flowers.
My car is white. My sister has a black one. The brown bread made by my mother is for dinner.

7. Sound adjective (ধ্বনি বোঝায়)

deafening	কানে তালো ধরানো উচ্চ শব্দ	noisy	কোলাহলপূর্ণ
faint	ক্ষীণ, অতি মৃদু	quiet	শান্ত, চুপচাপ

clamorous	ক্রমাগত উচ্চ কলরবপূর্ণ	shrill	তীক্ষ্ণ আওয়াজ বা স্বর
loud	উচ্চরব	silent	নিশ্চুপ, শব্দহীন
melodic	মধুর সুর	soft	অনুচ্চ, মৃদু

Sound adjective দিয়ে বাক্য

She speaks in a <u>loud</u> voice.	It was a <u>quiet</u> afternoon.
There was <u>deafening</u> applause when she finished her speech.	The <u>noisy</u> children did not let me sleep.
She spoke in a <u>faint</u> voice.	Those were the times of <u>silent</u> movies.

8. Time adjective (সময়সূচক)

early	সকাল সকাল	fast	দ্রুত
late	দেরি করে, বিলম্বিত	long	দীর্ঘসময় ধরে
old	পুরাতন, প্রাচীন, বয়েসের মাপ	old-fashioned	পুরোনো, সেকেলে
quick	তাড়াতাড়ি	short	স্বল্পকাল
slow	ধীরে	young	নবীন

Time adjective দিয়ে বাক্য

How <u>old</u> are you?	She is a <u>young</u> girl.
We went to Bolpur for a <u>short</u> break.	With Holi before Good Friday, it will be a <u>long</u> weekend.
My aunt is an <u>old-fashioned</u> lady.	The clock is five minutes <u>fast</u> .

9. Quantity adjective (পরিমাণ বোঝায়)

abundant	প্রচুর	many	অনেকগুলি
any	যেকোনও	no	নেই
empty	শূন্য, খালি	numerous	বহুসংখ্যক
enough	যথেষ্ট	Ordinal numbers*	ক্রমপর্যায়ে স্থানসূচক সংখ্যা
few	অল্প	Some, a few	কয়েকটি, কিছু
light	হালকা	whole	সবটা, সমগ্র

মনে রাখো: *ক্রমপর্যায়ে স্থানসূচক সংখ্যা। আমরা পরে দেখব যে সাধারণ (cardinal number) সংখ্যাগুলি determiner হিসাবে ব্যবহার হয়।

Quantity adjective দিয়ে বাক্য

I need a <u>few</u> clothes.	<u>Few</u> students can solve this problem.
------------------------------	---

The child ate some biscuits.
She has many dresses.
There is no water in the bottle.
The third house to the left is
ours.

Do you want the whole cake?
We do not have enough rice.
The box is empty.
His rank was fifth in a class of
fifty.

লক্ষ্য করো: a few মানে অল্প কয়েকটি, কিন্তু শুধু few শব্দটি নেতিবাচক অর্থে ব্যবহার হয়—প্রায় নেই, অতি অল্প সংখ্যক।

10. Taste/Touch adjective (স্বাদ/স্পর্শ বোঝায়)

bitter	তিক্ত	rough	রক্ষ
cold	ঠাণ্ডা	salty	নোনতা
cool	শীতল	silky	রেশমী
delicious	সুস্বাদু	smooth	মসৃণ
dry	শুকনো	soft	নরম
fresh	টাটকা	sour	টক
greasy	তৈলাক্ত	spicy	মশলাদার
hard	শক্ত	stale	বিস্বাদ, টাটকা নয়
hot	গরম	sweet	মিষ্ট
juicy	বসালো	tasteless	স্বাদহীন
nutritious	পুষ্টিকর	tasty	সুস্বাদু
prickly	কাঁটার খোঁচা, চিড়বিড় করে	tender	মোলায়েম, কোমল
ripe	পাকা	wet	ভিজ়ে
rotten	পচা	yummy	অতি সুস্বাদু

Taste/Touch adjective দিয়ে বাক্য

The food was delicious.
These chillies are not hot.
She does not like spicy food.

The doctor advised her to take
fresh fruits.
This apple is ripe.
I got juicy grapes from the
market today.

He sleeps on a hard mattress.
In summer, sweat gives us a
prickly feeling.
Your hands are hot with fever.

I like soft pillows.
My mother gave me a silky
dress.
The ground was covered with
dry leaves.

লক্ষ করো: hot শব্দটি প্রথম বাক্যটিতে স্বাদ, ও পরেরটিতে স্পর্শের অনুভূতি বোঝাতে ব্যবহার হয়েছে।

1.3 Adjective শব্দের কয়েকটি বিশেষত্ব

অনেক সময়েই আমরা adjective শব্দকে পাই অন্য একটা নাইন (noun) শব্দ থেকে (যা ব্যক্তি, বস্তু, বা বিষয়ের নাম) শেষে -al, -ous, -ic, -y, -ful, বা -less যোগ করে। উদাহরণ—

globe—global fame—famous base—basic
sleep—sleepy beauty—beautiful home—homeless

বেশ কিছু adjective শব্দ আছে যেগুলির বিপরীত হয় ও তাই দুটি শব্দকে যুগল হিসাবে দেখা যায়, যেমন—

long—short wide—narrow big—small
good—bad useful—useless graceful—graceless
former—latter first—last top—bottom

আমরা আগে উল্লেখ করেছি যে adjective শব্দটি সাধারণত বস্তু বা বিষয়টির (noun) আগে অথবা সহায়ক শব্দের (be verb—is, am, are, ইত্যাদি) পরে বসে। কিছু শব্দের ক্ষেত্রে কিন্তু এই নিয়মটি নাও চলতে পারে— যেমন, বাক্যে asleep শব্দটি noun-এর আগে বসানো যাবে না। উদাহরণ— I found the child asleep. এখানে I found the asleep child হবে না। আবার শুধু sole শব্দটি, পরে কোনও noun ছাড়া be verb-এর পরে বা বাক্যের শেষে বসানো যাবে না—He is the sole breadwinner in the family. বাক্যটি লক্ষ করলে দেখা যায় শুধু sole শব্দটি একা is-এর পরে বসানো যাবে না। তার পরে একটি noun থাকতেই হবে, যেমন sole survivor, sole reason, sole owner ইত্যাদি।

কিছু ভারব শব্দের -ing ও -en/ed পার্টিসিপল রূপ অ্যাড্জেকটিভের কাজ করে। এগুলোকে বলা হয় পার্টিসিপল অ্যাড্জেকটিভ। এগুলো নাইন শব্দের আগে বসে অথবা অক্লিয়ারি ভারব (অথবা কিছু বিশেষ ভারব) শব্দটার পরে বসে বাক্যের অর্থকে সম্পূর্ণ করে।

tired, tiring	I am tired. It was a tiring job.
bored, boring	It is boring story. We are bored.
confused, confusing	The instructions are confusing. We are confused.
frightened,	It is a frightening story. Beware of frightened

frightening	snakes.
terrified, terrifying	That huge terrifying dog made us terrified.
thrilled, thrilling	We were thrilled. It was a thrilling music.
annoyed, annoying	The annoying noise made the neighbours annoyed.

পারটিসিপল অ্যাড্জেকটিভ হিসাবে ব্যবহার হয় এমন কিছু শব্দের তালিকা—

<u>-en/ed</u>	<u>-ing</u>	<u>-en/ed</u>	<u>-ing</u>
amazed	amazing	exhausted	exhausting
amused	amusing	frightened	frightening
annoyed	annoying	interested	interesting
bored	boring	relaxed	relaxing
charmed	charming	shocked	shocking
confused	confusing	tired	tiring
convinced	convincing	fascinated	fascinating
damaged	damaging	frustrated	frustrating
depressed	depressing	puzzled	puzzling
disappointed	disappointing	satisfied	satisfying
embarrassed	embarrassing	terrified	terrifying
excited	exciting	thrilled	thrilling

আরেকটি বিশেষত্ব হল, যেসব adjective কোনও মান সঙ্কে ধারণা দেয় (gradable), সেগুলির অধিকাংশের ক্ষেত্রে আমরা মানের তুলনাসূচক শব্দ পাই—যেমন, বাংলা ভাষায় আমরা পাই দীর্ঘ, দীর্ঘতর, দীর্ঘতম। ইংরেজিতে আমরা এই তুলনাসূচক adjective শব্দগুলি পাই মূল শব্দটির শেষে সাধারণত -er ও -est বসিয়ে, শব্দটির শেষে y থাকলে তাকে i করে নিয়ে। কয়েকটি তুলনাসূচক adjective শব্দ নিচে দেওয়া আছে।

1.4 তুলনা করতে adjective-এর ব্যবহার

আমরা তুলনা করে থাকি দুই ভাবে—সাধারণভাবে তুলনীয় (positive) মানটি অনুসারে দুইয়ের মধ্যে তুলনা (comparative), ও দুইয়ের বেশি অনেকের মধ্যে তুলনা (superlative)। তুলনাসূচক adjective শব্দগুলির তিনটি রূপ। প্রথম হল গ্রেডেবল (gradable) adjective শব্দের মানসূচক পজিটিভ (positive) রূপ, দুইয়ের মধ্যে তুলনায় কমপ্যারেটিভ (comparative) রূপ, ও অনেকের মধ্যে তুলনায় সুপারলেটিভ (superlative)রূপ।

মান সূচক শব্দ	দুইয়ের মধ্যে বেশি বা কম	অনেকের মধ্যে বেশি বা কম
<u>Positive</u>	<u>Comparative</u>	<u>Superlative</u>
long	longer	longest
short	shorter	shortest
big	bigger	biggest
small	smaller	smallest
high	higher	highest
tall	taller	tallest
sweet	sweeter	sweetest
large	larger	largest
wise	wiser	wisest
far	farther	farthest
happy	happier	happiest
old	older (elder)	oldest (eldest)
late	later	latest
bad	worse	worst
good	better	best
much (many)	more	most
little	less (lesser)	least

সাধারণ নিয়ম: দুইয়ের মধ্যে তুলনার সময় যার সঙ্গে তুলনা করা হচ্ছে তার আগে একটি বিশেষ শব্দ ব্যবহার হয়, than, এবং অনেকের মধ্যে তুলনা হলে সেই অনেকের আগে ব্যবহার হবে among বা of all বা of। এই দুটি বিশেষ শব্দ (preposition) সম্বন্ধে আমরা পরে জানব। যেসব adjective শব্দ মানসূচক নয়, যেমন beautiful, সেগুলির ক্ষেত্রেও তুলনার প্রয়োজন হতেই পারে। তখন আমরা ওপরের তালিকার শেষ দুটি সারির সাধারণ তুলনামূলক শব্দের সাহায্য নিই—more, most ও less, least—যেমন, more beautiful, most beautiful অথবা, less beautiful, least beautiful। এছাড়া, শুধুই তুলনাসূচক হিসাবেও আমরা কিছু adjective শব্দ পাই, যেমন—inner—innermost/inmost; former—foremost।

Positive ও comparative adjective-এর ব্যবহার

Positive adjective

Jadu is a tall boy.

Sita is a clever girl.

Comparative adjective

Ram is taller than Jadu.

Mita is cleverer than Sita.

Apple is sweet.

He used to live in a large house.

The prospect in the village was good.

He is a wise old person.

The children were merry playing with toys.

He always arrives late.

This is a difficult book.

Ram is ten years old.

We were happy to know that he got the job.

The distance of the school from our village is short.

There was little food available.

That is the first house in the village. It is near the road.

This is a beautiful house.

He is both clever and hardworking.

Honey is sweeter than apple.

He has now shifted to a larger house.

He went to the city for better prospects.

He will become wiser as he grows older.

They became merrier when they got icecream.

I arrived later than him.

That book is more difficult.

Jadu is older than Ram. They have an elder sister, Mita.

We became happier when he joined us.

We take a shorter route to go to our school.

We gave everyone less than what they usually get.

That is the last house in the village. It is nearer to the river.

That house is more beautiful.

He is more clever but less hardworking.

Comparative ও superlative adjective-এর ব্যবহার

Comparative adjective

Ram is wealthier than Jadu.

Jadu is cleverer than Ram.

She is a better singer than Ram.

That was a bad speech.

She has three daughters— Sita is elder to Mita and Mita is

Superlative adjective

He is the wealthiest person in the village.

He is the cleverest of the three.

She is the best singer.

That was the worst speech I heard today.

Sita is her eldest daughter.

elder to Gita.

That house is nearer to the river than this.

His house is far from our school, and mine is farther than his.

Ram is older than Jadu.

We all got less food than what we usually get.

In the afternoon it became hotter than the morning.

Shyam is more intelligent than Jadu.

That house is more beautiful than any other house in the village.

This house is nearest to the river.

That is the last house in the village and farthest from our school.

Shyam is the oldest boy in the class.

This is the least amount you can give her to eat.

This is the hottest day this summer so far.

He is the most intelligent boy in the class.

That is the most beautiful house among all the houses in the village.

লক্ষ করো: সাধারণত superlative শব্দের আগে 'the' শব্দটি ব্যবহার হয়।

কিছু adjective আছে যেগুলির নির্দিষ্ট একটিই মান হয় বলে তুলনা হয় না। তাই তাদের comparative ও superlative প্রয়োগ হয় না। উদাহরণ—

This is a square plot. We have weekly tests to assess the students.

আবার কিছু তুলনামূলক comparative ও superlative adjective আছে যেগুলির positive adjective রূপটি হয় না। উদাহরণ—

There are two opinions. The former opinion is more acceptable.

He was our former teacher; he now teaches in that school.

The leader of the football team took the foremost position.

The latter half of the football match was exciting.

In the latter half of the year, there was good monsoon.

There is a playground on the inner side of the fence and a road along its outer side.

There are many rooms in the temple. Did you visit the innermost room?

1.5 বিশেষ adjective রূপে determiner শব্দ

কিছু বিশেষ শব্দকে আগেকার নিয়মে নানা ধরনের অ্যাডজেক্টিভ হিসাবে বলা হত। এগুলোকে আজকাল determiner বলা হয়, যার আলোচনা পরে আছে।

সংখ্যার একটি বোঝাতে

On either side one can see trees. Each boy must play football.

দুইয়ের মধ্যে কোনওটাই নয় বোঝাতে

Neither report is good.

বিশেষ কোনও ব্যক্তি বা বস্তু বোঝাতে

Those mangoes are not ripe.

This boy is lazy.

কোনও ব্যক্তি বা বস্তু সম্বন্ধে প্রশ্ন করতে

Whose bag is this?

Which dress do you want?

What kind of person is he?

পাঠ 2. Adverb—অবস্থা, বৈশিষ্ট্য, তুলনা, কাজকে সুনির্দিষ্ট করা

বাক্যে যে ব্যক্তি, বস্তু, বিষয়ের (noun), গুণাগুণ, বৈশিষ্ট্য বা তুলনা (adjective) বলা হয়েছে বা যে কাজের (verb) কথা বলা হয়েছে তাকে adverb শব্দগুলি আরো সুনির্দিষ্ট (modify) করে।

বাক্যের বক্তব্যকে নানা দিক থেকে নির্দিষ্ট করা যেতে পারে। সেই অনুযায়ী adverb শব্দগুলিকে কয়েকটি সাধারণ ভাগে ভাগ করা যায়। এই ধরনের ভাগ কিছু সম্পূর্ণ হয় না। অনেক adverb শব্দই এই ভাগাভাগির মধ্যে আসে না। আবার একই শব্দ একাধিক ভাগে স্থান পেতে পারে। তার ওপর সমস্যা হল, কটা ভাগ করা ঠিক হবে তাও বলা যায় না। তাহলেও শব্দগুলির প্রয়োগ শেখার উদ্দেশ্যে আমরা মূল কয়েকটি ভাগে শব্দগুলির ব্যবহার দেখব—কী কাজে শব্দগুলির ব্যবহার হয়।

2.1 বিভিন্ন ধরনের adverb শব্দ

অধিকাংশ adverb শব্দের শেষে -ly অক্ষর দুটি আছে। ব্যক্তি, বস্তু, ও বিষয়ের নামসূচক শব্দ (noun), গুণাগুণসূচক (adjective) ও কাজসূচক (verb) শব্দগুলির শেষে -ly যুক্ত করে অধিকাংশ adverb পাওয়া যায়। কিছু গুণাগুণসূচক শব্দ আবার অপরিবর্তিত রূপেই বাক্যে adverb হিসাবে ব্যবহার হতে পারে। এছাড়া কিছু সংখ্যক শব্দ নিজস্ব রূপেই adverb হিসাবে ব্যবহার হয়। তাই আরেক ভাবে শব্দগুলিকে দুই ভাগে ভাগ করা যায়—যাবতীয় -ly adverb ও অন্যান্য বাকি adverb। আমরা যে বিভিন্ন ভাগে শব্দগুলির প্রয়োগ শিখব সেগুলি হল—

Time and Frequency	কোনও কাজ বা ঘটনার সময়টা বা কতবারকে নির্দিষ্ট করে
Place	কাজ বা ঘটনার স্থান, বা ব্যক্তি বা বস্তুর অবস্থানকে নির্দিষ্ট করে
Manner	কীভাবে বা কেমন করে কোনও কাজ বা ঘটনা হয়, হয়েছিল, বা হবে, তাকে সুনির্দিষ্ট করে
Degree and quantity	কোনও কাজ বা ঘটনার মাত্রা বা পরিমাণকে বোঝাতে ব্যবহার হয়
Reason or purpose	কোনও কিছু কেন ঘটেছে বা হয়েছে তার কারণ বা উদ্দেশ্য নির্দেশ করতে ব্যবহার হয়

Order	বস্তু, ব্যক্তি, বিষয় ও ঘটনার ক্রম বা আগে-পরে নির্দেশ করতে ব্যবহার হয়
Assertion	হ্যাঁ বা না ও সম্ভাবনাকে জোর দিয়ে বলতে এই শব্দগুলি ব্যবহার হয়
Comparison	তুলনা করতে ব্যবহার হয়; অনেকটা adjective-এর মতো শব্দগুলির রূপ
Interrogative	কয়েকটি শব্দ প্রশ্নের প্রথমে বসে প্রশ্নের বিশেষ অর্থটিকে সূচিত করে
Relative	কয়েকটি শব্দ বাক্যের মধ্যে বসে, পরবর্তী বাক্যাংশটির আগে, যা পূর্ববর্তী বাক্যাংশটি সম্বন্ধে তথ্য দেয়
Conjunctive adverb*	দুটি বাক্য বা বাক্যাংশের মধ্যে বিশেষভাবে সংযোগ স্থাপন করে

*Conjunctive adverb সম্বন্ধে পরে conjunction আলোচনায় বলা আছে।

এই ভাবে ভাগ করে adverb শব্দগুলির একটি সংক্ষিপ্ত তালিকা ও কয়েকটি বাক্যে ব্যবহারের উদাহরণ নিচে দেওয়া হল।

1. Time and frequency adverb (সময় সম্বন্ধে বলে)

কোনও কাজ বা ঘটনার সময়টা বা কতবারকে সুনির্দিষ্ট করে

after	পরে, পরবর্তীকালে	next	পরবর্তী
again	পুনরায়	normally	সাধারণত
already,	ইতিমধ্যে	now	এখন
meanwhile			
always	সর্বদা	occasionally	কখনে-সখনো
annually	প্রতি বছরে	often	প্রায়শই
before	আগে, পূর্বকালে	previously	এর আগে
constantly	প্রতিনিয়ত	quarterly	চতুর্থাংশ অন্তর, ত্রৈমাসিক
daily	রোজ, প্রত্যহ	rarely	দৈবাৎ, বিরল
during	কোনও সময় ধরে	recently	সম্প্রতি
earlier	পূর্ববর্তী	regularly	নিয়মিতভাবে
early	শীঘ্র, প্রারম্ভে, আগে	repeatedly	বারে বারে
eventually	ঘটনাক্রমে	seldom	কদাচিৎ
ever	কখনো, সর্বদা	since	সেই সময় থেকে

finally	পরিশেষে	sometimes	মাঝেসাঝে
first	প্রথম, সর্বপ্রথমে	soon	শীঘ্র
formerly	পূর্বতন, ইতিপূর্বে	still	এখনো, এ পর্যন্ত
fortnightly	পাঞ্চিক	then	তখন
frequently	মাঝে মাঝেই	thrice	তিনগুণ, তিনবার
generally	সাধারণত	today	আজ
hardly	প্রায় ঘটে না	tomorrow	আগামী কাল
hourly	প্রতি ঘন্টায়	tonight	আজ রাত
immediately	অবিলম্বে, তৎক্ষণাৎ	twice	দ্বিগুণ, দুইবার
infrequently	অনিয়মিত	usually	সাধারণত
just	একদম ঠিক, ঠিক তাই	weekly	সাপ্তাহিক
last	সর্বশেষ	when	যখন
late	বিলম্বে	while	যে সময়কালে, যদিও
lately	অধুনা, সম্প্রতি	yearly	প্রতি বছর, বার্ষিক
later	পরবর্তীকালে	yesterday	গতকাল
monthly	মাসিক	yet	এখনও, তখনও
never	কখনো নয়		

Time and frequency adverb শব্দগুলি দিয়ে বাক্য

সময় সম্বন্ধে

She cleans the house daily.

She cleaned the house yesterday.

She will clean the house tomorrow.

The exam will begin now.

Did you come late?

I shall come soon.

Have I seen him before?

You must leave early.

You must leave immediately.

I met her recently.

কতবার বোঝাতে

I might have gone there once or twice.

I have told you thrice to close the door.

He comes here often.

I have seen him once.

He seldom speaks with us.

He goes to Bolpur frequently.

Come again.

She hardly goes there.

He always brings toys for the children.

I have told her repeatedly not to eat sweets.

2. Place adverb (অবস্থান সম্বন্ধে বলে)

কাজ বা ঘটনার স্থান, বা ব্যক্তি বা বস্তু অবস্থানকে নির্দিষ্ট করে

about	চারিদিকে, কাছাকাছি	inside	অভ্যন্তরে
above	উর্ধ্বে	near	নিকটে, কাছাকাছি
abroad	বিদেশে	nearby	নিকটস্থ
anywhere	যেকোনও স্থানে	north	উত্তর দিকে
away	দূরে	nowhere	কোথাও নেই
back	পশ্চাতে, পৃষ্ঠদেশে	off	দূরে, বাহিরে
backward	পিছন দিকে	on	উপরতলে
backwards	পশ্চাদ্গামী	out	বাহিরে
behind	পিছনে	outside	বহির্ভাগে
below	তলায়	over	অপর পাশে, টপকে
down	নিচে	somewhere	কোথাও না কোথাও
downstairs	নিচের তলায়	south	দক্ষিণ দিকে
east	পূর্ব দিকে	there	ওখানে
elsewhere	অন্যত্র	toward	দিকে, নিকটস্থ হতে
everywhere	সর্বত্র	under	নিম্নে, কম করে, বশে
far	বহু দূরে	underground	মাটির নিচে
here	এখানে	up	ওপর দিকে, উচ্চে
home	গৃহের বা স্বদেশের দিকে	upstairs	ওপর তলায়
in	ভিতর হতে	west	পশ্চিম দিকে
indoors	বাড়ির ভিতরে	where	কোথায়

Place adverb শব্দগুলি দিয়ে বাক্য

Come here.

Come inside. It may rain.

The child follows his mother everywhere.

Up went the kite.

She lives nearby.

Do not go there.

I did not go anywhere.

The birds flew away.

She has gone upstairs.

Do not go far.

3. Manner adverb (আচরণ সম্বন্ধে বলে)

কোনও কাজ বা ঘটনার ধরনটা কেমন, কীভাবে তা নির্দিষ্ট করে

accidentally	দুর্ঘটনাক্রমে	madly	পাগলের মতো
angrily	রাগতভাবে	mortally	মারাত্মকভাবে

anxiously	উদ্ভিগ্ন হয়ে	mysteriously	রহস্যজনকভাবে
awkwardly	আনাড়ী ভাবে	neatly	পরিপাটি করে
badly	খারাপ ভাবে	nervously	ভীত সন্ত্রস্ত হয়ে
beautifully	সুন্দরভাবে	noisily	হৈ হট্টগোল করে
blindly	অন্ধভাবে	obediently	বাধ্য ভাবে
boldly	সাহসী, সপ্রতিভ ভাবে	openly	খোলাখুলিভাবে
bravely	সাহসিকতার সাথে	painfully	কষ্টকরভাবে
brightly	উজ্জ্বলভাবে	patiently	ধৈর্যের সাথে
busily	ব্যস্তভাবে	perfectly	সুচারুভাবে
calmly	শান্তভাবে	politely	বিনম্রভাবে
carefully	সাবধানতার সাথে	poorly	অপর্যাপ্ত, দীনহীন ভাবে
carelessly	অসাবধানে, অমনে	powerfully	শক্তভাবে
cautiously	সাবধানতার সাথে	promptly	তৎপরভাবে
cheerfully	আনন্দের সাথে	punctually	সময়নিষ্ঠভাবে
clearly	স্পষ্টভাবে	quickly	দ্রুত, চটপট করে
cleverly	চতুরভাবে	quietly	শান্তভাবে
closely	ঘনিষ্ঠভাবে	rapidly	তাড়াতাড়ি
correctly	সঠিকভাবে	rarely	কদাচিৎ, বিরল
courageously	সাহসিকতার সাথে	really	বাস্তবিকভাবে
cruelly	নিষ্ঠুরতার সাথে	recklessly	হঠকারীভাবে
daringly	দুঃসাহসী ভাবে	regularly	নিয়মিতভাবে
deliberately	ইচ্ছে করে	reluctantly	আনিচ্ছুকভাবে
doubtfully	সন্দেহ করে	repeatedly	বারেবারে
eagerly	উৎসাহের সাথে	rightfully	অধিকারের সাথে
easily	সহজেই	roughly	কর্কশভাবে
elegantly	সুরুচির সাথে	rudely	কঠোরভাবে
enormously	অতিশয়, বেশি করে	sadly	দুঃখের সাথে
enthusiastically	উৎসাহের সাথে	safely	নির্বিঘ্নে
equally	সমানভাবে	selfishly	স্বার্থপরভাবে
eventually	ফলস্বরূপ	sensibly	সুবুদ্ধির সাথে
exactly	একদম ঠিকভাবে	seriously	গুরুত্বের সাথে
faithfully	বিশ্বাসযোগ্য হয়ে	sharply	তীক্ষ্ণভাবে

fast	দ্রুততার সাথে	shyly	ভীক, লাজুকভাবে
fatally	সাংঘাতিকভাবে	silently	নীরবে
fiercely	হিংস্র ভাবে	sleepily	ঘুম ঘুম ভাবে
fluently	অনর্গল ভাবে	slowly	ধীরে
fondly	স্নেহের সাথে	smoothly	মসৃণভাবে
foolishly	বোকার মতো	so	সেইরূপে
fortunately	সৌভাগ্যবশত	softly	নরমভাবে
frankly	সরল, খোলাখুলি ভাবে	solemnly	যথাবিধি, আনুষ্ঠানিক ভাবে
frantically	উন্মত্তভাবে	speedily	দ্রুততার সাথে
generously	উদারভাবে	stealthily	গোপনে, চুপিচুপি
gently	আস্তে, স্নেহের সাথে	sternly	কড়া, কঠোর ভাবে
gladly	আনন্দের সাথে	straight	সোজা ভাবে
gracefully	সুন্দর করে	stupidly	বোকার মতো
greedily	লোভ করে	successfully	সাফল্যের সাথে
happily	সুখের সাথে	suddenly	আচম্বিতে, হঠাৎ
hard	কঠোরভাবে	suspiciously	সন্দেহজনকভাবে
hastily	তাড়াছড়ো করে	swiftly	দ্রুতবেগে
healthily	স্বাস্থ্যকর ভাবে	tenderly	নরম, কোমল ভাবে
honestly	সৎ ভাবে	tensely	উত্তেজিতভাবে
hungrily	ক্ষুধার্ত ভাবে	thoughtfully	ভাবনাচিন্তা করে
hurriedly	তাড়াতাড়ি করে	thus	এই ভাবে
ill	মন্দ, খারাপ ভাবে	tightly	শক্ত করে
inadequately	অপর্যাপ্ত ভাবে	truthfully	বিশ্বাসযোগ্য ভাবে
innocently	নিরীহ সরল ভাবে	unexpectedly	অপ্রত্যাশিত ভাবে
inquisitively	অনুসন্ধিৎসু হয়ে	victoriously	বিজয়ীর মতো
irritably	বিরক্ত হয়ে	violently	প্রবল ভাবে
joyously	খুশি মনে	warmly	উষ্ণ ভাবে
justly	যোগ্য ভাবে	weakly	দুর্বল ভাবে
kindly	দয়াপরবশ হয়ে	wearily	ক্লান্ত ভাবে
lazily	অলস ভাবে	well	ভালো, ঠিক ভাবে
loosely	ঢিলেঢালা ভাবে	wildly	উন্মত্তভাবে

loudly

উচ্চস্বরে, সকলকে
দেখিয়ে

wisely

বিচক্ষণতার সাথে

Manner adverb শব্দগুলি দিয়ে বাক্য

He spoke thus.

I am so happy to see you.

They behaved well.

I can ill afford the money to
buy this dress.

She speaks English fluently.

Come quickly.

She managed it cleverly.

We foolishly thought that he
would agree with us.

The students should read
carefully.

The old man walked slowly.

I won't have time to go out
today. Some guests have come
unexpectedly.

She waited patiently for you
the whole day.

It started to rain suddenly.

She welcomed them warmly.

4. Adverb of degree or quantity (মাত্রা বা পরিমাণ সম্বন্ধে বলে)

কোনও কাজ বা ঘটনার মাত্রা বা পরিমাণকে নির্দিষ্ট করে

absolutely

চূড়ান্ত ভাবে

lot

অনেক সংখ্যায়

almost

প্রায়, অনেকেংশে

most,

প্রায় সকলেই, প্রধানত,

mostly

সাধারণত

awfully

ভয়ংকর রূপে, অত্যন্ত

much

প্রচুর পরিমাণে

badly

খারাপ ভাবে

nearly

প্রায়, কাছাকাছি

barely

কোনওমতে, প্রায় নয়

partly

অংশত, আংশিক ভাবে

completely

সম্পূর্ণ রূপে

perfectly

একদম ঠিকভাবে

decidedly

সূনিশ্চিত রূপে

positively

নিশ্চিত ভাবে

deeply

গভীর ভাবে

practically

প্রায় অনেকটাই

enormously

খুব বেশি করে

pretty

মোটামুটি ভাবে

enough

যথেষ্ট পরিমাণে

purely

বিশুদ্ধ রূপে

entirely

পুরোটা, সম্পূর্ণ ভাবে

quite

সম্পূর্ণ রূপে

exceedingly

অত্যধিক ভাবে

rather

বরঞ্চ, কিছু মাত্রায়

extremely

চরম রূপে

really

বাস্তবিকই

fairly

ন্যায্য ভাবে, সুন্দরভাবে

scarcely

কোনওমতে

far

সুদূরে, অধিক পরিমাণে

simply

সহজ করে

fully	পুরোপুরি ভাবে	so	অত্যধিক, এতটাই
greatly	প্রচুর পরিমাণে	somewhat	কিছু পরিমাণে
hardly	অতি অল্প, প্রায় নয়	strongly	দৃঢ় ভাবে
highly	অত্যধিক	terribly	ভয়ানক ভাবে
how	কতটা, কেমন	thoroughly	আদ্যন্তভাবে
however	যেকোনও পরিমাণে বা ভাবে	too	আরও, প্রয়োজনের বেশি
incredibly	অবিশ্বাস্য ভাবে	totally	পুরোপুরি ভাবে
indeed	বড়তঃ, প্রকৃত পক্ষে	utterly	একেবারেই
intensely	তীব্র ভাবে	very	অতিশয়
just	যথাযথ ভাবে, এইটুকুই	virtually	দৃশ্যত
least	ন্যূনতম পরিমাণে	well	প্রচুর পরিমাণে
less	কম পরিমাণে	widely	বহুব্যাপী
little	অল্প পরিমাণে		

Adverb of degree or quantity শব্দগুলি দিয়ে বাক্য

I am <u>very</u> busy.	The work is <u>partly</u> done.
He is <u>somewhat</u> better now.	Breakfast is <u>almost</u> ready.
She was <u>exceedingly</u> courteous.	He is <u>too</u> busy to come and see us.
The farmers have to work <u>however</u> hot it is outside.	He is <u>much</u> respected in the village.
She dances <u>pretty</u> well.	He has travelled <u>widely</u> in India.

5. Adverb of reason or purpose (কারণ বা উদ্দেশ্য সম্বন্ধে বলে)

ঘটনার কারণ বা উদ্দেশ্য নির্দিষ্ট করে

একটা শব্দ

accidentally	দুর্ঘটনাক্রমে	accordingly	সেইমতো
as	যত, তত, যেভাবে	because	কারণ, যেহেতু
consequently	ফলত	hence	সুতরাং, এই কারণে
intentionally	ইচ্ছাকৃত ভাবে	purposely	উদ্দেশ্যমূলক ভাবে
since	যেহেতু	so	অতএব, সেই কারণে
therefore	অতএব	then	তাহলে
to	উদ্দেশ্যে	thus	এই ভাবে

as a result of	এর ফলে	even though	যদিও
for doing	এটা করতে	in case	এমন হলে
in order to	এই উদ্দেশ্যে	on account of	এই বাবদে
so as not to	এমনটা না করতে	so as to	এমনটা করতে
so that	যাতে করে		

Adverb of reason or purpose শব্দগুলি দিয়ে বাক্য

He is not well and <u>therefore</u> will not be able to go to Bolpur.	The playground was muddy. <u>Hence</u> , the boys could not play.
She hurt her foot and was <u>consequently</u> unable to come.	My mother was not well. <u>Accordingly</u> , we had to postpone our trip.
The event was cancelled <u>as a result of</u> bad weather.	She went to school <u>even though</u> she had fever.
The children could not play outdoors <u>because</u> it was raining.	I shall help the children <u>so that</u> they can finish the work on time.

6. Adverb of order (ক্রম বা পরস্পরা সম্বন্ধে বলে)

ঘটনার ক্রম বা আগে-পরে নির্দিষ্ট করে

First, second, third,...last	ইত্যাদি ক্রমপর্যায়ে স্থানসূচক সংখ্যা ও সেগুলির শেষে -ly যুক্ত করে
next	পরেরটি, এরপরে
in between	দুটির মাঝে
finally	অবশেষে
lastly	সর্বশেষে

Adverb of order শব্দগুলি দিয়ে বাক্য

I shall finish my homework <u>first</u> .	<u>Firstly</u> , the road is not good,
<u>Next</u> , I shall prepare breakfast.	and <u>secondly</u> , it is hot today.
<u>Finally</u> , add the fried fish and the curry will be ready.	<u>Lastly</u> , I would like to ask all the children to work hard.
The house is too small.	Ram reached <u>last</u> of all.
<u>Secondly</u> , the rooms are not airy.	
<u>Thirdly</u> , the house is far from the station.	

7. Adverb of assertion (হ্যাঁ বা না, ও সম্ভাবনাকে জোর দিয়ে বলে)

সম্ভাবনাকে জোর দিয়ে বলতে এই শব্দগুলি ব্যবহার হয়

certainly	অতি অবশ্যই	definitely	নিশ্চিতভাবে
indeed	সত্যিই	never	কখনোই না
no	না (নয় বোঝাতে)	not	নয়, না
perhaps	হয়তো	positively	অবশ্যই
possibly	সম্ভবত	probably	সম্ভবত
surely	অবশ্যই	yes	হ্যাঁ

Adverb of assertion শব্দগুলি দিয়ে বাক্য

I will certainly come. The application should reach him no later than the first week of June.

She should not go to school. He will surely do well in the exams.

A friend in need is a friend indeed. The doctor tried everything he possibly could do to save him.

8. Adverb of comparison (তুলনাসূচক)

তুলনা করতে শব্দগুলি ব্যবহার হয়, অনেকটা adjective-এর মতো

Positive Comparative Superlative

সাধারণ নিয়মে যেগুলির -er ও -est রূপ হয়

early earlier earliest

fast faster fastest

far farther farthest

hard harder hardest

high higher highest

late later latest

loud louder loudest

near nearer nearest

soon sooner soonest

সাধারণত -ly শব্দগুলির ক্ষেত্রে হয়

angrily more angrily most angrily

brightly	more brightly	most brightly
dimly	more dimly	most dimly
freely	more freely	most freely
gladly	more gladly	most gladly
heavily	more heavily	most heavily
loudly	more loudly	most loudly
quietly	more quietly	most quietly
sweetly	more sweetly	most sweetly
terribly	more terribly	most terribly

যে শব্দগুলির তুলনামূলক রূপ অন্যরকম হয়

badly	worse (than)	worst (the)
far	farther	farthest
far	further	furthest
little	less	least
much/many	more	most
well	better	best

মনে রাখো: farther ব্যবহার হয় দূরত্ব ও further ব্যবহার হয় আরো বোঝাতে।
good হল adjective আর well হল adverb।

Adverb of comparison শব্দগুলি দিয়ে বাক্য

Ram worked hard.

Shyam worked harder.

Jadu worked hardest.

Hari came home early.

Ram came earlier.

Jadu came earliest.

Sita sang well.

Mita sang better.

Gita sang best.

He did not eat much.

His sister ate more than he did.

Of the three, the youngest brother ate most.

I went far into the forest.

Ram went farther and Hari went farthest.

The boys played football skilfully.

Some boys played more skilfully.

Ram played most skilfully.

Ram played the most skilfully among all.

This game is played most frequently.

This is the most frequently played game.

লক্ষ্য করো: শেষে দুই জোড়া বাক্যের উদাহরণ। most-এর আগে the হবে না, যদি শেষে শুধু adverb শব্দটি থাকে। পরে আরো শব্দ থাকলে most-এর আগে the বসবে।

9. Interrogative adverb (প্রশ্নের বিশেষ অর্থকে নির্দেশ করে)

বাক্যের প্রথমে বসে প্রশ্নের বিশেষ লক্ষ্যটা কী বোঝায়

When	কখন	Where	কোথায়
How	কীভাবে	Why	কেন

Interrogative adverb শব্দগুলি দিয়ে বাক্য

When can I see him?

Where did you see him?

How are you?

Why did you not come?

10. Relative adverb (বাক্যের মধ্যে বসে আগের অংশটা সম্বন্ধে বলে)

বাক্যের মধ্যে বসে যা পূর্ববর্তী বাক্যাংশটি সম্বন্ধে তথ্য দেয়

When	কখন	Where	কোথায়
How	কীভাবে	Why	কেন

Relative adverb শব্দগুলি দিয়ে বাক্য

I went to Kolkata when the weather was pleasant.

We moved in 1990 to Bolpur, where we lived for ten years.

He will show the children how to play chess.

I do not know the reason why he was annoyed with me.

I know when he will reach Bolpur.

Do you know the house where he lives?

Can you tell me how to make it?

Can you give me a reason why you are late?

2.2 Adverbial ও adverbial clause — বাড়তি অর্থ যোগ করে

কখনো বাক্যে অতিরিক্ত একটি শব্দ বা কয়েকটি শব্দ মিলে একটি শব্দগুচ্ছ বাড়তি অর্থ যোগ করে। এই ভাবে ব্যবহার হলে শব্দটি বা শব্দগুচ্ছটিকে adverbial বলে। একই ভাবে যে অতিরিক্ত বাক্যাংশটি বাক্যে যোগ করা হয়েছে বাড়তি অর্থ জোগাতে, সেটিও adverbial, যাকে adverbial clause বলে। আগে আমরা কয়েকটি উদাহরণ দেখব—

একটি করে শব্দ adverbial

The annual function was carefully planned.

Suddenly she left for the office.

The boy ran off hurriedly.

We meet regularly every Sunday.

ওপরের বাক্যগুলিতে নিচে দাগ দেওয়া এক একটি শব্দ adverbial হিসাবে কাজ করছে। লক্ষ্য করো, এগুলি বাক্যে অতিরিক্ত, মানে এগুলি না দিলেও বাক্যটির মূল অর্থটা পাল্টায় না। এগুলি শুধুই বাড়তি অর্থ জোগায়—যেমন, কখন, কোথায়, কীভাবে, কেন অথবা কতক্ষণ ধরে, কতটা, কতদূরে, কত তাড়াতাড়ি ইত্যাদি। দ্বিতীয়ত, বাক্যের মধ্যে এগুলির স্থানটি আগে-পরে করা যায়, যেমন ওপরের বাক্যগুলিতে দেখানো হয়েছে।

কয়েকটি শব্দ মিলে একটি শব্দসমষ্টি ও বাক্যাংশকে (clause) বাক্যের মধ্যে adverbial-এর কাজ করতে দেখব।

Adverbial clause বাক্যাংশ

I saw Ram waiting outside the school.

We have to build the house before the rainy season.

At midnight, I looked through the window to see the stars in the sky.

Last evening, she completed her work as soon as she could.
Sita is studying to do well in the exams.

She looked at me in a strange way.

Frankly, I don't care what you say.

The annual function was planned carefully.

She left suddenly for the office.

The boy hurriedly ran off.

We meet every Sunday regularly.

ওপরের বাক্যগুলিতে নিচে দাগ দেওয়া এক একটি শব্দ adverbial হিসাবে কাজ করছে। লক্ষ্য করো, এগুলি বাক্যে অতিরিক্ত, মানে এগুলি না দিলেও বাক্যটির মূল অর্থটা পাল্টায় না। এগুলি শুধুই বাড়তি অর্থ জোগায়—যেমন, কখন, কোথায়, কীভাবে, কেন অথবা কতক্ষণ ধরে, কতটা, কতদূরে, কত তাড়াতাড়ি ইত্যাদি। দ্বিতীয়ত, বাক্যের মধ্যে এগুলির স্থানটি আগে-পরে করা যায়, যেমন ওপরের বাক্যগুলিতে দেখানো হয়েছে।

কয়েকটি শব্দ মিলে একটি শব্দসমষ্টি ও বাক্যাংশকে (clause) বাক্যের মধ্যে adverbial-এর কাজ করতে দেখব।

I have come back to my old school.

Before the rainy season, we have to build the house.

She served rice, adding a little butter.

She hurriedly left yesterday evening to meet her teacher.
They play in the garden in summer.

In summer, they go to school early to play football every morning.

Fortunately, no one was killed in the accident.

ওপরের বাক্যগুলিতে লক্ষ করো: যদিও এগুলি সাধারণত adverb শব্দ হয়, কিন্তু অন্য ধরনের শব্দও এই কাজটি করতে পারে। দ্বিতীয়ত, একটি বাক্যে একাধিক adverbial ব্যবহার হতে পারে। তৃতীয়ত, adverbial clause-এর স্তূনটিও আগে-পরে করা যায়। খেয়াল করতে হবে, বাক্যের প্রথমে adverbial clause নিয়ে আসলে তার শেষে কমা চিহ্নটি দেওয়া আবশ্যিক।

She looked at me in a strange way.

In a strange way, she looked at me.

2.3 Adverb ব্যবহারের কয়েকটি নিয়ম

বাক্যের গঠন অনুযায়ী বাক্যের মধ্যে adverb শব্দটি বিভিন্ন স্থানে শব্দটি বসতে পারে। আমরা পাঁচটি ভাগে দেখব কখন কোথায় adverb বসবে।

বাক্যের আরম্ভে –

Fortunately, he reached home before the rain started.

Sometimes, we give biscuits to the street dogs.

সহায়ক শব্দ ও মূল কাজ শব্দটির মাঝে –

We were extremely tired after working all day.

He had already reached when we arrived.

বাক্যে সহায়ক শব্দটিই (be verb) বাক্যের কাজ শব্দ হলে তার পরেই –

He is very good at mathematics.

He was lucky to escape the accident.

বাক্যে সহায়ক শব্দ না থাকলে মূল কাজ শব্দটির আগে বা পরে –

She blindly follows what her teacher says.

She follows blindly what her teacher says.

We often go to Bolpur.

We go often to Bolpur.

বাক্যের শেষে –

I fell and hurt my leg badly.

He could not pronounce my name correctly.

আগের অধ্যায়ে adjective সম্বন্ধে জেনেছি বাক্যে পর পর কয়েকটি adjective শব্দ থাকলে কোনটির পরে কোনটি বসে তার নিয়মটি। বাক্যে একাধিক adverb-য়ের ক্ষেত্রে এই রকম কোনও নিয়ম সাধারণত প্রয়োজন হয় না। কারণ, বহু সময়েই শব্দটি adverbial হিসাবে প্রয়োগ হয় বলে তাকে বাক্যের মধ্যে আগে-পরে করা যায়। তাহলেও, বাক্যে একাধিক adverb থাকলে তাদেরকে

কীভাবে পর পর সাধারণত রাখা হয় বাক্যটিকে সাবলীল করতে, তা নিচের বাক্যে দেখানো হল। অবশ্য এই ধরনের বাক্য আমরা কদাচিৎ পাই—

Ram runs enthusiastically on the playground every morning before six o'clock to practise for the annual sports.
He goes hurriedly into town every evening before dinner to get some fruits.

এই বাক্যদুটিতে আমরা দেখব কীভাবে adverb সাজানো হয় —

Verb Manner Place Frequency Time Purpose
এভাবে সাজানোকে কোনও সাধারণ নিয়ম হিসাবে না ধরাই ভালো। বরং, বলা যায় যে ক্ষুদ্রতর adverbial-কে দীর্ঘতর adverbial-এর আগে রাখতে হবে, যেমন— I take a brisk walk after dinner for last twenty years.

দ্বিতীয়ত মনে রাখতে হবে, বাক্যে যদি একই ধরনের কয়েকটি adverb থাকে (যেমন, adverb of manner, place, frequency ইত্যাদি) তাহলে যেটি অধিকতর বৈশিষ্ট্য দেয় তাকেই আগে রাখতে হবে, যেমন—

I promised him to go for lunch on next Tuesday.

বিশেষ করে খেয়াল রাখতে হবে adverb-কে ভুল জায়গায় যেন বসানো না হয়, কারণ তাহলে বাক্যের অর্থটাই পাল্টে যাবে, যেমন—

I told you to open the door thrice.

I told you thrice to open the door.

প্রথম বাক্যের মানে, দরজা তিনবার খুলতে বলা। আর দ্বিতীয় বাক্যের মানে, তিনবার বলা দরজা খুলতে।

পাঠ 3. Conjunction—বাক্যে শব্দ ও অংশের মধ্যে সংযোগ

বাক্য গঠনের সময় প্রায়ই প্রয়োজন হয় দুটি একই ধরনের শব্দের মধ্যে সংযোগ রাখা, বা বাক্যের দুটি অংশের মধ্যে সংযোগ স্থাপন করা। এই কাজটি করতে যেসব শব্দ ব্যবহার করা হয় তাদের আমরা conjunction (কন্জাংশন) বলি।

Conjunction হিসাবে শব্দের ব্যবহারকে মোট চারটি ভাগে দেখা যায়—

Coordinating	সমতুল শব্দ, বা বাক্যের অংশের মধ্যে সংযোগ স্থাপন করে;
Subordinating	বাক্যের স্বনির্ভর ও পর-নির্ভর অংশের মধ্যে সংযোগ স্থাপন করে, বা একটি বক্তব্যের স্রোতে অন্য একটি নির্ভরশীল বক্তব্যকে আনে;
Correlative	শব্দগুলি জোড়ায় ব্যবহৃত হয় ও সমতুল শব্দ বা বাক্যের অংশের মধ্যে সংযোগ স্থাপন করে;
Adverbial	বাক্যের দুটি স্বনির্ভর অংশের মধ্যে সংযোগ স্থাপন করে ও অর্থপূর্ণ সম্বন্ধ দেখায়।

আমরা এই চারটি ভাগে যে শব্দগুলি ব্যবহার হয় তার সংক্ষিপ্ত তালিকা ও বাক্যে ব্যবহারের কিছু উদাহরণ দেখব।

1. Coordinating conjunction

সমতুল শব্দ, বা বাক্যের অংশের মধ্যে সংযোগ স্থাপন করে।

and এবং	but কিন্তু	or অথবা	nor এটাও নয়
for জন্য, যেহেতু	yet তাহলেও	so যে কারণে	

Coordinating conjunction দিয়ে বাক্য

Ram and Jadu went to school. You may come today or tomorrow.

Her home is near the school and next to my house. The children will have bread, butter and fruits for breakfast.

Sita spent her summer vacation playing with her sister, reading stories, and cooking. My village is far from the station but near the school.

Ram and Hari like to play football, but they do not like I want to be a swimmer, so I am taking this training on

cricket.

I had fever, so I went to see a doctor.

It is a small house, yet it is comfortable.

He did well in the exams, for he studied hard.

Ram does not like to play football and nor does Hari.

swimming.

Jadu ran very fast, yet he could not beat Ram.

Do not waste a drop of water, for it is very scarce here.

Ram does not like mangoes, nor does he like apples.

Ram will not come here, nor will Jadu.

লক্ষ্য করো: কোথায় কমা চিহ্ন দেওয়া হচ্ছে। nor শব্দটি এই ব্যবহারে সহায়ক (does) শব্দটির আগে আসছে।

শব্দ, শব্দসমষ্টি, বা বাক্যাংশের মধ্যে coordinating conjunction ব্যবহার হতে পারে সেগুলির মধ্যে সম্পর্ক থাকলে তবেই। দ্বিতীয়ত, দুটি বাক্যাংশ বা দুইয়ের বেশি শব্দের সংযোগ স্থাপন করতে বাক্যের মাঝে coordinating conjunction শব্দটির আগে কমা চিহ্ন ব্যবহার প্রয়োজন হয়।

সাবেকি নিয়মে বাক্যের আরম্ভে coordinating conjunction, বিশেষত and ও but ব্যবহার বারণ করা হয়। কারণ, আরম্ভেই conjunction থাকলে বাক্যাংশটি অসম্পূর্ণ হয়ে পড়ার সম্ভাবনা এসে পড়ে। কখনো লেখা বা বলার বিশেষ প্রয়োজনে বাক্যের আরম্ভে coordinating conjunction রাখলে এই বিষয়টি নজরে রাখতে হবে।

বিশেষ কারণে বাক্যের আরম্ভে but ব্যবহার প্রয়োজন হতে পারে আগের বাক্যের বিপরীতে অন্য ঘটনাকে জোর দিয়ে বলতে, যেমন—

They decided to transfer me to Nagaland and I was much worried about it. But for your intervention, I could not get a transfer to Delhi in place of Nagaland.

একই ভাবে আগের বিবৃত ঘটনার ফলাফল হিসাবে একটি নতুন ঘটনাকে জোর দিয়ে বলতেও বাক্যের আরম্ভে and ব্যবহার হতে পারে, যেমন—

The fight between them was continuing for several years and many people were killed. So people appealed to the King to intervene and stop their fight. And he did it.

2. Subordinating conjunction

বাক্যের স্বনির্ভর ও পর-নির্ভর অংশের মধ্যে সম্বন্ধ স্থাপন করে।

after	পরে	although	এতদসত্ত্বেও
as	যে কারণে	as soon as	যত শীঘ্র সম্ভব
because	কারণ, যেহেতু	before	আগে
by the time	সেই সময়ের মধ্যে	even if	এমনটা হলেও
even though	তা সত্ত্বেও	every time	প্রতিবারই
if	যদি	in case	এমনটা যদি হয়
now that	এখন যেহেতু	once	একবার
since	যেহেতু	so that	যাতে
than	বদলে	though	যদিও
unless	যদি না	until	যতক্ষণ না
when	যখন	whenever	যখনই হোক
wherever	যেখানেই হোক	whether or not	হোক বা না হোক
while	যে সময়ে, যদিও	why	কেন

Subordinating conjunction দিয়ে বাক্য

বাক্যের প্রথমে স্বনির্ভর ও শেষে পর-নির্ভর বাক্যাংশ, কমা ছাড়া

I will go to Bolpur if the weather is fine.

She went to school after finishing her homework.

I live in Kolkata, while my brother lives in Bolpur.

I shall ask Sita to come tomorrow so that you can meet her.

You can go to her house whenever you like.

She takes her dogs with her wherever she goes.

বাক্যের প্রথমে পর-নির্ভর বাক্যাংশ, ও কমা দিয়ে শেষে স্বনির্ভর বাক্যাংশ

If the weather is fine, I will go to Bolpur.

Unless you come with me, I will not go to Bolpur.

I will not go to Bolpur unless you come with me.

We played inside the house because it was raining.

We will go to the function once you are ready.

There are birds in that tree though you cannot see them.

You cannot go out to play until you finish your homework.

I shall finish the work before I go home.

When weather permits, I will go to Bolpur.

After finishing her homework, she went to school.

While my brother lives in Bolpur, I live in Kolkata.

Though you cannot see them, there are birds in that tree.

Whenever you like, you can go to her house.

Wherever she goes, she takes her dogs with her.

Because it was raining, we played inside the house.

Once you are ready, we will go to the function.

Until you finish your homework, you cannot go out to play.

Before I go home, I shall finish the work.

মনে রাখো: পর-নির্ভর বাক্যাংশটিকে সামনে রাখলে কমা দিতে হবে। সব বাক্যেই যে ইচ্ছে মতো পর-নির্ভর বাক্যাংশটিকে সামনে রাখা যাবেই এমন নয়—যেমন, ওপরে so that দিয়ে বাক্যটি।

বাক্যের স্বনির্ভর ও পর-নির্ভর অংশের মধ্যে সংযোগ রাখতে subordinating conjunction-এর ব্যবহারের ফলে মূল স্বনির্ভর অংশের বক্তব্যটির ওপর গুরুত্ব আরোপিত হয় ও তার স্থান, কাল বা কার্যকারণ সম্বন্ধে পর-নির্ভর অংশটি যুক্ত হয়।

3. Correlative conjunction (জোড়ায় ব্যবহৃত, বাক্যের সমতুল শব্দ ও অংশের মধ্যে সংযোগ রাখে)

as/as	ওটার মতো এটা	both /and	এটা ওটা দুটোই
not only/but also	শুধু তাই নয় উপরন্তু	hardly/ when	কোনওমতে শেষ মুহূর্তে
either/or	এটা অথবা ওটা	if /then	যদি হয় তাহলে
neither/nor	এটাও নয় ওটাও নয়	scarcely/ when	কোনওমতে শেষ মুহূর্তে
no sooner/than	কাজটি হওয়ামাত্র	rather /than	বদলে বরং
such /that	এমন করে যাতে	whether /or	হয় এটা, নয় ওটা

Correlative conjunction দিয়ে বাক্য

Either you learn dancing or join the music class.

I do not know whether she will come with us or stay back in Bolpur.

No sooner had I finished cooking than the children

Neither Ram nor Hari knows how to cook.

Both painting and music are taught in that school.

These biscuits are not as delicious as those made by my

came running for dinner.

mother.

She is not only beautiful but also intelligent.

Not only is she a good dancer, but she is also a bright student.

Such was the condition of the road that it would have been difficult to take mother with us.

He would rather stay at home than go to the function.

Correlative conjunction ব্যবহারের তিনটি বিষয় খেয়াল রাখতে হয়—

- কাজ শব্দের (verb) সায়ুজ্য রেখে প্রয়োগ হতে হবে বাক্যের সম্পর্কিত অংশে;
- ব্যক্তি, বস্তু বা বিষয় নির্দেশকারী শব্দগুলির (pronoun) সায়ুজ্য থাকতে হবে;
- বাক্যের যুগল অংশ দুটির কাঠামোগত মিল থাকতে হবে।

4. Adverbial conjunction (সমতুল শব্দ বা স্বনির্ভর অংশের মধ্যে সংযোগ স্থাপন করে)

above all	সর্বোপরি	accordingly	সেই অনুযায়ী
additionally	উপরন্তু	again	পুনরায়
almost	প্রায় সম্পূর্ণ	anyway	যাইহোক
as a result	এর ফলে	besides	তাছাড়া
certainly	নিশ্চিতভাবে	comparatively	তুলনামূলকভাবে
consequently	এর ফলে	contrarily	উল্টোদিকে
conversely	বিপরীতে	elsewhere	অন্যত্র
equally	সমভাবে	eventually	পরিশেষে
finally	অবশেষে	further	অধিকন্তু
furthermore	অধিকন্তু	hence	সুতরাং
henceforth	এরপর থেকে	however	যাইহোক
in addition	তার ওপরে	in comparison	তুলনামূলকভাবে
in contrast	বিপরীতে	in fact	আসল কথা হল
incidentally	ঘটনাক্রমে	indeed	বাস্তবিকই তাই
instead	পরিবর্তে	just as	তারই মতো
likewise	অনুরূপভাবে	meanwhile	ইতিমধ্যে
moreover	তার ওপরে	namely	যথা
nevertheless	যাই হোক না কেন	on the other hand	অন্য, আরেক দিকে
nonetheless	তৎসত্ত্বেও	notably	লক্ষণীয়ভাবে
now	এখন	next	এরপর
otherwise	এটা না হলে	rather	বরঞ্চ

similarly	অনুরূপভাবে	still	এখনো, এতদসত্ত্বেও
subsequently	তার পর থেকে	that is	অর্থাৎ, তার মানে
then	তখন	thereafter	তারপর থেকে
therefore	অতএব	thus	এই অনুসারে
undoubtedly	নিঃসন্দেহে	uniquely	বিশেষভাবে

Adverbial conjunction দিয়ে বাক্য

শব্দগুলিকে বাক্যের মাঝে ব্যবহার করলে আগের অংশটির পরে সেমিকোলন (;) ও শব্দটির পরে কমা (,) দিতে হবে।

You must work hard;
otherwise, you will not do well
in the exams.

I wanted to spend the summer
in Darjeeling; however, my
mother wanted to stay in
Bolpur.

It started to rain; consequently,
the children could not play
outside.

We have to finish this work; in
addition, we need to clean the
room.

She was cooking dinner;
meanwhile, I cleaned the
house.

The summer vacation starts
from next week; finally, I can
go home.

Adverbial conjunction শব্দগুলিকে বাক্যের প্রথমে ব্যবহার করলে শব্দটির পরেই কমা (,) দিতে হবে। আগে আলোচিত subordinating conjunction-এর সঙ্গে এর পার্থক্য লক্ষ্য করো; সেখানে কমা ব্যবহার হয় না।

Ram has fever. Therefore, he
will eat boiled vegetables and
bread.

She wants to come to Bolpur
tomorrow. Accordingly, I have
asked Ram to receive her at the
station.

The children from our school
danced well. In comparison,
the children from the other
school were not so good.

You must work sincerely and
be nice to your friends in the
hostel. Above all, you must
take care of your health.

It gets too hot in Bolpur.
Henceforth, summer vacation
will start a week earlier.

He is not very intelligent.
Nevertheless, he does fairly
well in the exams.

পাঠ 4. একই নামের বারংবার উল্লেখের বদলে Pronoun ব্যবহার

ব্যক্তি, বস্তু, ও বিষয়কে আমরা তার নাম (noun) দিয়ে উল্লেখ করি। কোনও কিছু সম্বন্ধে পর পর বাক্যে বার বার তার নাম এসে যেতে পারে—যেমন, Ram is a good boy. Ram lives here. Ram goes to school.। এই ক্ষেত্রে বার বার Ram নামটার পুনরাবৃত্তি না করে তাকে বোঝাতে আমরা He শব্দটা ব্যবহার করে থাকি—Ram is a good boy. He lives here. He goes to school.। এখানে He শব্দটা হল Pronoun (প্রোনাম)। পর পর বাক্যে বারংবার একই নামের উল্লেখের বদলে সেই ব্যক্তি, বস্তু বা বিষয়কে বোঝাতে যে শব্দগুলি ব্যবহার করা হয় তাকে প্রোনাম বলে। এই শব্দগুলি ব্যবহারের মূল উদ্দেশ্য হল বাক্যে ব্যক্তি, বস্তু, বিষয়ের নামটির পুনরাবৃত্তি না করা।

মোট নয়টি ভাগে আমরা এই শব্দগুলি ব্যবহার দেখব ও কখন কোন pronoun শব্দ বাক্যে কীভাবে ব্যবহার হচ্ছে তা লক্ষ করব। এটা জেনে রাখলে বাক্যগঠনে ভুল হবে না। মনে রাখতে হবে, একই শব্দ কিন্তু বিভিন্ন ভাগে থাকতে পারে, ভিন্ন ভিন্ন ভাবে ব্যবহারের কারণে।

Personal	নির্দিষ্ট কোনও ব্যক্তি, বস্তু, প্রাণী, উদ্ভিদ, বা বিষয়কে উল্লেখ করতে তার নামের বদলে ব্যবহার হয়;
Possessive	কে বা কারা কিছুর অধিকারী নির্দেশ করে;
Intensive	শেষে যুক্ত করা হয় জোর দিয়ে বলতে;
Reflexive	Intensive pronoun-য়ের আরেক ভাবে ব্যবহার— বাক্যের কর্তাই (subject) যদি কাজের ফল বা সম্বন্ধটিতে আবার উল্লেখ করা হয়;
Demonstrative	স্থান বা সময়ে কাছের বা দূরের কিছুকে নির্দেশ করে;
Indefinite	নির্দিষ্ট না করে সকল, যে কোনও, একটি, বা একটিও নয়-কে নির্দেশ করে;
Interrogative	প্রশ্ন করতে ব্যবহার হয়;
Relative	বাক্যের অংশের মধ্যে সম্বন্ধ নির্দেশ করে;
Reciprocal	দুই বা তার বেশি ব্যক্তির কাজের উদ্দেশ্য বা ফল তারাই হলে তাদের নির্দেশ করে।

1. Personal pronoun

শব্দগুলি কোনও ব্যক্তি, বস্তু, প্রাণী, উদ্ভিদ, ও বিষয়ের নামের বদলে বলা হয়।

বাক্যে কীভাবে ব্যবহার হচ্ছে—subject না object হিসাবে—সেই অনুযায়ী এই শব্দগুলির রূপ সাধারণত পাল্টায়। বাক্যে বলা যে ব্যক্তিটি (বা বস্তু বা বিষয়) কাজটি করে (কর্তা), তাকে subject এবং কাজটির উদ্দেশ্যে বা লক্ষ্যে যে ব্যক্তি (বা বস্তু বা বিষয়) আছে তাকে object বলা হয়।

Subject form (কর্তা)

it	এটা
you	তুমি, তোমরা
I	আমি
he	ও (পুং)
she	ও (স্ত্রী)
they	ওরা
we	আমরা

Object form (উদ্দেশ্য বা লক্ষ্য)

it	এটাকে
you	তোমাকে, তোমাদেরকে
me	আমাকে
him	ওকে (পুং)
her	ওকে (স্ত্রী)
them	ওদেরকে
us	আমাদেরকে

বাক্যে subject আর object-কে স্পষ্ট করে বুঝে নিতে হবে। He gave me books.— বাক্যটিতে he হচ্ছে subject এবং me হচ্ছে object। এই বিষয়টি মনে রাখলে নিচের উদাহরণগুলিতে বোঝা যাবে কখন কোনটা বলা হয়—কখন I হবে আর কখন me হবে।

Personal pronoun দিয়ে বাক্য

Sita and Mita went to the village school. They spoke to the children.

I might see him tomorrow.

It may not work.

He took them to school.

I told you to finish the work.

Bolpur will be hot for us in May.

He told me to give it to you.

Ram and Hari went to the hospital. They met the patients and gave them fruits.

She lives in Kolkata.

They played football.

Put it in the bag.

This dress is not for her.

We will go with them to Darjeeling in summer.

He would be visiting them tomorrow.

লক্ষ্য করো: ওপরের বাক্যগুলিতে subject আর object-এর পার্থক্য।

2. Possessive pronoun

Subject

it its এটার

Subject

I mine আমার

you	your	তোমার	she	hers	ওর (স্ত্রী)
he	his	ওর (পুং)	we	ours	আমাদের
you (plural)	yours	তোমাদের	they	theirs	ওদের

লক্ষ করো: এই শব্দগুলির শেষে apostrophe –s হয় না—it's নয়, its, theirs' নয়, theirs।

Possessive pronoun শব্দগুলি মালিকানা বোঝায় বলে এগুলি মালিক (কর্তা), subject শব্দটি থেকে গঠিত হয়। শব্দগুলি ব্যবহারের নিয়মটি বুঝতে একটি পার্থক্য করতে হবে। কোনও কোনও শব্দ ব্যক্তি, বস্তু, বিষয়ের (noun) আগে বসে possessive determiner হিসাবে কাজ করবে। কোনও কোনও শব্দ আবার বাক্যের object হিসাবে কাজ করবে, যাকে আমরা আক্ষরিক অর্থে possessive pronoun বলব। এই পার্থক্য অনুযায়ী আমরা পাব—

<u>Subject Pronouns</u>	<u>Possessive Determiner</u>	<u>Possessive Pronouns</u>
I	my	mine
you	your	yours
he	his	his
she	her	hers
it	its	its
we	our	ours
you (plural)	your	yours
they	their	theirs

Possessive pronoun ও possessive determiner দিয়ে বাক্য

This book is <u>mine</u> .	This book is <u>hers</u> .
Is that bag <u>yours</u> ?	This pencil is <u>his</u> .
That school is <u>ours</u> .	This house is <u>theirs</u> .
This is <u>my</u> bag.	This bag is <u>mine</u> .
That is <u>their</u> ball.	That ball is <u>theirs</u> .
<u>Your</u> car is faster than <u>mine</u> .	This is <u>their</u> cat, not <u>ours</u> .
The colour of <u>your</u> pen is blue and <u>mine</u> is black.	I did not have <u>my</u> pen, so she lent me <u>hers</u> .

লক্ষ করো: possessive pronoun আর possessive determiner ব্যবহারের পার্থক্য। possessive determiner সর্বদা noun শব্দের আগে বসছে।

3. Intensive pronoun

এই শব্দগুলির শেষে self বা selves যুক্ত থাকে ও আগে ব্যবহৃত noun বা pronoun-টির ওপর জোর দেয়। বাক্যে এগুলি অতিরিক্ত; না থাকলেও বাক্যের মানে একই থাকে—

myself	yourself
himself	herself
themselves	ourselves
yourselves	itself

Intensive pronoun দিয়ে বাক্য

You yourself had told me this. They themselves asked for more time.
Ram himself gave this to us. We ourselves decided to go there.

4. Reflexive pronoun

বাক্যের কর্তা বা subject-টির কাজের ফল বা সম্বন্ধটি তার নিজের ওপরেই এসে পড়লে কর্তাকে আবার উল্লেখ করতে হয়। এর জন্যে intensive pronoun শব্দগুলিই ব্যবহার করা হয় অন্যভাবে। এই দুই ব্যবহারের পার্থক্য বুঝতে হবে। বাক্যের মধ্যে শুধুই জোর দিতে intensive pronoun-টি ব্যবহার হয়। তাই intensive pronoun-কে বাক্য থেকে বাদ দেওয়া যায়, তাতে বাক্যটির অর্থের বিশেষ হেরফের হয় না। কিন্তু, reflexive pronoun-কে বাক্য থেকে বাদ দেওয়া যায় না, কারণ সেটি বাক্যের উদ্দেশ্য বা object, যা বাক্যের কর্তা বা subject-এর সম্বন্ধেই বলা।

Reflexive pronoun দিয়ে বাক্য

Sita is now able to cross the road by herself. The car had hit the tree and smashed itself.
The child hurt himself playing in the rain. Why don't you write about yourself?

5. Demonstrative pronoun

this	এটা	that	ওটা
these	এগুলো	those	ওইগুলো
none	একটাও নয়	neither	এটাও নয়
such	এর মতো		

শব্দগুলি ব্যবহারের নিয়ম—

- একটি ব্যক্তি, বস্তু, বা বিষয় কাছে হলে this আর দূরে হলে that;
- একাধিক ব্যক্তি, বস্তু, বা বিষয় কাছে হলে these আর দূরে হলে those।

এই শব্দগুলি আবার অন্যভাবেও প্রয়োগ হয়। তাই demonstrative pronoun ঠিক কোন্ ধরনের প্রয়োগ তা বুঝে নিতে হবে। এগুলি বাক্যের ব্যক্তি, বস্তু, বা বিষয়টিকে (বাক্যে উল্লেখ নাও থাকতে পারে) নির্দেশ করে, তাই তার পরিবর্তে ব্যবহার করা হয়। এই ব্যবহারে এগুলি বাক্যে pronoun রূপে একক ভাবে থেকে কর্তা হিসাবে কাজ করে। অন্যদিকে একই শব্দ demonstrative determiner রূপেও ব্যবহার হয়, যা ব্যক্তি, বস্তু বা বিষয় (noun)-টির আগে বসে তাকে নির্দিষ্ট করে। আমরা নিচে এই শব্দগুলির বাক্যে ব্যবহার দেখব।

Demonstrative pronoun দিয়ে বাক্য

This is my pen.

Those are your books.

That is our school.

These look better than those.

That is a good book.

This is not a good road.

None of your answers are correct.

Neither of them could sing.

Everybody came forward on his appeal. Such was his hold over the people.

These flowers look better than those.

Those books are yours.

He gave me this pen.

লক্ষ্য করো: শেষ তিনটি বাক্যে demonstrative determiner-এর ব্যবহার ও আগের বাক্যগুলিতে demonstrative pronoun-এর ব্যবহার।

6. Indefinite pronoun

নির্দিষ্ট না করে সকল, যেকোনও, একটি, বা একটিও নয়-কে অনির্দিষ্টভাবে নির্দেশ করতে Indefinite pronoun ব্যবহার হয়। আমরা পরে দেখব এগুলির কয়েকটি আবার একটু অন্য ধরনের বাক্যে indefinite determiner হিসাবেও কাজ করে।

all	সকল	anybody	যে কেউ
anyone	যে কেউ	anything	যা কিছু
both	দুজনেই, দুই-ই	each	প্রত্যেকে
each one	প্রত্যেকটি, প্রত্যেকে	either	যে কোনটি
everybody	প্রত্যেক জন	everyone	প্রত্যেকে, সকলে

everything	প্রত্যেকটি বস্তু	few	অল্প কটি
many	অনেকগুলো	most	অধিকাংশ
neither	এটাও নয়	no one	একজনও নয়
nobody	কেউ নয়	none	কোনটি নয়, কেউ নয়
nothing	কিছু নয়	some	কিছু
somebody	কেউ একজন	someone	কেউ একজন
something	কিছু একটা		

Indefinite pronoun দিয়ে বাক্য

<u>Everybody</u> went to see the football match.	Give <u>something</u> to <u>each</u> , when they come tomorrow.
There is <u>nothing</u> here.	Did <u>anyone</u> see Hari?
<u>All</u> were happy at her success.	<u>Somebody</u> call the police.
<u>One</u> has got to look after oneself.	There are vegetables in that shop, but <u>most</u> are rotten.
<u>Nothing</u> can prevent me from going there.	<u>Something</u> must be done to give a proper reply.
<u>No one</u> was there to save him.	<u>None</u> are happy to know that he is not coming.

লক্ষ করো: oneself শব্দটি একটি reflexive pronoun।

7. Interrogative pronoun

Interrogative pronoun শব্দগুলি প্রশ্ন করতে ব্যবহার হয়। শব্দগুলি আবার interrogative determiner হিসাবেও ব্যবহার হতে পারে। মনে রাখতে হবে, pronoun কোনও noun-এর পরিবর্তে ব্যবহার হয় ও determiner ব্যবহার হয় noun-কে নির্দিষ্ট করতে।

what কী which কোনটা who কে whom কাকে
এই শব্দগুলির থেকে পাওয়া যায়, whatever, whichever, whoever, whomever, যা ব্যবহার কম হয়। আরো কম ব্যবহার হয় whatsoever, whosoever, whomsoever।

Interrogative pronoun দিয়ে বাক্য

<u>Who</u> goes there?	<u>What</u> would you like to have?
<u>Whom</u> did you invite?	<u>Which</u> is better for children — milk or fruits?
<u>Which</u> dress do you want?	<u>What</u> kind of person is he?

লক্ষ করো: শেষ দুটি বাক্যে interrogative determiner-এর ও আগের বাক্যগুলিতে interrogative pronoun-এর ব্যবহার।

8. Relative pronoun

ব্যক্তি, বস্তু, বা বিষয়ের সঙ্গে বাক্যের লক্ষ্যের সম্বন্ধ নির্দেশ করে।

what	কী	which	কোনটা	who	কে
that	যেটি	whoever	যে কেউ	whom	কাকে

Relative pronoun দিয়ে বাক্য

The house that he built is Whoever wants to go to the very spacious. function must inform the teacher tomorrow.

Children who work hard will I do not know what the answer do well in the exams. is.

9. Reciprocal pronoun

দুই বা তার বেশি ব্যক্তির কাজের উদ্দেশ্য বা ফল তারা নিজেরাই হলে তাদের পরস্পরকে নির্দেশ করে—

each other	পরস্পরকে	one another	পরস্পরকে
	(দুইয়ের ক্ষেত্রে)		(দুইয়ের বেশি হলে)

Reciprocal pronoun দিয়ে বাক্য

They congratulated one another on their success. Sita and Gita gave each other the friendship band.

They blamed one another when they failed to win the match. Ram and Hari were talking to each other during prayers.

পাঠ 5.

ব্যক্তি, বস্তু, বা বিষয়ের উল্লেখকে নির্দিষ্ট করে Determiner

ব্যক্তি, বস্তু, ও বিষয়কে বাক্যে উল্লেখ করার সময় তার নাম ছাড়াও কোনও শব্দ বা শব্দগুচ্ছ দিয়ে তাকে আরো নির্দিষ্ট করতে হয়। এই কাজে যে শব্দ ব্যবহার হয় তাকে determiner (ডিটারমিনার) বলে। এর মূল কাজ হল নির্দিষ্ট করা। মূলত দুই ভাবে এগুলি কাজ করে—specific বা বিশেষভাবে নির্দিষ্ট করা ও general বা সাধারণভাবে নির্দিষ্ট করা।

5.1 Specific বা বিশেষভাবে নির্দিষ্ট করা

বিশেষভাবে নির্দিষ্ট করা হয় যখন বাক্যটি যাকে বলা হচ্ছে সে জানে কী বা কার সম্বন্ধে বলা হচ্ছে। এই কাজে যে শব্দগুলি সাধারণত ব্যবহার হয়—

the	my	your	his
her	its	our	their
whose	this	that	these
those	which		

Specific determiner-এর ব্যবহার

Look at the birds in that tree. Your letter made Sita happy.
Whose book is on the table? Which road goes to Bolpur?
This is my pen. He is our friend.
That is their ball. This was her story.

5.2 General বা সাধারণভাবে নির্দিষ্ট করা

কোনও ব্যক্তি, বস্তু, বা বিষয়কে বাক্যে সাধারণভাবে নির্দিষ্ট করা হয়। এই কাজে যে শব্দগুলি সাধারণত ব্যবহার হয়—

a	an	any	another
other	what		

General determiner-এর ব্যবহার

I can have any fruit but I do not like milk. I saw a woman climbing a tree.
Do you want an apple? What books do you like?
Would you like to have another piece of chicken? His other friends were also present on the occasion.

5.3 বিভিন্ন ধরনের Determiner ব্যবহার

যেসব শব্দ determiner হিসাবে ব্যবহার হয়, সেগুলিকে ধরন অনুযায়ী মোট ছ'টি ভাগে ভাগ করতে পারি। এই ছ'টি ভাগে শব্দগুলির বাক্যে ব্যবহার দেখব।

1. Definite and Indefinite Articles

কোনও একটি ধরনের যাবতীয় ব্যক্তি, বস্তু, বা বিষয়ের মধ্যে নির্দিষ্টভাবে কোনও একটিকে বলতে আমরা definite article (the) ও সাধারণভাবে যে কোনও একটিকে বলতে হলে indefinite article (a বা an) ব্যবহার করি। এই কারণে এই তিনটি শব্দ ব্যবহার করা হয় ব্যক্তি, বস্তু, বা বিষয়ের উল্লেখের ঠিক আগে।

Definite article Indefinite article

the a an

যেকোনও একটি বস্তুকে নির্দেশ করতে তার উল্লেখের আগে a বা an বসাতে হবে। পরের শব্দটির উচ্চারণে প্রথমে a, e, i, o, বা u থাকলে a-র বদলে হবে an, আর the-র উচ্চারণ হবে দ্য নয়, দি।

অনেকগুলি বস্তুর মধ্যে কোনও একটিকে বিশেষভাবে নির্দিষ্ট করতে বস্তুটির নামের আগে the বসাতে হয়। কিন্তু, অনির্দিষ্টভাবেও the-এর প্রয়োগ হয়, কোনও শ্রেণির বস্তুগুলির এক কাল্পনিক প্রতিভূকে নির্দেশ করতে, যেমন The dog is an animal। এছাড়া আরো কিছু ক্ষেত্রেও the বসে, যেমন, the sky, the stars, the sun, the moon, ইত্যাদি। তাই অনেকগুলি না থাকলেও, যা একটি মাত্র আছে, তার নির্দিষ্ট নামটির আগেও কখনো the প্রয়োগ হতে পারে বিশেষ উদ্দেশ্যে—বস্তু বা বিষয়টির বিশেষত্বকে বোঝাতে, যেমন the Ganges, the Everest, the President of India। বিষয়টি খেয়াল রাখা দরকার, কারণ সাধারণত ব্যক্তি বা বস্তুর নির্দিষ্ট নামের আগে a বা the বসে না, কিন্তু তাদেরকে বিশেষভাবে উল্লেখ করতে আগে a বা the বসতে পারে — যেমন, আমরা বলব না, I saw the Rahim yesterday. বা I went to the Delhi., কিন্তু আমরা বলতে পারি, The India we have known is lost. বা This is a Rahim I am yet to understand.।

2. Possessive Determiner

ব্যক্তি, বস্তু, বিষয় সম্বন্ধে কার বা কার সাথে সম্পর্কিত বলতে আমরা possessive determiner বসাই ব্যক্তি, বস্তু, বা বিষয়ের নামটির আগে।

my your his her its our their whose

Possessive determiner-এর ব্যবহার

<u>Whose</u> pen is this?	Is that <u>their</u> house?
That is <u>our</u> house.	She gave <u>her</u> book to Hari.
Is it <u>your</u> pen?	She gave me a flower. <u>Its</u> colour was red.

3. Demonstrative Determiner

কাছে বা দূরের কোনও ব্যক্তি, বস্তু, বা বিষয়কে নির্দিষ্ট করতে demonstrative determiner ব্যবহার করা হয়। এগুলি ব্যক্তি, বস্তু বা বিষয়টির আগে বসে তাকে নির্দিষ্ট করে। শব্দগুলি হল— this that these those
শব্দগুলি ব্যবহারের নিয়ম মনে রাখতে হবে—

একটি ব্যক্তি, বস্তু, বা বিষয় কাছে হলে this আর দূরে হলে that হবে।

একাধিক ব্যক্তি, বস্তু, বা বিষয় কাছে হলে these আর দূরে হলে those হবে।

একই শব্দগুলি বাক্যে demonstrative pronoun হিসাবেও প্রয়োগ হয়। তাই বুঝে নিতে হয় শব্দগুলি কখন demonstrative pronoun হল আর কখন demonstrative determiner হল। এগুলি demonstrative pronoun হিসাবে বাক্যের ব্যক্তি, বস্তু, বা বিষয়টিকে (বাক্যে উল্লেখ নাও থাকতে পারে) নির্দেশ করে, তাই তার নামের পরিবর্তে ব্যবহার করা যায়। এগুলি বাক্যে কর্তা বা subject হিসাবে কাজ করে। আবার demonstrative determiner হিসাবে একই শব্দ ব্যক্তি, বস্তু বা বিষয়টির নামের আগে বসে তাকে নির্দিষ্ট করে।

Demonstrative pronoun

That is my pen.

Those are flowers.

Demonstrative determiner

Please give me that pen.

These flowers are from my garden.

4. Interrogative Determiners

বাক্যে উল্লিখিত ব্যক্তি, বস্তু, বা বিষয়টির সম্বন্ধে আরো তথ্য জানার জন্যে interrogative determiner ব্যবহার হয় প্রশ্নসূচক বাক্যের প্রথমে। এই শব্দগুলি হল— what which

এই শব্দগুলি আবার interrogative pronoun হিসাবেও ব্যবহার হয়। মনে রাখতে হবে যে pronoun কোনও noun-এর পরিবর্তে ব্যবহার হয় ও determiner ব্যবহার হয় noun-কে নির্দিষ্ট করতে। উদাহরণ হল—

Interrogative pronoun

Which is better for children—milk or fruits?

Interrogative determiner

Which dress do you want?

What would you like to have? What kind of person is he?

5. Numeral-এর ব্যবহার Determiner হিসাবে

Numeral (নিউমের্যাল) শব্দগুলি ব্যবহার হয় বাক্যে ব্যক্তি, বস্তু বা বিষয়ের সংখ্যা নির্দিষ্ট করতে। সাধারণ সংখ্যা (cardinal) নির্দেশক শব্দগুলি determiner হিসাবে ব্যবহার হয়। কিন্তু ক্রমপর্যায়ে স্থানসূচক তুলনামূলক (ordinal) সংখ্যা adjective হিসাবে ব্যবহার হয়।

one two thirty-two sixty-five one hundred
dozen pair of couple of three of one thousand
উদাহরণ হল—

There are thirty students in the class. I need a pair of socks.

6. Quantifiers-এর ব্যবহার Determiner হিসাবে

Quantifier (কোয়ান্টিফায়ার) শব্দগুলি ব্যবহার হয় determiner হিসাবে বাক্যের ব্যক্তি, বস্তু, বা বিষয়ের পরিমাণগত দিকটি নির্দিষ্ট করতে।

all each every some few twice
half one-half two-thirds all of some of none of
double quarter three-fourth
উদাহরণ হল—

Some of the boys did well Half of the students could not come
in the exams. to school on account of heavy rain.

5.4 Pre ও Post-determiner-এর ব্যবহার

বাক্যে একাধিক determiner ব্যবহার হলে কোন determiner শব্দ আগে ও কোনটা পরে বসে, তা খেয়াল করতে হবে। Predeterminer শব্দগুলি আর একটি determiner-এর আগে বসে পরেরটিকে সুনির্দিষ্ট করে। যেমন, নিচের দুটি বাক্যে all ও both হল predeterminer—

All the dishes were delicious.

Both the children are intelligent.

Postdeterminer শব্দগুলি আর একটি determiner-এর পরে বসে আগেরটিকে সুনির্দিষ্ট করে, যেমন নিচের দুটি বাক্যে three ও many হল postdeterminer—

Those three years in Bolpur were wonderful.

I remember my many friends in Kolkata.

পাঠ 6.

স্থান, দিক ও সময় নির্দেশ করতে Preposition ব্যবহার

আমরা on, in, to, from, ইত্যাদি কিছু শব্দ আগেই ব্যবহার করেছি। এবার এই শব্দগুলি সম্বন্ধে আরো বিস্তারিত জানবা। প্রথমেই বলে নিতে হয় যে এই শব্দগুলির নিজস্ব কোনও অর্থ নেই। এগুলি সাধারণত ব্যক্তি, বস্তু, বা বিষয়ের ঠিক আগে বসে, সেগুলির স্থান বা দিক, ও সময়কে নির্দেশ করতে। তাই এগুলির নাম pre-position বা preposition (প্রেপসিশন)। এই শব্দগুলি অবশ্য কাজ (verb) ও গুণাণ্ড সূচক (adjective) শব্দগুলির পরেও বসে যান্ত্রিক নিয়মে, বিশেষ বিশেষ ক্ষেত্রে, যা আমরা পরে দেখবা।

বাক্যে preposition শব্দগুলির ব্যবহার প্রায়ই ভুল হয়ে যায়, অনেক ইংরেজি শেখার পরেও। তাই বিশেষ যত্ন নিয়ে এগুলির ব্যবহার জানতে হবে। এগুলির ব্যবহার যান্ত্রিকভাবে মনে রাখার চেষ্টা করে লাভ নেই। কারণ, প্রায়ই মনে হতেই পারে যে একটার বদলে অন্যটাও তো ব্যবহার করা যায়। তাই কোনটা কখন ব্যবহার করতে হবে তার যুক্তি বিশেষ করে বুঝে নিতে হবে। এই আলোচনাটি নেওয়া *Close, R. A. 1962. English as a Foreign Language (George Allen & Unwin, ELBS 1974)* থেকে।

Preposition শব্দের মূল কাজ—

1. ব্যক্তি, বস্তু, বা বিষয়ের স্থান বা সময়কে নির্দেশ করা; এবং
2. সেই সম্বন্ধে কাজের অভিমুখ ও ধরনকে বোঝানো।

সুতরাং, স্থান ও সময়কে আমরা কত রকমভাবে দেখি ও উল্লেখ করি, এবং সেই সম্বন্ধে কাজের অভিমুখ ও ধরন কত রকম হতে পারে, তা লক্ষ রাখতে হবে। সেই অনুযায়ী বুঝতে পারব কোন শব্দটির ব্যবহার কোন ক্ষেত্রে হবে।

কোনও কিছুকে (ব্যক্তি, প্রাণী, উদ্ভিদ, বস্তু, বা বিষয়কেও) উল্লেখ করতে পারি একটি স্থান হিসাবে চার ভাবে—

- যা একটি স্থান মাত্র, যার আর কিছু নির্দিষ্ট করা নেই;
- যার দৈর্ঘ্য আছে, বা যাকে একটি রেখা হিসাবে ভাবা যায়;
- যার দুটি দিক আছে, বা যাকে একটি তল হিসাবে ভাবা যায়;
- যার তিনটি দিক আছে, বা যাকে একটি আয়তন হিসাবে ভাবা যায়।

এই চারটি ভাগে preposition-য়ের ব্যবহার জ্যামিতিক যুক্তির মতোই বোঝা যাবে। এছাড়া preposition ব্যবহার হয় আরও অন্য দুটি দিক বোঝাতে—

- ওপর-নিচের স্তরভেদ বোঝাতে, এবং
- পারস্পরিক সম্পর্ক ও তুলনা বোঝাতে।

কখন কোন preposition শব্দ ব্যবহার হবে তা আমরা এই ছ’টি ভাগে বুঝব।
স্থানের সাথে আরও খেয়াল রাখতে হবে সময় সম্বন্ধে কোনটা বোঝাচ্ছি—

- ✓ কোনও নির্দিষ্ট সময়কে, অথবা
- ✓ একটি সময়কালকে, অথবা
- ✓ কোনও একটি নির্দিষ্ট সময় থেকে আরেকটি সময় পর্যন্ত সময়ের প্রবাহকে।

কাজ সম্বন্ধে খেয়াল করতে হবে তার অভিমুখটা কী ও তার ধরনটি কী—

- ✓ কোনও স্থান বা সময়টিতে স্থিতি বা অবস্থান বোঝানো, অথবা
- ✓ স্থান বা সময়ের প্রেক্ষিতে চলনশীলতাকে বোঝানো এবং
- ✓ কাজের ধরন—যেমন, নদীর তীর বরাবর চলা বা নদীটি অতিক্রম করা।

6.1 সাধারণভাবে স্থানমাত্রের প্রেক্ষিতে ব্যবহার

ব্যক্তি, প্রাণী, উদ্ভিদ, বস্তু, বা বিষয়ের উল্লেখকে সাধারণভাবে কোনও স্থানমাত্র (যার দৈর্ঘ্য, প্রস্থ বা আয়তন বোঝানো হয়নি) হিসাবে ভেবে নিয়ে আমরা নিচের কয়েকটা শব্দের ব্যবহার লক্ষ্য করব।

- | | |
|------------------------------------|-------------------------|
| 1. to, from, at, in, on | 2. towards, as far as |
| 3. till (until), since | 4. away (from), near |
| 5. for | 6. of, out of |
| 7. by, beyond, past, before, after | 8. round, around, about |

1. **to, from, at, in on** ব্যবহার

●————→ to X ● at X ● ←———— from X

কালো বলটি একটি স্থানের (X) দিকে যাচ্ছে হলে to, স্থানটি থেকে আসছে হলে from, আর স্থানটিতেই থাকলে at। সুতরাং, to আর from-এর ব্যবহার হচ্ছে চলনশীলতা বোঝাতে, যার দিক নির্দেশ করা হয় to আর from দিয়ে। কিন্তু at চলনশীলতা নয়, নির্দিষ্ট স্থানটিতে স্থিতি বোঝায়।

to আর from দিয়ে কিছু বাক্যের উদাহরণ

Go <u>to</u> school.	Listen <u>to</u> the story.
Does this bag belong <u>to</u> you?	Best wishes <u>to</u> you.
I passed my exams, thanks <u>to</u> my teacher.	Be kind <u>to</u> animals.
Don't be cruel <u>to</u> animals.	I am grateful <u>to</u> you.

How far is the station from here?
It is a long way from my home.

Ram was absent from work yesterday.
The store is open from 8 a.m. to 6 p.m.
His condition is going from bad to worse.

at দিয়ে কিছু বাক্যের উদাহরণ
Ram lives at this address.
The train left at 3 o'clock.
He threw a stone at the bird.
I am busy at the moment.
She is good at arithmetic.

Has the train from Bolpur arrived?
Do not prevent me from doing this.
Stop them from playing here.
He saved the child from drowning.
The temperature varies from 10 degrees to 40 degrees centigrade.

I met her at her house.
She retired at the age of sixty.
I will be at home tomorrow.
He is standing at the door.
He was happy at her result.

সমস্যা হয় at শব্দটির ব্যবহারের ক্ষেত্রে, কারণ বহুসময়েই বাক্যে at-এর বদলে in বা on ব্যবহার হতে পারে। তাই কখন at ব্যবহার হবে তার নিয়মটি বুঝে নিতে হবে—

- স্থিত অবস্থা, যার কোনও পরিমাপ, দৈর্ঘ্য, তল, বা আয়তন বোঝানো হয়না;
- কোনও পরিমাপ থাকলেও যখন সাধারণভাবে কোনও অবস্থায় স্থিত থাকা বোঝানো হয়; এবং

c. চলনশীলতার সর্বশেষ লক্ষ্যটিকে উল্লেখ করা হয়।

প্রথম নিয়মটি অনুযায়ী, যখন কেবল স্থানটিকেই বোঝানো হচ্ছে, বলতে পারি—

I am sitting at my desk. The children are sitting at a table.
Ram is sitting at the window. He is standing at the door.

কিন্তু যদি এইগুলিকে তল হিসাবে দেখা হয় তাহলে হবে—

I am sitting on my desk. The children are sitting on the table.

Ram stuck that paper on that window. There is a picture painted on the door.

দ্বিতীয় নিয়মটি অনুযায়ী, সাধারণভাবে কোনও অবস্থায় স্থিত থাকা বোঝানো হলে আমরা **at** বলি— at work, at play, at rest, at fault, at peace, at war, at sea, at night. যেমন,

The country is at war. He was not at fault.

She was at peace with herself. Shut the doors at night.

কিন্তু সময়কাল, বা আয়তন, বা অবস্থা নির্দিষ্ট করে বলতে আমরা **in** ব্যবহার করি, যেমন—in rest, in peace, in the war (যুদ্ধের মধ্যে বা একটি নির্দিষ্ট যুদ্ধ), on the sea (সমুদ্রের ওপর তলে), in the sea (সমুদ্রের জলের মধ্যে), in the night (রাতের সময়কাল বা একটি নির্দিষ্ট রাত)।

My grandfather fought in the First World War. I will finish this work in the night.

লক্ষ্য করো, I will work at night.-এর মানে হল কাজটা আমি রাতে করব। আর, I will finish this work in the night.-এর মানে হল কাজটা আমি রাতের মধ্যে করে ফেলব।

তৃতীয় নিয়মটি অনুযায়ী চলনশীলতার শেষ লক্ষ্যটিকেই বোঝানো উদ্দেশ্য হলে আমরা **at** বলি— aim at, laugh at, shoot at, arrive at, point at, look at, come at, যেমন,

This is aimed at bringing peace here. He arrived at the airport.

কিন্তু লক্ষ্য করতে হবে যে Throw the ball to me বলা হবে। এখানে Throw the ball at me, বললে মানে দাঁড়াতে বলটি ছুঁড়ে আমাকে মারো।

2. towards, as far as ব্যবহার

কোনও বস্তুর চলার লক্ষ্য কোনও একটি স্থানের দিকে, এটা আমরা বোঝাতে to ব্যবহার করেছি। এই ব্যবহারের অর্থ হল বস্তুটি সেই স্থানে পৌঁছেছে অথবা বাধা না পেলে পৌঁছবে। এই অর্থটির বদলে যদি শুধুই ওইদিকে চলাটিকে বোঝাতে চাই, অর্থাৎ পৌঁছয়নি ও পৌঁছবে কিনা তাও বলছি না, তাহলে ব্যবহার হবে towards। উদাহরণ হল—

He has come to school. He is going to school.

কিন্তু, The dog went towards that house.

He was walking towards the forest.

সাধারণত towards শব্দটি স্থান সম্বন্ধে ব্যবহার হলেও, মোটামুটি সময়কে বোঝাতেও ব্যবহার হয়—

towards the end of February, towards the end of the day, towards six o'clock, towards noon, যেমন,

I shall go to Bolpur towards The sky cleared towards the end of February. noon.

এই towards-য়ের বিকল্প হল about বা nearly then (প্রায় সেইসময়) ব্যবহার। কিন্তু এই about, যা এখানে সময় বোঝাতে nearly then অর্থে ব্যবহার হয়, তা preposition নয়, adverb।

We reached home at about six She waited for about an hour at p.m. the station.

চলার পথের দূরত্ব (দৈর্ঘ্য) বোঝানোর সময় ব্যবহার হয় as far as। মনে রাখতে হবে এটি স্থানের দূরত্ব বোঝাতেই কেবল ব্যবহার হয়, সময়ের ক্ষেত্রে নয়। উদাহরণ হল—

He walks as far as the river every morning.

I will come with you as far as the market.

3. **till (until), since** ব্যবহার

সময়কালের দৈর্ঘ্য, যা একটি নির্দিষ্ট সময় পর্যন্ত হবে, বোঝাতে আমরা till অথবা until ব্যবহার করব। উদাহরণ হল—

He will not come until midnight.

I shall be busy till five o'clock.

অন্যদিকে, অতীতে কোনও একটি নির্দিষ্ট সময় থেকে অতীত বা বর্তমান পর্যন্ত কিছুকাল সময় উল্লেখ করতে আমরা since ব্যবহার করি। উদাহরণ—

Yesterday was the coldest New Year since 1998.

I have not seen him since Thursday.

4. **away (from), near** ব্যবহার

কোনও স্থান থেকে চলা বলতে আমরা আগে from-এর ব্যবহার দেখেছি। এই from-এর ব্যবহারকেই আরো দৃঢ় করে, বিশেষ জোর দিয়ে একটি স্থান থেকে সরে আসাকেই বলা হয় away from দিয়ে। উদাহরণ হল—

X was at Y. Now it is moving away from Y.

কোনও স্থান থেকে দূরত্ব বোঝাতেও away from ব্যবহার করা হবে—

X is so many kilometers away from Y.

X is far away from Y.

X is not far away from Y.

The train was at Bolpur station. Now it is moving away from Bolpur. Bolpur is far away from my village. My house is ten kilometers away from the school. The school is not far away from my house.

যে স্থানটি থেকে দূরত্ব বোঝানো হচ্ছে তার উল্লেখ থাকলে from বলতেই হবে, কিন্তু away from না বললেও চলে— My house is ten kilometers from the school.। ওপরের বাক্যগুলিতে তাই away নাও বলা হতে পারে। যদি সেই স্থানটির উল্লেখ না থাকে তাহলে শুধু away বলা হবে। উদাহরণ হল—

She is far away from home.

কিন্তু, He has gone far away.

দুটি স্থানের মধ্যে দূরত্ব কম বোঝাতে আমরা near ব্যবহার করি, যেমন—

X is near Y.

My house is near the school.

5. for ব্যবহার

কোনও চলা, যার দিককে আমরা to দিয়ে নির্দেশ করি, তার কোনও উদ্দেশ্য বা লক্ষ্য, অথবা তার ফলাফল যে ব্যক্তি বা বস্তুর ওপর পড়ে তাকে বোঝাতে আমরা for ব্যবহার করব। উদাহরণ—

উদ্দেশ্য বা লক্ষ্য

Will you take the train for Bolpur?

That bus is bound for Howrah.

We are going for a holiday.

Let us go for a walk.

Let us go for a long drive.

For the pleasure of the guests, we organised a dance performance.

For what purpose was the meeting called?

What is this machine for?

We shall go out for dinner. ব্যক্তি বা বস্তুর ওপর ফলাফল

We are having fish for dinner.

This toy is a present for you.

I have to do this for her.

I feel sorry for her.

I was looking for you.

for শব্দটির ঠিক পরে কোনও সময়কালের নির্দেশ থাকলে বোঝানো হয় কতটা সময় ধরে কাজটি চলেছে বা চলবে। উদাহরণ—

We shall be staying in Bolpur for a week.

I was at this school for twelve years.

কোনও কিছুর পরিবর্তে বা বিনিময়ে বোঝাতেও for ব্যবহার করা হয়—

I bought this for two hundred rupees.

You may not get anything better for this amount.

কোনও বক্তব্যের প্রেক্ষিতে, যা সাধারণত হয় না, তা উল্লেখ করতে for ব্যবহার করা হয়—

He is tall for his age.

Is it not too difficult for the child?

She has been learning English for five years.

We walked for two hours yesterday.

May I change this toy for a slightly smaller one?

I must thank Hari for his help.

The weather is too hot for March.

She is quite good for a newcomer.

6. of, out of ব্যবহার

যা দিয়ে, যার মধ্যে থেকে বা যার বোঝাতে আমরা of ব্যবহার করি। অনেক সময়ে from-এর একটি সাধারণ রূপেও আমরা of-এর ব্যবহার দেখতে পাই, যেখানে from-এর বদলে out of ব্যবহার করা যায়। নিচের উদাহরণে of-এর ব্যবহার দেখানো হল—

This bookshelf was made from (out of) an old wooden box.

These vegetables are all from (out of) my garden.

Fill the bucket from the well.

Take some apples from the basket.

Have a biscuit—take one from this box.

She is looking pale and has lost all colour from her cheeks.

I could make you a beautiful toy from this piece of wood.

It is made of wood.

These vegetables are the fruits of labour of my brother.

The bucket is full of water.

Some of the apples are not ripe.

I won't have another of these biscuits.

The colour of her cheeks is white and she is looking pale.

Are the boys making fun of him?

There are several boys in the class. Ram is the the tallest of them.

Out of the twenty boys, only one failed in the exam.

লক্ষ করো যে of দিয়ে আমরা
some of all, a quarter of an hour
leg of a chair, secretary of the club
the beauty of the landscape,
the health of a nation
an aspect of the summit, a view of the summit

নানাভাবে সম্পর্ক বোঝাই, যেমন—
সমগ্রের সাথে অংশের
সমগ্রের সাথে সদস্যের
কোনও বস্তু বা বিষয়ের সাথে তার
বিশেষ অবস্থা বা গুণাগুণের
কোনও বস্তু বা বিষয়ের সাথে তার
বিশেষ দিকটির

উদাহরণ—

Give me a quarter of an hour and I shall be home.
You can see the beauty of the hills from here.


She has been selected as the Headmistress of the school.
Can you get a view of the Everest from there?

বিশেষ করে খেয়াল রাখতে হবে কোন শব্দটি of-এর আগে আর পরে বসবে, তা নয়ত অর্থটাই পাল্টে যেতে পারে, যেমন—

bricks of the house আর the house of bricks ।

7. **by, beyond, past, before, after** ব্যবহার

এই শব্দগুলির ব্যবহারের পার্থক্য বুঝতে আমরা আগে নিচের ছবিতে দেখে নিই স্থান বা সময়ের প্রেক্ষিতে কোনও কিছুর চলাকে। চলার পথটি A থেকে B পর্যন্ত ও মাঝে একটি O বিন্দুতে Y অবস্থান করছে।



মনে করা যাক, কোনও একটি বস্তু X চলা শুরু করল A থেকে B-এর দিকে। এই চলার পথে X একটা সময় O বিন্দুটিতে পৌঁছবে, যেখানে Y আছে। তখন আমরা বলব—

X goes by Y. The train goes by Bolpur.

যেহেতু X-এর যাত্রা চালু থাকছে Y-কে ছাড়িয়ে, তাই সেইকথাকে বলব—

X goes beyond Y. The train goes beyond Bolpur.

আর, X যে Y-কে ছাড়িয়ে গেল সেইকথাকে বলব—

X goes past Y. The train goes past Bolpur.

ওপরের ছবিটিতে A, Y, ও B-কে সময় হিসাবে দেখে বলতে পারি—

B is past Y.

Y is past A.

এই ভাবে সময় হিসাবে বলা যায়—

It is half past nine.

It is well past our lunchtime.

একইভাবে ওপরের ছবিটি থেকে আমরা বলব—

A is before Y.

B is after Y.

আমাদের বিশেষ করে **by**-এর ব্যবহার সম্বন্ধে জানতে হবে, কারণ এটি নানাভাবে ব্যবহার হতে পারে। প্রথমত, এর সঠিক অর্থটি লক্ষ করো নিচের বাক্য দুটিতে till-এর সঙ্গে পার্থক্য করে—

I may not be ready till five o'clock.

I may not be ready by five o'clock.

প্রথম বাক্যটিতে till থাকায় অর্থ হল পাঁচটা পর্যন্ত সময়কালে (যা পাঁচটায় এসে শেষ হচ্ছে) আমি সম্ভবত তৈরি হব না; তারপরেই আমি তৈরি থাকব। দ্বিতীয় বাক্যটি শুধু এইটুকু বলছে যে আমি সম্ভবত পাঁচটার আগে তৈরি হব না।

নির্দিষ্ট কোনও বয়ে চলা সময়কে বাক্যে আমরা বলি by day, by night—

They will travel by day and rest at night.

We may do the repair work of the road by night.

বিভিন্ন অর্থে by-এর ব্যবহার সম্বন্ধে লক্ষ করতে হবে যে শব্দটি যেমন পাশে থাকা বোঝায়, তেমনই মাধ্যম, উপায় বা কারো দ্বারা বোঝাতে পারে। ওপরের ছবির উদাহরণটিকে আমরা আরেকভাবে বলতে পারি, Y-এর মাধ্যমে X B-তে পৌঁছয়—

X goes from A to B by Y.

মাধ্যম, উপায় বা কারো দ্বারা বোঝাতে by-এর ব্যবহার হলে আমরা পাই—

The bus goes from Bolpur to Burdwan by Guskara.

He goes by train from Bolpur to Burdwan.

This is a book by Rabindranath Tagore.

The machine runs by electricity.

The stones were removed by means of a truck.

কিন্তু একটি বাহুর পাশে আরেকটি বাহু থাকার অর্থে বলা হয়—

The room measures 6 metres by 4 metres.

by-এর ব্যবহার সম্বন্ধে আরো উদাহরণ নিচে দেওয়া হল।

কোনও স্থানে চলনশীল অবস্থা

I always go by the market on my way to the station.

I always take the road that goes by the park.

কোনও স্থির অবস্থায়, নিকটে বা নির্দিষ্ট মাধ্যম, উপায় বা কারো দ্বারা

My mother was sitting by herself. (alone)

That house by the river is mine.

We will have to manage this somehow—by hook or by crook.

Come and sit by the open window.

Please inform them by telephone.

Learn the poem by heart.

This is a dress stitched by an expert tailor.

Did you read ‘Gora’ by Rabindranath Tagore?

অতিক্রম না করে একটি সময় পর্যন্ত

Finish the work by two o’clock.

The football match will be over by five o’clock.


সময়ের পরম্পরা, একটি সময়ের স্তর থেকে আরেকটিতে যাওয়া

To avoid the heat, they travelled by night, and took rest during the day.

He had left by the time I reached there.

8. **round, around, about** ব্যবহার

চারপাশে, আশেপাশে বোঝাতে এই শব্দগুলি মোটামুটি একই অর্থে ব্যবহার হয়, বিশেষত, round আর around-এর ব্যবহার প্রায় একই ভাবে হয়। বাক্য বিশেষে round-এর বদলে around হয়তো বলতে বা শুনতে সুবিধা হয়। চারপাশ মানেই যে গোল, বৃত্তাকার হবে তা নয়। নিচের দেখো।



We have put a fence round the house.

We have put a fence around our house.

I saw him walking round the corner.

We went round the building.

কোনও নির্দিষ্ট স্থানের চারপাশে বা আশেপাশে বলতে about ব্যবহার আজকাল হয় না, round বা around ব্যবহারই দেখা যায়। যেমন, শুধু about me-এর বদলে বলা হয় around me, বা round about me—

I want honest people round me.

You should have efficient co-workers round about you.

বিশেষ অর্থে about turn বলা হয়, যা আরেক ভাবে বলা যায় turn around। বিমূর্ত কোনও বিষয়ের আশেপাশে বা সম্বন্ধে বলতে about ব্যবহার হয়, যেমন—

think, talk, know, dream about Tell me all about the matter to be discussed.

Don't worry about that matter. What is it about?

লক্ষ করতে হবে, A book or a lecture about nutrition বললে শুধুমাত্র ওই বিষয়েই সীমাবদ্ধ নয়, আশেপাশের বিষয়ও আলোচনায় আসতে পারে। শুধুমাত্র ওই বিষয়েই সীমাবদ্ধ বোঝাতে আমরা এই ক্ষেত্রে on ব্যবহার করি—A book or a lecture on nutrition.

সময়ের ক্ষেত্রে about ব্যবহার হয় মোটামুটি সময় বোঝাতে—

We should reach there about six o'clock.

অথবা বলা যায়,

We should reach there around six o'clock.


6.2 কোনও লম্বা স্থান বা রেখার প্রেক্ষিতে ব্যবহার

কোনও স্থান যার শুধু দৈর্ঘ্য বোঝানো হয় বা যাকে রেখা হিসাবে ভাবা যায়, তার প্রেক্ষিতে নিচের কয়েকটা শব্দের ব্যবহার লক্ষ করব।

1. to, on, from, off 2. along, by, beside, across 3. behind, in front of

1. to, on, from, off ব্যবহার

ছবিটির মতো কোনও একটি রেখা কল্পনা করে নিলে এই চারটি শব্দের প্রয়োগের পার্থক্য বুঝতে পারা যাবে। ওই রেখাটির দিকে চলাকে to দিয়ে বলা হবে, রেখাটির পার্শ্ববর্তী কোনও স্থানকে on দিয়ে, রেখাটি থেকে বিচ্যুত হওয়া off দিয়ে, এবং রেখাটির থেকে সরে আসাকে from দিয়ে বোঝাবে।



উদাহরণ হিসাবে আমরা নিচের বাক্যগুলি দেখতে পারি।

This road leads to Bolpur.

Banaras is on the river Ganga.

Mumbai lies on the western coast of India.

I am on my way home.

Am I on the right road for Kolkata?

She was standing on the edge of the precipice.

You are not on the right road to Kolkata—but you are not far off.

The boat sank off the coast of Mumbai.

It was raining and his bicycle skidded off the road and hit a tree.

Stand away from the edge of the precipice.

The animals were fleeing from the forest fire.

You are going off the track.

2. **along, by, beside, across** ব্যবহার

লক্ষ্য করো, X is on the road to Y. বাক্যটির মূল বক্তব্য হল বলা, X কোথায়। কিন্তু যদি বলতে হয় X কোথায় চলেছে তাহলে বলব, X is moving along the road to Y। নিচের ছবিটিতে বিষয়টি স্পষ্ট হবে।

-----X -----> Y

-----Z ----->

ওই পথ বরাবর X চলছে Y-এর দিকে। পাশাপাশি Z চলছে। তাই বলব,

X is moving along the road and Z is moving by it or beside it.

ছবিটিকে অন্য ভাবে রাখা যেতে পারে across-এর ব্যবহারও বুঝতে।

-----> ○ -----> -----> □ ----->

a) by, beside

b) across

প্রথম ছবিতে বরাবর চলার পথ বোঝাতে যেকোনও একটা বলতে পারি—

A man is walking by the river.

A man is walking beside the river.

A man is walking along the bank of the river.

যদি ○ স্থানটিতে অবস্থান দেখি তাহলে বলব—

A man is standing by the river (or, beside the river).

দ্বিতীয় ছবিটিতে আমরা across-এর ব্যবহার করব, যেমন—

The road runs across the field.

A tree is lying across the railway track.

The boat is plying across the river.

3. behind, in front of ব্যবহার

কোনও একটি দিক থেকে আগে-পিছে সারি বা লাইন হলে আমরা তুলনামূলক স্থানকে বোঝাতে এই শব্দদুটি ব্যবহার করি। নিচের ছবিটি দেখা যাক।

X ----- A ----- B -----> Y
A is behind B. B is in front of A.

এখানে দিক নির্দেশটি গুরুত্বপূর্ণ। কোন দিক থেকে দেখা হচ্ছে সেটি উল্টে গেলে ওপরের বাক্যেও কে কার আগে-পিছে উল্টে যাবে।

6.3 দৈর্ঘ্য ও প্রস্থসহ স্থান বা তলের প্রেক্ষিতে ব্যবহার

কোনও একটি স্থান যার দৈর্ঘ্য ও প্রস্থ আছে বা যাকে একটি তল হিসাবে ভাবা যায়, তার প্রেক্ষিতে নিচের কয়েকটা শব্দের ব্যবহার লক্ষ্য করব।

1. on (on to), on, off
2. upon, up on, across, round

1. on (on to), on, off ব্যবহার

প্রায়ই at, on আর in নিয়ে সমস্যা হয়—বাক্যে কোনটা কখন ব্যবহার করব? আগে কোনও স্থান বা সময়ের ক্ষেত্রে at আর on-এর ব্যবহার দেখেছি। এবার কোনও স্থান বা সময়কে তল হিসাবে দেখব। এরপর আমরা বিশেষ করে in-এর ব্যবহার আলোচনা করব স্থান বা সময়কে আয়তন হিসাবে দেখে।

কোনও তলের দিকে চলা ও পৌঁছনোকে এবং তলটির আংশিক বা পুরোপুরি স্থানকে আচ্ছাদিত করাকে আমরা **on** দিয়ে বলি। একেই জোর দিয়ে বলতে—তলের ওপর অবস্থান এবং তার জন্য চেষ্টাকে বোঝাতে ব্যবহার করি **on to**। এই দুটিরই বিপরীত হল **off**, যা নিচের ছবিতে দেখানো হল। মনে রাখতে হবে তল কোনও খাড়া দেওয়াল বা ভূমির সমান্তরাল হতে পারে।



কোনও তলের ক্ষেত্রে এই শব্দগুলির ব্যবহার দেখব।

Have you kept the fruits on the table? Is the jug on the table?

The pictures have to be hung on a wide wall. Tell the children not to run on the flower-beds.

How can I sleep with your toys scattered on the bed? Please help me get this box off the shelf.

Walk on the right side of the field. Keep the hands of the baby off the kitchen table.
since there are flower-beds on the left.

This box is very heavy. Can you help me lift it on to the shelf?

আগে talk on আর talk about-এর পার্থক্য দেখেছি। পার্থক্যটি এখানে আরো স্পষ্ট হয়। on শব্দটি বিষয়টির নির্দিষ্ট পরিধিকে সামনে আনে, আর about বিষয়টি ও তার আশপাশকে বোঝায়, যার কোনও নির্দিষ্ট পরিধি নেই। on আর at-এর পার্থক্যটিও এখানে স্পষ্ট হয়। X is at Y বললে বোঝায়, Y যে স্থানে আছে মোটামুটিভাবে সেখানেই X আছে। কিন্তু X is on Y বললে বোঝায়, Y তলটির অংশবিশেষ বা পুরোটাকে আচ্ছাদিত করে X সেখানে অবস্থান করছে বা লেগে আছে, অথবা তলটির ওপর ভর করছে। উদাহরণ হিসাবে বলা যায়—

There was only his son at the spot when he suddenly fell ill, but the ambulance was on the spot within ten minutes.

এই ভাবে আমাদের বুঝতে হবে, to be at business, মানে অফিসে বসে কাজে ব্যস্ত, কিন্তু, to go to Kolkata on business, মানে কাজের নির্দিষ্ট কোনও লক্ষ্যে, যা ওই স্থানেই হবে, ওখানে যাওয়া। কখনো on বা at দুটোই হতে পারে, যেমন—

When I reached home, they were at the point of leaving.

বা When I reached home, they were on the point of leaving.

Take position at your marks.

বা On your marks—get set go.

We nibbled on some biscuits before dinner.

She was not well and nibbled at her food.

এই ভাবে, on-এর ব্যবহার আমরা দেখতে পাই নিচের বাক্যগুলিতে—

The child was riding on a pony.

The boy with the old hat on his head is my friend.

The coat was hung on the hook.

The school is on top of the hill.

The boy was standing on one foot.

I travelled on foot to Bolpur.

You must learn to stand on your own feet and stop depending on others.

On reaching home, I found they were on the point of leaving.

সময় একটি তল হিসাবে বিজ্ঞত হলে on-এর ব্যবহার হবে আর নির্দিষ্ট সময়কে at দিয়ে বলা হবে, যেমন—at six o'clock on a sunny day in June.। এই

ভাবে আমরা বলব, on Monday, on Tuesday, on the morning of the third day, ইত্যাদি। আবার, কোনও সময়কালের মধ্যে বলতে **in** হবে—

Where were you on the morning of Diwali?

I was working at my office in the morning, but went home feeling unwell in the afternoon.

2. **upon, up on, across, round** ব্যবহার

কোনও তলের ক্ষেত্রে **on** ও **on to** ব্যবহারের পরিবর্তে **upon**-এর ব্যবহার হতে দেখা যায়। অনেকসময়ে পদ্যের ছন্দে বা আরো নির্দিষ্ট করে বলতে **upon** ব্যবহার হয়, যেমন **upon my word**, **upon my soul**, **firmly upon!** কিন্তু খেয়াল রাখতে হবে, **up** ও **on** আলাদা করে বলার প্রয়োজন হতে পারে বিশেষ অর্থে যেমন, **high up on!**

What is your decision based upon?

The flowers were scattered upon the floor.

Upon my word, I don't know why they dislike her.

The winter will soon be upon us.

The child climbed upon my knee.

She was standing high up on top of the roof of a ten-storied building.

তলের ক্ষেত্রে আরো দুটি শব্দ, **across** ও **round**, ব্যবহার হতে পারে।

A man ran across the field.

The cat is moving round inside the house.

The dog is moving round outside the house.

6.4 ত্রিমাত্রিক স্থান বা আয়তনের প্রেক্ষিতে ব্যবহার

ত্রিমাত্রিক স্থান বা আয়তনের প্রেক্ষিতে নিচের শব্দগুলোর ব্যবহার লক্ষ করবা।





1. **in** (into), **in** (inside)
out of, outside

2. **in**, within

3. **in**, during, through

1. **in (into), in (inside) out of, outside** ব্যবহার

কোনও কিছু যার আয়তন আছে, তার দিকে যাওয়াকে বা তার অংশ বা সমগ্র স্থানে অবস্থান করাকে **in** দিয়ে, ও তার মধ্যে ঢোকাকে **into** দিয়ে বোঝানো হয়। বিপরীতে, তার মধ্যে থেকে কোনও কিছুকে বের করাকে **out of** দিয়ে বলা হয়। **out** হল **in**-এর বিপরীত, এবং **outside** হল **inside**-এর বিপরীত।



in or into in or inside

out of

outside

আমরা এই শব্দগুলির ব্যবহার নিচের বাক্যগুলিতে দেখব।

The books are in your bag.

He didn't come into the house.

Is her book in that bag?

He was born in 2010.

The children were playing in the street.

Wait inside the car till I get the keys of the house.

They ran out of the building when they felt the earthquake.

You will have to wait outside the house till I get the keys.

The frog jumped out of the box.

I shall be out of town next week.

2. in, within ব্যবহার

আমরা আগে দেখেছি যে X is on Y বোঝায়, X ভর করে Y-এর ওপর। এবারে দেখব X is in Y-এর অর্থ হল X-কে Y ঘিরে রাখে। অর্থাৎ, Y-এর সীমানা X-কে আবদ্ধ করে। নিচের বাক্যদুটিতে এই পার্থক্য স্পষ্ট হয়—

I place this coin on my hand.

What have I got in my hand?

একটির মধ্যে আরেকটি এই অর্থ ছাড়াও শুধু in একটি স্থান বা সময়কালের আগে বসে তার সীমানা বোঝায়, যেমন, in the district, in the region, in the morning, in the day, in the month ইত্যাদি। কোনও স্থান বা সময়কালের নির্দিষ্ট সীমানার মধ্যে বোঝাতে আমরা within ব্যবহার করি, যেমন within an area, within six hours।

My school is within walking distance.

The letter should reach within three days.

বিশেষ কয়েকটি অন্য ব্যবহার দেখা যায় in-এর ক্ষেত্রে, যেখানে একটি বিশেষ ধারণা তৈরি করা হয়। উদাহরণ হল, in trouble, in good health, in debt, written in English ইত্যাদি।

If you do not finish your homework, you will be in trouble.

My grandfather is in excellent health.

The novel is written in Bengali.

3. in, during, through ব্যবহার

সময়ের ক্ষেত্রে in ব্যবহার হয় সময়কালের মধ্যে বোঝাতে। কোনও কোনও বাক্যে সময়কালের প্রান্তিক সীমাটিকেও নির্দিষ্ট করা হতে পারে—

সময়কাল

In summer our school remains closed for about a month. My father was born in the 20th century, in 1921.

This town was not built in a day. Our classes will start in July.

সময়কালের প্রান্তিক সীমা

I will be with you in a moment. He will be back in a week.

He is seventy but still runs a kilometer in six minutes. We will reach your home in ten minutes.

নির্দিষ্ট সময়কালের মধ্যে কোনও ঘটনা বা ঘটনাবলীর চলতে থাকাকে বোঝাতে আমরা **during** ব্যবহার করি, যেমন—

The examination will be held during September.

কোনও স্থান, রেখা, বা তলের মধ্যে দিয়ে যাওয়া বলতে আমরা আগে পেয়েছি by a point, or across a line or surface। আয়তন বা সময়কালের ক্ষেত্রে মধ্যে দিয়ে যাওয়া বলতে আমরা through ব্যবহার করব, যেমন—

Knock a hole through the wall.


It rained all through the night.

6.5 ওপর-নিচের স্তরভেদ বোঝানো

ওপর-নিচের স্তরভেদ বোঝাতে যে শব্দগুলি ব্যবহার হয় সেগুলি হল,
up, down; over, under, underneath; above, below, beneath

1. up, down; over, under, underneath; above, below, beneath ব্যবহার

চিত্রে up, down এবং over, under-এর ব্যবহার দেখে নাও।




on-এর ব্যবহারের সঙ্গে over, under-এর ব্যবহারের পার্থক্য বুঝে রাখো।

It is raining. I shall hold the umbrella over your head. The big hat on your head will protect you from the sun.

There is a dog under the table. Can you see the lizard on the ceiling?

স্থিতি ছাড়া চলমান কিছুকেও over ও under দিয়ে প্রকাশ করা যায়।



এর উদাহরণ হিসাবে বলা যায়, over-bridge, under-pass ।

Do not cross the railroad track on foot. There is an over-bridge. There is an under-pass for cars below the railroad track

আমরা under ও over দিয়ে আরো কয়েকটি উদাহরণ নিচে দেখব—

The cow jumped over the fence.

She wore a coat over her dress.

I shall climb over that wall.

There is a narrow bridge over the river.

I am afraid to look over the edge of the cliff.

Ram has travelled all over India.

Ram is an old man. He is over sixty.

Akbar ruled over a great empire.

She is yet to get over the shock of the death of her sister.

We heard the news over the radio.

Have you looked for the keys under the table?

It took us under an hour to reach Bolpur.

The building is under repair.

He has twenty people working under him in the factory.

He is under stress on account of the workload.

Under what conditions did you allow him to leave?

Art and craft is under their syllabus, not under extra-curricular activities.

Sita is a young girl. She is under eighteen.

He writes under a pen-name.

The village was under water for a week due to the flood.

বস্তুগতভাবে কোনও কিছুর নিচে চাপা থাকার অবস্থাকে বোঝাতে আমরা underneath ব্যবহার করি।

I found this important letter underneath a pile of newspapers.

কোনও উচ্চতর স্তরে বা স্থানে বোঝাতে above আর কোনও নিম্নতর স্তরে বা স্থানে বোঝাতে below ব্যবহার হয়।

The water in the dam is rising above the danger-mark.

I could not hear her above the loud music.

This summer, the temperatures have been above average.

নিম্নতর অবস্থানকে জোর দিয়ে বোঝাতে beneath ব্যবহার হয়, যেমন—
beneath the waves, beneath contempt।

The boat disappeared beneath the waves.

His rudeness is beneath contempt.

The water is now below the danger-mark.

Ram and Hari work in the same office. Hari is below Ram in rank.

This winter, the temperatures have been below average.

6.6 পারস্পরিক সম্পর্ক ও তুলনা বোঝানো

বাক্যে পারস্পরিক সম্পর্ক বা তুলনা করার সময় যেসব preposition সাধারণত ব্যবহার হয় সেগুলি হল—

1. with, without,
against

2. between, among
(amongst)

3. like, unlike,
as

1. with, without, against ব্যবহার

এই শব্দগুলি কোনও চলনমান অবস্থা বা সঞ্চরণের ইঙ্গিত থাকলে ব্যবহার হবে। এটা খেয়াল না রাখলে by ও with-এর ব্যবহার গুলিয়ে যেতে পারে। নিচের উদাহরণগুলি দেখো—

I write by a pen. নাকি I write with a pen.

Come and sit by me. নাকি Come and sit with me.

আপাত দৃষ্টিতে দুই ধরনের বাক্যই ঠিক মনে হতে পারে। কিন্তু, প্রথম বাক্যটি ঠিক নয়, কারণ লেখার সময় পেনটি ধরে আমার হাতটি চালাতে হয়, তাই হবে write with a pen.। বাক্যের দ্বিতীয় জোড়াটির দুটোই হতে পারে পরিপ্রেক্ষিত অনুযায়ী। কেউ কোনও স্থির জায়গায় বসে অন্যকে পাশে এসে বসতে অনুরোধ করলে হবে sit by me বা sit by my side.। কিন্তু, কোনও চলমান স্থানে বসে একসঙ্গে যাওয়ার উদ্দেশ্যে বললে হবে, sit with me, and we shall go together।


This is a beautiful park.

This train is going to Bolpur.

Come and sit by my side.

Come and sit with me.

নিচের প্রথম ছবিটিতে এটা বোঝানো হয়েছে।



প্রথম ছবিটিতে বলা যায় X is going with Y, অথবা বলা যায় Y is going with X অথবা X and Y are going together. এমনটা না হলে বলব, X is not going with Y, যাকে বলা হবে X is going without Y.।

দ্বিতীয় ছবিটিতে দেখানো হয়েছে চলার পথে বিপরীত দিকে থেকে পরস্পরের মুখোমুখি। এই ক্ষেত্রে আমরা বলব X is going against Y. এবং, এই অর্থে বলতে পারি—

swim against the current,
fight against temptation,
produce arguments against
one's opponent in a debate

lean against the wall,
struggle against competition,
fight against corruption,

অন্য ভাবে বলা এই ধরনের কিছু বাক্যে with-এর ব্যবহার হতে পারে—

fight with an adversary,
argue with one's brother,

struggle with a problem,

এই ক্ষেত্রে with-এর ব্যবহারের কারণটা খেয়াল করতে হবে—বিপক্ষের সাথে একই বিবাদে লিপ্ত হওয়া। আরো স্পষ্ট করে with ও against-এর ব্যবহার বোঝা যাবে নিচের উদাহরণটি থেকে।

মনে করা যাক রাম ও শ্যাম একদিকে এবং অন্যদিকে যদু ও মধু মিলে একটা খেলা খেলছে। আমরা বলব—

Ram is playing with Shyam, Jadu is playing with Madhu, and Ram and Shyam are playing against Jadu and Madhu.

2. **between, among (amongst)** ব্যবহার

সাধারণত, যেকোনও দুটি বস্তু, ব্যক্তি বা বিষয়ের মাঝে between আর দুইয়ের বেশি বস্তু, ব্যক্তি বা বিষয়ের মাঝে হলে among বা amongst ব্যবহার হয়—

I can divide the money between you two.

I can distribute the money among you all.

The property was divided between the two brothers.

Please distribute the fruits among the children.

অনেক সময়ে দুইয়ের বেশি হলেও between ব্যবহার করা হতে পারে, যেমন— Consider the difference between various factors.

3. like, unlike, as ব্যবহার

মনে রাখো, like একটি preposition, কিন্তু as একটি conjunction, কোনও preposition নয়। তাহলেও বাক্যে প্রায়ই like-এর ব্যবহারের সঙ্গে as-এর ব্যবহার গুলিয়ে যায়। তাই শব্দ দুটির ব্যবহারের পার্থক্য বুঝে নিতে হবে।

কোনও ব্যক্তির সঙ্গে তুলনা করে অন্য আরেকজন ব্যক্তিকে অনুরূপ দেখা গেলে তাকে আমরা like বলি। বিপরীতে, অনুরূপ না হলে unlike বলি।

Hari walks just like his father.

Unlike his father, Jadu walks very slowly.

মনে রাখতে হবে যে আমরা like ব্যবহার করি মূলত ব্যক্তি, বস্তু, বা বিষয়ের তুলনা করতে। কিন্তু as ব্যবহার হবে কাজের তুলনায়, অথবা কোনও কাজের ব্যক্তি-ভূমিকায়, বস্তু, বা বিষয়কে দেখতে। নিচের উদাহরণে আমরা সঠিক বাক্যগুলির পাশে ভুল বাক্যগুলিকে কেটে দিয়ে দেখিয়েছি।

Jadu walks just like his father.

~~Jadu walks just as his father.~~

Jadu walks just as his father used to walk.

~~Jadu walks just like his father used to walk.~~

As a speaker, he was brilliant.

~~Like a speaker, he was brilliant.~~

You are just like him.

~~You are just as him.~~

You are doing it just as he does.

~~You are doing it just like he does.~~

*He spoke to me like a father.

*He spoke to me as a father.

**He wrote to me as a legal advisor.

**He wrote to me like a legal advisor.

প্রথম পাঁচটি বাক্যের ক্ষেত্রে as ও like-এর ব্যবহারের পার্থক্য সহজেই বোঝা যায়। শেষের দুটি বাক্যের ক্ষেত্রে দুই রকম ব্যবহারই হতে পারে। ব্যবহারের সময় অর্থটা বিশেষভাবে খেয়াল করতে হবে। *চিহ্নিত বাক্যটিতে যে ব্যক্তিটির কথা হল হচ্ছে (He) তিনি আমার পিতা নন, কিন্তু পিতার মতো করেই (ব্যক্তি-তুলনা) আমাকে বলছেন। তাই এখানে like হবে, as হবে না। কিন্তু বাস্তবিকই পিতা তাঁর ব্যক্তি-ভূমিকা থেকে আমাকে কিছু বললে আমি বলব as a father, he told me to behave properly.। এখানে as হবে, like হবে না। এই একই কারণে **চিহ্নিত পরের বাক্যটিতে বাস্তবিকই যে legal advisor

তার ব্যক্তি-ভূমিকাকে আমরা বলব as, like নয়। কিন্তু ব্যক্তি-তুলনার সময় like বলব, যেমন, My friend advised me like a legal advisor.।

6.7 অন্যভাবে preposition ব্যবহার

1. অর্থ অনুযায়ী preposition ব্যবহার

আমরা যে ব্যবহারগুলি দেখলাম, তাছাড়াও বাক্যের বিশেষে অর্থ অনুযায়ী একটির বদলে অন্য আরেকটি preposition ব্যবহার হতে পারে। নিচের বাক্যগুলিতে preposition ব্যবহারের পার্থক্য লক্ষ্য করো—

We arrived at the station five minutes earlier.

We arrived on the platform just as the train came in.

We arrived in Kolkata late last night.

প্রথমটিতে station ম্যাপের একটি নির্দিষ্ট বিন্দু হিসাবে ভাবা হচ্ছে, দ্বিতীয়টিতে platform একটি দীর্ঘ তল, আর তৃতীয়টিতে Kolkata একটি বিস্তৃত স্থান। এই ভাবে বক্তার দৃষ্টিভঙ্গি অনুযায়ী বলা যায়—

I am sitting comfortably in a chair. (চেয়ারের মধ্যে বসা)

Please sit on that chair. (তল হিসাবে চেয়ারে বসা)

You can sleep comfortably in this bed. (বিছানায়, মধ্যে)

I took rest on a bed. (বিছানার ওপরে)

We drove across Bolpur. (স্থান দিয়ে)

We drove through Bolpur. (স্থানটির রাস্তা, বাড়ি অতিক্রম করে)

2. অন্য ধরনের complex preposition ও prepositional phrase

এখানে যে শব্দগুলি আলোচনা করা হয়েছে সেছাড়াও আরো কিছু শব্দ ব্যবহার হতে পারে preposition হিসাবে। একাধিক শব্দ নিয়ে গঠিত preposition— যেমন, in front of-কে বলা হয় জটিল বা complex preposition। আবার, preposition শব্দগুলির সঙ্গে অন্য কোনও একটি শব্দ নিয়ে গঠিত কিছু শব্দগুচ্ছ পাই, যেগুলি preposition হিসাবেই কাজ করে বলে, prepositional phrase বলা হয়। preposition ও prepositional phrase শব্দগুলির একটি তালিকা পাওয়া যাবে “ইংরেজি ব্যাকরণ” রীতি বইটাতে।

3. অন্য শব্দের পরে preposition-য়ের যান্ত্রিক ব্যবহার

আমরা আগে বলেছি, preposition শব্দ কোনও ব্যক্তি, বস্তু, বা বিষয়ের আগে বসে তাদের স্থান, বা সময়ের দিক, অভিমুখ ও সঞ্চারণ বোঝাতে, এবং তার

ব্যবহারের নিয়মগুলির ব্যাখ্যা করেছি। কিন্তু এই নিয়মগুলি সর্বদা মানা হয় না। কখনো যান্ত্রিক ভাবে preposition ব্যবহার হতে দেখা যায় অন্য শব্দ, বিশেষত কোনও কোনও adjective, verb, এমনকি noun-য়ের পরে। এর কোনও ব্যাখ্যা যুক্তি দিয়ে করা যায় না, তাই এইগুলি মনে করে রাখা ছাড়া উপায় নেই। “ইংরেজি ব্যাকরণ” রীতি বইটাতে adjective-য়ের পরে preposition, verb-য়ের পরে preposition বা phrasal verb, ও noun-য়ের পরে preposition-য়ের শব্দগুচ্ছ তালিকা পাওয়া যাবে।

4. Adverbial particle— preposition শব্দের অন্য ভাবে ব্যবহার
আমরা আগে বলেছি, preposition শব্দগুলি ব্যক্তি, বস্তু বা বিষয়ের আগে বসে। আবার কিছু preposition শব্দ ব্যক্তি, বস্তু বা বিষয়ের থেকে বিচ্ছিন্ন ভাবে ব্যবহার হতে পারে — শব্দগুলির পরে কোনও ব্যক্তি, বস্তু বা বিষয় থাকে না। এই ব্যবহারে শব্দগুলি বাক্যের বিশেষ অর্থ তৈরি করে ও তখন শব্দগুলিকে আর বাক্যের preposition বলা হয় না, বলা হয় adverbial particle। নিচে উদাহরণ দিয়ে দেখব (মূলত Close, R. A.1962. *English as a Foreign Language*, বইটি থেকে) কীভাবে কিছু preposition শব্দ adverbial particle হিসাবে ব্যবহার হতে পারে। adverbial particle-এর বৈশিষ্ট্য হল এগুলি কোনও স্থান বা সময়ের প্রেক্ষিতে চলাচল বা সঞ্চারণ বোঝায়।

Preposition

Walk across the street.
I saw him coming along the road.
Who is that behind you?
My classroom is below the main library.
I passed by your window.
We ran down the hill.
Keep the child in front of you.
She is sitting in the car.
Go inside the house
Get off the bus.
Get out of the room.
The children are playing outside the house.

Adverbial Particle

How can we get across?
Come along.
Don't be left behind.
I am going below.
Did you see who passed by?
Go down.
Keep him in front.
Get in.
Stay inside.
Get off quickly.
Get out.
Go outside.

The horse jumped over the fence.	Jump <u>over</u> quickly.
She drove past the school.	Drive <u>past</u> .
I haven't seen him since the New Year.	I haven't seen him <u>since</u> .
The rat came in through the hole.	How can I get through?
Will you climb up the hill again?	Don't run <u>up</u> .
We are still beating about the bush.	What are you talking <u>about</u> ?
He lives round the corner.	Turn <u>round</u> .
The children jumped over the gate.	It is your turn to come <u>over</u> .
The traders are setting out their porcelain ware at the fair.	After stopping in Bolpur for a week, we will set <u>out</u> again.
Hari was setting off crackers on the roof.	We have to set <u>off</u> early.
Thank you for pointing out the mistakes.	She corrected her mistakes after those were pointed <u>out</u> .
I have to turn down this invitation.	Don't press that side. The table-top turns <u>down</u> .
It was difficult to break down that structure.	Seeing her friend's condition, she broke <u>down</u> .
Eat a heavy breakfast and do without lunch.	No milk! Do <u>without</u> .

দুটি বিশেষ adverbial particle আছে যা কোনও preposition শব্দ নয়। এই দুটি শব্দ হল away আর back, যেমন— Don't go away. Please come back.। এছাড়া ইংরেজিতে post-position-এ দেখা যায় একটি বিশেষ শব্দকে—ago, যা কোনও কেবল সময়কালের পরেই বসে, যেমন— a long time ago, five minutes ago।

কথোপকথনে প্রায়ই দেখা যায় যে একটি adverbial particle-এর পরে আবার একটি preposition-ও ব্যবহার হচ্ছে। নিচের বাক্যগুলিতে এগুলির কিছু উদাহরণ দেওয়া হল।

I am just going <u>over to</u> the fish market.	Do I have to come <u>along to</u> the station with you?
---	---

We have some rice in the store to fall back upon.

He has gone up to college now.

Go down to the kitchen in the groundfloor and get me some tea.

Hari has gone off to school quite happily.

Can you help me get up on to the roof?

I have to look out for spelling mistakes while correcting the answer scripts.

5. Adverbial Particle এবং Preposition ব্যবহার

বাক্যের দুটি বিশেষ গঠন হল, যুক্ত (non-separated) ও বিযুক্ত (separated) বাক্য। বিযুক্ত বাক্যগুলি adverbial particle ব্যবহার করার কারণে বিভিন্নভাবে গঠন করা যায়। কিন্তু যুক্ত বাক্যগুলি preposition ব্যবহার করার ফলে এক ভাবেই গঠন করা যাবে, কারণ preposition-টিকে সর্বদাই ব্যক্তি, বস্তু, বা বিষয়টির আগে বসাতে হবে। উদাহরণ— Take off your hat. এই বাক্যটিতে off একটি adverbial particle যা hat-কে সরানো বোঝাচ্ছে। এই বাক্যটিকে অন্য ভাবেও বলা যাবে, যেমন Take your hat off. অর্থাৎ off শব্দটি বস্তুটির (hat) আগে বা পরেও বসতে পারে। আরেকটি বাক্য—Take that hat off your head. বাক্যটিতে off একটি preposition যা সর্বদা your head-এর আগে বসবে। তাই এটিকে আর অন্য ভাবে গঠন করা যাবে না। আরো উদাহরণ—

বিযুক্ত (separated) বাক্য

Call in the doctor; call the doctor in; call him in

Call up the reserves; call the reserves up;

Look up this word in the dictionary; Look this word up in the dictionary;

বিযুক্ত বাক্যে কোনও বস্তু বা বিষয়ের বদলে ব্যক্তি-নির্দেশ (pronoun) হলে অবশ্য অন্য রকম করা যাবে না। Adverbial particle-টি ব্যক্তি-নির্দেশের পরেই বসবে, যেমন We set off at dawn; We started out too early।

যুক্ত (non-separated) বাক্য

Call at the hospital and see how the patient is.

Crawl up the slope.

Look up the chimney.

পাঠ 7. নানা ধরনের বাক্যের গঠন

গঠন অনুযায়ী ভাগ করলে বাক্যের ধরন মূলত চার রকমের হতে পারে। এগুলো হল—Simple Sentence (সিম্পল সেনটেন্স), Compound Sentence (কমপাউন্ড সেনটেন্স), Complex Sentence (কমপ্লেক্স সেনটেন্স), ও Compound-Complex Sentence (কমপাউন্ড-কমপ্লেক্স সেনটেন্স)। বাক্যে কী ধরনের ও কটা Clause (ক্লজ) আছে সেই দিয়ে এই ভাগগুলো করা হয়। এ সম্বন্ধে আলোচনা আছে “ইংরেজি ব্যাকরণ রীতি” বইটাতে।

এখানে আমরা ব্যাকরণগত আলোচনায় না ঢুকে গঠনগুলোকে চিনব বাক্যের উদাহরণ অনুশীলন করে। তাহলেও, বোঝার সুবিধার জন্য আমাদের বিশেষ করে জেনে রাখতে হবে বাক্যের **শব্দগুচ্ছ** বা **Phrase** (ফ্রেজ) ও **বাক্যাংশ** (উপবাক্য) বা **Clause** (ক্লজ) কাকে বলে। ফ্রেজ হল বাক্যে ব্যবহার করা দুই বা দুইয়ের বেশি কয়েকটা পরপর শব্দের গুচ্ছ। শব্দগুলো এই শব্দগুচ্ছে পরস্পর সম্পর্কিত হয়ে কোনও অর্থ সৃষ্টি করে। কিন্তু এগুলো ক্লজ হয় না। এর মধ্যে বাক্যের Subject (সাবজেক্ট) বা Predicate (প্রেডিকেট) (বা ভারব) থাকে না। ক্লজ বলতে আমরা বুঝি বাক্যের কোনও শব্দসমষ্টি, যা পুরো বাক্যটা বা তারই একটা উপবাক্য বা অংশ, যার মধ্যে সাবজেক্ট ও প্রেডিকেট দুটোই আছে। কমপ্লেক্স সেনটেন্স বা জটিল বাক্যে আমরা দুই ধরনের ক্লজ পাই—Independent Clause (ইনডিপেন্ডেন্ট ক্লজ) ও Dependent Clause (ডিপেন্ডেন্ট ক্লজ)। ইনডিপেন্ডেন্ট ক্লজ হল স্বনির্ভর ও ডিপেন্ডেন্ট ক্লজ হল পর-নির্ভর কারণ তার অর্থ স্বনির্ভর ক্লজ ছাড়া সম্পূর্ণ হয় না। এ সম্বন্ধে আলোচনা আছে “ইংরেজি ব্যাকরণ রীতি” বইটাতে।

7.1 কাজ শব্দের সঙ্গে to ব্যবহার—Infinitive

দুটি বাক্যের তফাত দেখো—

We play football. We like to play football.

প্রথম বাক্যটিতে play শব্দটি সক্রিয় কাজ শব্দ। আর দ্বিতীয়টিতে like হল সক্রিয় কাজ শব্দ। এখানে play শব্দটির আগে ‘to’ বসিয়ে পাচ্ছি to play, যা হল একটি infinitive। এই infinitive-এর বৈশিষ্ট্য হল, বাক্যে সময়কাল বা ব্যক্তি-পুরুষের পরিবর্তন হলেও এটি পাল্টায় না। অতীতকালের বাক্যে like-এর

জায়গায় liked হবে, কিন্তু to play পাঠাবে না। আবার, We-এর জায়গায় He বসালে like হয়ে যাবে likes, কিন্তু to play পাঠাবে না—

We liked to play football. He likes to play football.

এই ‘to’ শব্দটিকে, preposition হিসাবে যে ‘to’ শব্দ ব্যবহার হয় তার সঙ্গে গুলিয়ে ফেলা চলবে না। একটি উদাহরণ দেখো—

We take that road to go to the village.

এখানে take হচ্ছে সক্রিয় কাজ শব্দ, to go হচ্ছে infinitive, আর to the village-এর ‘to’ হল preposition যা দিক বা স্থান নির্দেশ করছে।

বাক্যে infinitive-এর ব্যবহার

To err is human.

To wait seemed foolish.

Her desire is to learn dancing.

The children wanted to go home.

You must study to learn arithmetic.

He did not have the strength to run.

We wanted to leave early to go to the station.

I have work to do before going to school.

Sita asked him to bring some biscuits.

My mother wanted me to be a teacher in the village school.

মনে রাখো, কিছু কিছু ব্যবহারে শব্দের শেষে ‘to’ বসানো হবে—

- have to, used to, ought to, need to;
- কখনো বিশেষ ক্ষেত্রে: come to (come to know) get to (get to like);
- উদ্দেশ্য বোঝাতে: returned to work, got up to go, in order to;
- কিছু বিশেষ কাজ শব্দের শেষে: agree to, appear to, decide to, fail to, happen to, endeavour to, hesitate to, manage to, promise to, refuse to, seem to, take care to, try to, undertake to, want to;
- কোনও কোনও কাজ শব্দের ঠিক পরেই কোনও ব্যক্তি বা বস্তু থাকলে: advise him to, ask him to, allow me to, cause you to, encourage you to, expect you to, force it to, persuade her to, prefer this to, teach the boy to, want them to;
- কাজ শব্দ নয়, ব্যক্তি বা বস্তুর গুণাগুণ বোঝায় এমন কিছু শব্দের শেষে: sure to, sorry to, pleased to, able to, glad to, delighted to, happy to, likely to।

আবার, কিছু কিছু শব্দ আছে যার শেষে to শব্দটি উহ্য থাকে—

- নেতিবাচক ও প্রশাসূচক বাক্যে, need ও dare-এর শেষে, যদি do শব্দটির ব্যবহার না থাকে—যেমন, I dare not go. Dare I go? I need not go. Need I go? কিন্তু, do শব্দটির ব্যবহার থাকলে to উহ্য থাকবে না, I don't dare to go. Do I dare to go? I don't need to know? Do I need to know? সাধারণ ইতিবাচক বাক্যেও to-এর ব্যবহার থাকবে, যেমন I need to know where you have been.;
- better, rather, ও sooner—যেমন, I would better go now. I would rather die than eat this. I would sooner go for a swim. He would sooner realise the mistake.
- let ও make—যেমন, Please let me go. What makes you think so? কিন্তু মনে রাখতে হবে, পরোক্ষ বাক্যে (কর্মবাচ্য) made-এর ক্ষেত্রে to থাকবে—যেমন, I have been made to believe that you are not coming.
- help, see, watch, hear, feel, notice, ও known, knew, শব্দগুলির শেষে to infinitive উহ্য থাকে। কিন্তু, পরোক্ষ (কর্মবাচ্য) বাক্যে to-এর উল্লেখ হয়—যেমন, He was seen to play there.

7.2 to infinitive-এর বদলে -ing form-এর ব্যবহার

কাজ শব্দের to infinitive দিয়ে যেমন বাক্য গঠন হয়, প্রায় তারই মতো কাজ শব্দটির শেষে -ing যুক্ত করেও বাক্য গঠন করা যায়। এই শব্দগুলিকে -ing form বলে। বাক্যগঠনে কোনটা ব্যবহার করা হবে, infinitive না -ing form, তার কোনও সাধারণ নিয়ম নেই। বক্তার পছন্দ অনুযায়ী যেকোনওটির ব্যবহার চলতে পারে অর্থাৎ ঠিকভাবে বোঝাতে। কিন্তু, কিছু বিশেষ বিশেষ ক্ষেত্রেও হতে পারে যখন এদের ব্যবহারের পার্থক্য করতে হবে। দুটির ব্যবহারে সূক্ষ্ম একটি তফাত মনে রাখা যেতে পারে—infinitive নির্দিষ্ট করে কাজটি করাকে, আর -ing form বোঝায় কাজটির হয়ে চলাকে, বা প্রবাহকে।

বাক্যে infinitive ও -ing form ব্যবহার

I like to go to school.

I like going to school.

She began to work here from last week.

She began working here from last week.

Sita loves to sing.

Sita loves singing.

You must start to play football.

You must start playing football.

He does not like to climb trees.

He does not like climbing trees.

to দিয়ে infinitive হবে

-ing form হবে না

I hope to go home next month.

~~I hope going home next month.~~

They agreed to play football.

~~They agreed playing football.~~

She decided to learn English.

~~She decided learning English.~~

She wants to learn English.

~~She wants learning English.~~

I need to talk to the students.

~~I need talking to the students.~~

I expect to do well in the exams.

~~I expect doing well in the exams.~~

Ram intends to go to Kolkata next month.

~~Ram intends going to Kolkata next month.~~

ওপরের যে বাক্যগুলিতে -ing form হবে না বলা হয়েছে সেগুলি এক একটি সম্পূর্ণ বাক্য। এই বাক্যগুলিই কিন্তু বাক্যাংশ হিসাবে অন্য কোনও অর্থে ব্যবহার হলে সেখানে -ing form হতেও পারে—যেমন, I hope going home next month will not be a problem.। আবার চলিত কথায় কখনো -ing form ব্যবহার হতেও পারে—যেমন, Ram intends going to Kolkata next month. ।

-ing form হবে

to দিয়ে infinitive হবে না

I enjoy singing.

~~I enjoy to sing.~~

Do not give up dancing.

~~Do not give up to dance.~~

Sita is fond of cooking.

~~Sita is fond of to cook.~~

Do not miss going to school.

~~Do not miss to go to school.~~

She got tired of cooking.

~~She got tired of to cook.~~

Do not put off writing the letter.

~~Do not put off to write the letter.~~

He will get used to staying in the village.

~~He will get used to to stay in the village.~~

সাধারণভাবে বলা যায় যে কোনও কাজ করা বা না করাকে নির্দেশ করতে to infinitive আর কোনও কাজের প্রক্রিয়াকে নির্দেশ করতে -ing form-এর ব্যবহার হয়।

It is good to eat out, but it is better to eat home-cooked food.

এই বাক্যটিতে -ing form ব্যবহার হয় না কারণ, এখানে কাজটিকে নির্দেশ করা হচ্ছে। কিন্তু কাজের প্রক্রিয়াকে নির্দেশ করতে -ing form ব্যবহার হবে—

Carrying the bag on your back would be easier.

It is no good arguing with him.

It is no use crying over spilt milk.

যেসব বাক্যে to infinitive অথবা -ing form-এর যেকোনও একটি ব্যবহার করা সম্ভব, সেখানেও কিন্তু খেয়াল রাখতে হবে বাক্যটি শুনতে কেমন হবে। বাক্যে বারবার to infinitive বা -ing form ব্যবহার পারলে না করাই ভালো।

I like to eat home-cooked food than to go to a restaurant.

-এর বদলে

I like to eat home-cooked food than going to a restaurant.

বলাই ঠিক হবে।

আবার, I am just beginning writing the book. -এর বদলে

I am just beginning to write the book. বলাই ঠিক হবে।

এরপর খেয়াল রাখতে হবে বাক্যটির অর্থ—ঠিক কী বলতে বাক্যটি ব্যবহার করা হচ্ছে। আমরা আগেই বলেছি যে infinitive ও -ing form-এর মধ্যে একটা সূক্ষ্ম তফাত আছে—infinitive নির্দিষ্ট করে কাজটি করাকে, আর -ing form বোঝায় কাজটির হয়ে চলাকে, বা প্রবাহকে। অনেক সময়ে তাই যে কাজটি এখনো করা হয়নি, সেটি করার কথা বলতে infinitive ব্যবহার হবে, -ing form নয়। আবার, যে কাজটি করা হয়েছে বা হয়ে চলবে, বা চলছে, তার সম্বন্ধে বলতে -ing form ব্যবহার হবে, infinitive নয়। উদাহরণ—

Are you not ashamed of dressing like this on a formal occasion?

Are you not ashamed to dress like this for a formal occasion?

প্রথম বাক্যটি ব্যবহার হচ্ছে যখন ঘটনাটি ঘটে গেছে, আর দ্বিতীয়টির ক্ষেত্রে ঘটতে চলেছে। একই কারণে, আমরা বলব—

Would you like to go to the movie this evening?

এখানে বলব না, Would you like going to the movie this evening?

আবার, I would have liked watching movies if they had some educational value. এই বাক্যটিতে infinitive ব্যবহার না করাই ভালো।

অনেক সময়ে দেখা যায় যে infinitive আর -ing form-এর ব্যবহার বাক্যে একই অর্থ বোঝায় না—

Ram forgets to feed the dog.	খাওয়াতে ভুলে যায়
Ram forgets feeding the dog.	খাইয়েছে কিনা ভুলে যায়
Ram forgot to feed the dog.	খাওয়াতে ভুলে গিয়েছিল
Ram forgot feeding the dog.	ভুলে গিয়েছিল যে খাইয়েছিল
Ram remembers to feed the dog.	খাওয়ানোর কথা মনে রাখে
Ram remembers feeding the dog.	খাইয়েছে মনে রাখে
Ram remembered to feed the dog.	মনে রেখেছিল খাওয়াতে হবে
Ram remembered feeding the dog.	মন রেখেছিল যে খাইয়েছে

কোনও কোনও জটিল বাক্যে পর পর কয়েকটি infinitive ব্যবহার করার সময় সাবধানতা প্রয়োজন। শুধু শুনতে কেমন তাই নয়, অর্থটাও স্পষ্ট করতে হয়তো infinitive-এর বদলে -ing form ব্যবহার করলে বাক্যটি সহজ হয়।

We decided to make another attempt to build the house and to pool all our resources.

এই বাক্যটিতে তিনটি to যে শুনতে ঠিক লাগছে না, তা তো বটেই, অর্থটাও ঠিক হচ্ছে না। মনে হচ্ছে যেন স্থির করা হয়েছে বাড়িটি বানানোর চেষ্টার পরে যাবতীয় রসদ জোগাড়ের ব্যবস্থা হবে। বাক্যটি তাই এমন হলোই ঠিক হয়—

We decided to make another attempt at building the house, pooling all our resources.

আগের বাক্যটিতে খেয়াল করতে হবে infinitive-এর পরিবর্তে -ing form ব্যবহার করায় দিক বা স্থান নির্দেশকারী শব্দটি (preposition) কিন্তু পাল্টে যাচ্ছে—attempt to build-এর বদলে attempt at building। একইভাবে—

afraid to take	afraid of taking	pleasure to	pleasure of
decided to try	decided on trying	opportunity to	opportunity of
		to improve	improving

বাক্যে infinitive অথবা -ing form-এর ব্যবহার সম্বন্ধে সবশেষে উল্লেখ করতে হয় যে অনেক সময় কথা বলার বিশেষ ভঙ্গিতে বাক্য আরম্ভ করতে এদের ব্যবহার হতে পারে—যেমন,

Speaking frankly, To tell you the truth,

To cut a long story short, ইত্যাদি ।

7.3 বাক্যে -ing form-এর অন্যান্য ব্যবহার

আমরা দেখলাম বাক্যে -ing form-এর ব্যবহার infinitive-এর বদলে হতে পারে। এছাড়া, আরো অনেকভাবেও বাক্যে -ing form ব্যবহার হয়ে থাকে। মনে রাখো, -ing form ব্যবহারের কয়েকটি নিয়ম—

- একমাত্র infinitive-এর to ছাড়া, স্থান বা দিক নির্দেশকারী শব্দগুলির (preposition) ঠিক পরে -ing form বসতে পারে—যেমন, tired of waiting, fond of reading, refrain from smoking, without knowing facts, before eating, after going, talk about singing, for paying, ইত্যাদি;
 - যখন কোনও কাজকে একটি প্রক্রিয়া হিসাবে জোর দিয়ে বলা হয়—যেমন, I don't mind waiting, avoid drinking while driving, enjoy reading, ইত্যাদি;
 - কোনও কাজকে একটি প্রক্রিয়া হিসাবে চলতে বা জারি রাখতে বলা হয়—যেমন, keep writing, go on doing it, ইত্যাদি;
 - আবার, আগে থেকে চলে আসা কোনও কাজের প্রক্রিয়া সম্বন্ধে বলা হয়—যেমন, stop writing, finish studying, give up smoking, ইত্যাদি।
- বাক্যগঠনে -ing form-এর ব্যবহার সম্বন্ধে প্রথমেই উল্লেখ করতে হয় প্রবাহিত কাজের প্রক্রিয়াকে বোঝানো। উদাহরণ—

We watched him playing football.
I heard the boy shouting.

I saw the girl dancing.
He noticed the dog
running after the cat.

বিশেষ বিবরণ দিতে -ing form-এর শব্দগুচ্ছ (phrase) তৈরি করা হয়—

She noticed the boy walking to the station.

Having been a teacher, my mother knew the importance of reading good books.

The girl wearing the red dress is my sister.

He learnt many things by watching that film.

Arriving at the station, I found the train had already left.

The student getting the highest marks will be given a prize.

Working all day, Ram became tired.

Cooking for the students is what Sita likes to do.

ব্যক্তি বা বস্তু কীভাবে কাজের প্রক্রিয়াতে যুক্ত তার বিবরণ (adjective like) দিতে -ing form ব্যবহার করা হয়। এছাড়া, সরাসরি কোনও বস্তু বা বিষয়ের বৈশিষ্ট্য বা গুণাগুণের বর্ণনাও (adjective) দেওয়া যেতে পারে এই শব্দগুলি দিয়ে। -ing form-কে বলা হয় পার্টিসিপল (participle)। এই ভাবে ব্যবহার হলে এগুলোকে বলা হয় পার্টিসিপল অ্যাড্জেক্টিভ (participle adjective)।

আরেক ধরনের ব্যবহারে -ing form শব্দগুলি দিয়ে কোনও কাজের প্রক্রিয়াটিকেই একটি বিষয় হিসাবে দেখা যেতে পারে (noun like)। এগুলোকে বলা হয় জিরাণ্ড (gerund)। নিচের বাক্যগুলি দেখো—

Drinking water is good for health.

Drinking water is on the table.

He was so thirsty that after drinking the water given to him to the last drop, he asked for more.

প্রথম বাক্যটিতে Drinking বা পান করা একটি বিশেষ প্রক্রিয়া যাকে একটি বিষয় (noun like বা gerund) হিসাবে বলা হচ্ছে। কিন্তু দ্বিতীয় বাক্যটিতে Drinking শব্দটি জলের একটি বিশেষ গুণাগুণ বা ধরনকে (Drinking water বা পানীয় জলকে) নির্দিষ্ট করছে (adjective)। তৃতীয় বাক্যটিতে কিন্তু drinking শব্দটির প্রয়োগ adjective like, যা লোকটির এক বিশেষ অবস্থাকে বোঝাচ্ছে। আরো কিছু উদাহরণ—

noun like -ing form

Walking is good for you.

Eating fruits is good for health.

The students like my teaching.

My favourite hobby is listening to music.

The teacher scolded him for talking in class.

I like sleeping.

Smoking is bad for health.

adjective like -ing form

Walking home yesterday, I saw a cat.

Ignoring the traffic lights, the taxi ran over the man crossing the road.

Jumping into the car, we raced after the taxi.

Listening to the music, he danced.

Arriving late, the speaker of the seminar apologised.

Noticing her, he waved his hand.

Welcoming the delegates, the convener started his speech.

Don't tell me about climbing the stairs. I don't like climbing stairs. Running to catch the bus, he fell on the road and injured himself.

অধিকাংশ -ing form শব্দকে সরাসরি গুণাগুণ বা বৈশিষ্ট্য বোঝানোর শব্দ (adjective) হিসাবে ব্যবহার করা যেতে পারে, যদিও সবগুলিরই তুলনামূলক ব্যবহার নাও হতে পারে।

The sleeping child is in my room.

The crying baby had fever.

The smiling lady gave biscuits to the children.

The missing girl was found yesterday.

The boy stood on the burning deck.

She told me an interesting story. It was most interesting.

It was a tiring day. It could have been more tiring.

-ing form-এর শব্দগুলি দিয়ে অনেক সময়ে কোনও বস্তুর যা কাজ তা নির্দেশ করে শব্দবন্ধ তৈরি করা যায়, যেমন— swimming-pool, reading-lamp, drawing-pin, looking-glass, walking-stick, ইত্যাদি।

7.4 বাক্য গঠনে verb-ed ও verb-ing শব্দ ও শব্দগুচ্ছ

কাজ শব্দের অতীত রূপ (verb-ed form) ব্যবহার হয় অতীতকালের বাক্যে। নিচের দুটি বাক্য দেখা যাক—

The teacher was convinced of her dancing skill and allowed her to perform at the annual function of the school.

The training period was extended last year and the students did well in their exams.

এই বাক্যদুটির মধ্যে স্পষ্ট দুটি অংশ আছে যাদের যুক্ত করা হয়েছে and দিয়ে। এবার বাক্য দুটিকে অন্য ভাবে গঠন করা যাক—

Convinced of her dancing skill, the teacher allowed her to perform at the annual function of the school.

The training period, extended last year, made the students do well in their exams.

এই ভাবে verb-ed ব্যবহার করে বাক্য দুটিকে আরো সংক্ষিপ্ত ও স্পষ্ট করা যায়। এই ধরনের বাক্যের আরো উদাহরণ—

Asked to study hard, the boy spent ten hours a day with his books.

Ordered to complete the work quickly, they made the road within a week.

Selected for admission in a good school, Ram left for Kolkata last week.

Forced to complete the work, Ram could not go home on Sunday.

Advised to eat fruits, Sita ate at least two fruits during breakfast and two more after lunch.

Recommended as a good book, ten copies of it were ordered for the library.

Overwhelmed by the success of the play, we decided to perform it again at the fest.

Invited to speak at the seminar, he prepared a long speech.

কয়েকটি বিশেষ কাজ শব্দ ছাড়া, বাক্যগঠনে এই ধরনের verb -ed ব্যবহার হয় না। এর কারণ, verb -ed-এর সঙ্গে আরো কয়েকটি শব্দ মিলে যে শব্দগুচ্ছ (phrase) তৈরি হয় তা অর্থপূর্ণ হতে হয়। ওপরের উদাহরণগুলিতে এই ধরনের যে শব্দগুচ্ছগুলি আমরা পেলাম তা নিচে আলাদা করে দেওয়া হল—

Asked to study hard,

Ordered to complete the work quickly,

Selected for admission in a good school,

Forced to complete the work

Advised to eat fruits,

Recommended as a good book,

Overwhelmed by the success of the play,

Invited to speak in the seminar

একই ভাবে verb-ed-এর মতো verb -ing দিয়েও বাক্য গঠন করতে পারি। কয়েকটি -ing phrase-এর উদাহরণ দেওয়া হল—

There is a boy swimming in the river.

I was woken by her singing.

Do you know the boy riding the red bicycle?

There were some children playing here yesterday.

Did you see the woman speaking with Sita?

The path joining the village to the main road is not good for riding a bicycle.

7.5 বাক্য গঠনে wh-বাক্যাংশ ব্যবহার—wh-clause

wh-word বা শব্দগুলি হল—who, whom, whose, ও which, what, এবং how, when, where, why। এছাড়া আছে wh-ever words বা শব্দগুলি—যেমন, whoever, whichever, whatever, wherever, whenever, however, ইত্যাদি। আরো একটি শব্দ, whether, একটু বিশেষ ভাবে ব্যবহার হয়, বাক্যে হ্যাঁ বা না নির্দেশ করতে।

wh-word বা শব্দগুলির প্রয়োগ বাক্যে এক বিশেষ ধরন বা মাত্রা (wh-element) দেয়। এই বিশেষ ধরন বা মাত্রাটিতে wh-word-কে এককভাবে বা আরো দু'একটি শব্দের সঙ্গে দেখা যায়। এর উদাহরণ হল—who, whose book, how often, which pencil, whether or not, ইত্যাদি। এখানে wh-word প্রথমে আসে। কিন্তু, কখনো আবার প্রথমে একটি স্থান বা দিক নির্দেশকারী শব্দও (preposition) আসতে পারে—যেমন, in which, for how long, from where, ইত্যাদি। প্রশ্নসূচক বাক্যের প্রথমে এবং How ও What দিয়ে উচ্ছ্বাসসূচক বাক্যে wh-word একক প্রয়োগ হয়।

What are you eating?

When will you come?

Where is your house?

Who came here?

Which is your bag?

Why are you late?

How will you go?

Whom did you call?

What a mess!

How funny!

Where to go!

Who will help!

How lovely the flower looks!

What a strange sight!

মনে রাখো: এই ধরনের প্রয়োগে wh-word-টি সর্বদা বাক্যের আরম্ভে বসে এবং বাক্যে শব্দগুলির সাজানোটি উল্টে যায়—যেমন, you are উল্টে হয়ে যায় are you, you will উল্টে হয়ে যায় will you, ইত্যাদি। আরো লক্ষ করো, এই প্রশ্নগুলির উত্তর হ্যাঁ বা না দিয়ে হয় না। Is this your bag?—এর উত্তর হ্যাঁ বা না দিয়ে হয়। কিন্তু, Which is your bag?—এর উত্তরে স্পষ্ট করে বলতে হয় কোনটা—That is my bag.

বাক্যে যে wh-clause বাক্যাংশটি আরো কয়েকটি শব্দ নিয়ে গঠিত একটি শব্দসমষ্টি, যার প্রথমেই থাকে একটি wh-word অথবা wh-element। এটি বাক্যটির মূল বক্তব্যটির ওপর নির্ভর করে (dependent)। মূলত দুটি ধরনের wh-clause দেখা যায়—1. প্রশ্ন হিসাবে বলা অথবা 2. একটি বিষয় বা বস্তু

হিসাবে নির্দেশ করা। তৃতীয় একটি ধরন হয় যেখানে whether-এর ব্যবহার হয় হ্যাঁ বা না-সূচক অর্থে—যেমন, I wonder whether he is a friend or foe.

Noun-like শব্দসমষ্টি

I know what he likes.

You cannot guess how old she is.

He did not do well in his exams. That is why he was looking depressed.

I want to go to Bolpur. That is where I hope to spend my holidays.

I cannot explain how I solved this problem.

Whatever you do, do it sincerely.

Whichever path you take from this village, it will lead to Bolpur.

Whoever comes first gets the prize.

Dependent wh-question

Did he say when he would go to Bolpur?

Do you know which would be the easiest way to go there?

I asked Ram how I could get to the station.

Is there any reason why he should study in Kolkata?

Do you know who took my bag?

It is a difficult problem with which we will deal now.

We do not know where he goes every evening.

This is the house where I stayed last summer.

There are many trains from Kolkata to Bolpur. I have to decide which train would be the best.

A sunny day is what makes everybody happy.

Whenever you want to come, our doors will be open for you.

However hard I try, I will not be able to complete the work by tomorrow.

Wherever you go, I will follow.

Did he mention where he would be next week?

Did he tell you how to reach his village?

Do you know what makes them laugh?

Did he admit what he had done?

Let us think how we can make him do better next time.

I wonder which would be the shortest way to go there.

I do not remember where I saw you.

She did not know why he would not come.

She could not remember who took her bag.

Whether clause

I did not know whether he was in Kolkata.

Ram could not remember whether he had seen Jadu at the function.

He told me which would be the shortest way to reach there.

I suppose she knows how to reach Bolpur.

I wonder when she will learn to work hard.

She never asked me what I was doing.

Ram wanted to find out whether they were coming to the function.

They do not have much time to decide whether to send their son to Kolkata for higher studies or ask him to stay back in Bolpur.

7.6 বাক্যগঠনে that-বাক্যাংশ ব্যবহার—that-clause

বাক্যে wh-clause-এর মতো আরম্ভে that দিয়েও অর্থবহ শব্দসমষ্টি হয়, যাকে that-clause বলে। বাক্যে কোনও হয় কোনও কাজ সম্বন্ধে কিছু ভাবা বা বলা যায় that-clause ব্যবহার করে। এর উদাহরণ হল—

I think that he will do well in the exams.

আমরা পরে আলোচনা করব, এই রকম বাক্যে বহু সময়েই that শব্দটি উহা রাখা যায়, আবার কখনো তা করা যায় না।

দ্বিতীয়ত, কাজ শব্দের বদলে যদি বাক্যের মূল বক্তব্যে কোনও গুণাগুণ বা ভাব বোঝায় এমন শব্দ (adjective) ব্যবহার হয়, তাহলেও তা that-clause দিয়ে বোঝানো যেতে পারে। এর উদাহরণ হল—

The flower is so beautiful that everyone noticed it.

তৃতীয়ত, that-clause-এর ব্যবহার দেখা যায় উদ্ধৃত বা ঘোষিত বাক্যে (reported speech)। উদাহরণ হল—

He said that Jadu was not well.

মনে রাখো: whether বা if-এর বদলে that-clause অর্থ পাল্টে দেয়—

I did not know whether he was in Kolkata.

I did not know if he was in Kolkata.

এই দুটি বাক্যের অর্থ হল আমি জানতাম না সে কলকাতায় ছিল কিনা। বদলে যদি বলা হয়— I did not know that he was in Kolkata.

তাহলে অর্থ হবে, আমি জানতাম না যে সে কলকাতায় ছিল। উদাহরণ—

We could not see whether there were birds in the tree.

We could not see if there were birds in the tree or not.

We could not see that there were birds in the tree.

প্রথম দুটি বাক্যের অর্থ, গাছটিতে পাখি ছিল কিনা আমরা দেখতে পাইনি। শেষের বাক্যটির অর্থ, আমরা দেখতে পাইনি যে গাছটিতে পাখি ছিল।

তিনটি ধরনের that-clause বাক্যের আরো কিছু উদাহরণ—

কাজ শব্দের পরে— post-verbal position

I knew [that] he would do well in the exams.

I hope [that] you will do well in your exams.

He complained [that] the students were making a lot of noise.

He promised [that] he would work for the good of the village.

The weather forecast says [that] it may rain.

The UN declared [that] no one should go hungry by the next decade.

The weather report says [that] there will be no rain in the next forty eight hours.

I guess [that] he should have reached Bolpur by now.

The children admitted [that] they had not done their homework.

We convinced him [that] he should go to Kolkata for higher studies.

We told him [that] we could meet tomorrow.

The notice says [that] no children are allowed here.

The Government announced [that] food would be given to all those affected by the flood.

The report says [that] there are no problems with her heart.

এই বাক্যগুলির that-clause-টিতে [that] উহ্য রাখা যেতে পারে ।

বিশেষণ শব্দের পরে—post-adjectival position

I am happy [that] you are going to sing at the annual function of your school.	You are lucky [that] you reached home before it started to rain.
I am sorry [that] you cannot come to our function.	I am glad [that] you like it.
I am convinced [that] he is the culprit.	I am afraid [that] you may miss the train.

এই বাক্যগুলির that-clause-টিতে [that] উহ্য রাখা যেতে পারে।

কিন্তু, নিচের বাক্যগুলিতে that উহ্য রাখা যায় না। এখানে এটি মূল বক্তব্যের ব্যাখ্যার ওপর বিশেষ জোর দেয়।

I was <u>so tired</u> that I fell asleep.	He is <u>so ill-mannered</u> that everybody dislikes him.
I was feeling <u>so bad</u> that I wanted to cry.	We are <u>very annoyed</u> that he still misbehaves with you.

এছাড়া উদ্ধৃত বা ঘোষিত বাক্যেও (reported speech) that শব্দটি উহ্য রাখা যায় না, যা পরে আলোচনা করা হয়েছে।

যে ধরনের বাক্যে that শব্দটি উহ্য রাখা যায় না

It is now hardly possible that we will reach there on time.	His declaration that he would not play in their team made us relieved.
The notice that no student should be allowed to stay after school made them unhappy.	The information that the police took him into custody was quite expected.
The gossip among his friends that his brother had left him made him very angry.	Seeing that she dances well, the teacher asked her to perform in the function.
That we have a difference of opinion is evident.	It is evident that we have a difference of opinion.
That you disagree with me is quite evident.	It is quite evident that you disagree with me.

ওপরের শেষ দুটি বাক্যে আরম্ভ that-clause-এর বদলে It দিয়ে করা যায়। সোঁটা করলে that-clause বাক্যের শেষে চলে আসে। এই ধরনের It দিয়ে বাক্য গঠনের আলোচনা Impersonal It অনুচ্ছেদে করা আছে। আরো একটি বিষয় লক্ষ করতে হবে। বাক্যগঠনে অভিমুখ নির্দিষ্ট করার শব্দটির (preposition) বদলে অনেক সময়েই that-clause ব্যবহার করা যায় that শব্দটি উহ্য রেখেও।

I am afraid of snakes.

I am afraid [that] the snake may bite me.

The jury is convinced of his guilt.

The jury is convinced [that] he is guilty.

7.7 ঘোষিত বাক্যে that-clause— reported speech

উদ্ধৃতি চিহ্নে বলাসহ কোনও উদ্ধৃত বাক্যকে ঘোষিত বাক্যে (reported speech) রূপান্তরিত করা যায়। এটা করতে উদ্ধৃত অংশটিকে একটি that-clause হিসাবে রাখা হয়। এই ক্ষেত্রে, উদ্ধৃত বোঝাতে that শব্দটি উহ্য রাখা হয় না। লক্ষ করো, ঘোষিত বাক্যে পরিবর্তনের সময় উদ্ধৃতির মধ্যের অংশটিতে বর্তমান বা সাধারণ ভবিষ্যৎ কালের কাজ শব্দটি অতীত কালের হয়ে যাবে। তাছাড়া, they/he/she-এর সঙ্গে সামঞ্জস্য রেখে উদ্ধৃত অংশে we/I /my/mine/our-এর পরিবর্তে they/he /she/his/ hers/their/theirs হবে। এ সম্বন্ধে আলোচনা আছে “ইংরেজি ব্যাকরণ রীতি” বইটাতে।

He said, “I have nothing to do.”

He said that he had nothing to do.

She said, “My father is ill.”

She said that her father was ill.

He said, “I can sing if my teacher so wishes.”

He said that he could sing if his teacher so wished.

She said, “He can go to Bolpur if Ram wants him to.”

She said that he could go to Bolpur if Ram wanted him to.

He said, “Jadu is not well.”

He said that Jadu was not well.

The teacher said, “The annual exams will start next week.”

The teacher said that the annual exams would start next week.

They said, “We want to play.”

They said that they wanted to play.

7.8 বাক্যের শব্দ ব্যবহারে সামঞ্জস্য রাখা—Concord

বাক্যে শব্দ ব্যবহারের সময় তাদের মিল রইল কিনা খেয়াল রাখতে হয়। বিশেষত, বাক্যের মূল যে ব্যক্তি, বস্তু বা বিষয়, তার সঙ্গে নির্দিষ্ট কাজ শব্দটির (finite verb) মিল থাকতে হবে—যেমন, My sister dances well. কিন্তু, My sisters dance well. । ইংরেজি বাক্যগঠনে একে concord বলে।

বাক্যের মূল ব্যক্তি, বস্তু, বা বিষয় সমষ্টিগত (collective noun) হলে অথবা অনির্দিষ্ট (indefinite pronoun) হলে, এই সামঞ্জস্য বজায় রাখার সময় খেয়াল রাখতে হয় যে বাক্যটি একাধিক ব্যক্তি, বস্তু, বা বিষয় সম্বন্ধে কিনা—

The team have at last arrived at a conclusion.

এখানে team-এর একাধিক সদস্যদের বোঝানো হচ্ছে, তাই have।

None of these girls dance well.

এখানে None সবকটি মেয়ের কথাই বলছে, তাই dance। কিন্তু, লক্ষ করতে হবে—There are many girls, but no one dances well.

বাক্যের মূল ব্যক্তি, বস্তু বা বিষয়-এর সঙ্গে নির্দিষ্ট কাজ শব্দটির (finite verb) মিল রাখা ছাড়াও, বাক্যে ব্যক্তি, বস্তু, বা বিষয়কে নির্দিষ্ট করছে যে শব্দটি তার পরবর্তী উল্লেখটিও সামঞ্জস্যপূর্ণ হতে হবে। যেমন, Sita She, Ram He, The house It.

একই বাক্যে একাধিক নেতিবাচক শব্দ (double negative) ব্যবহার করার ফলে মানেন্টা উল্টে যায়। তাই একই বাক্যে দুটি নেতিবাচক শব্দ সাধারণত ব্যবহার না করাই বাঞ্ছনীয়। কিন্তু চলিত ইংরেজিতে অনেক সময়েই একই বাক্যে দুটি নেতিবাচক শব্দ ব্যবহার দেখা যায়, যেমন—

Ram has not said nothing.

The students never give me no problems.

এটা কেবল চলিত ইংরেজি ভাষাতেই দেখা যায়। এই ক্ষেত্রে (negative concord) বাক্যের দুটি নেতিবাচককে একটি হিসাবেই ধরা হয়। তাহলেও, সাধারণভাবে ওপরের দুটি বাক্যের গ্রহণযোগ্য গঠন হল—

Ram has not said anything.

The students never give me any problems.

7.9 সংযোজক কাজ শব্দ (ক্রিয়া)—Copular or linking verb

যেকোনও সহজ সাধারণ বাক্যে দেখা যায় দুটি অংশ আছে। একটি অংশে আছে ব্যক্তি, বস্তু বা বিষয়, যার সম্বন্ধে বলা হচ্ছে, আর অন্য অংশটিতে আছে কোনও

অবস্থা, গুণাগুণ, বস্তু বা বিষয়, যা বলা হচ্ছে। এই দুটি অংশের মধ্যে সংযোগ স্থাপন করে বাক্যটি গঠিত হয়, আর এই সংযোগ স্থাপনের কাজটি করে একটি কাজ শব্দ। সাধারণভাবে যাবতীয় be verb-গুলি (is, am, are, was, were, be, being, been) এই কাজটি করে ও তাই তাদেরকে সংযোজক কাজ শব্দ (copular বা linking verb) বলা যেতে পারে। এগুলির উদাহরণ হল—

Ram is a good boy.

I am ill.

We are happy.

He was angry.

They were happy.

Ram is my friend.

Ram is a teacher.

I am old.

I am strong.

The sky is blue.

The food is delicious.

The leaves of that tree are yellow.

Ram is going to school.

I am getting stronger.

I am becoming older.

The sky is turning red.

ওপরের প্রথম কয়েকটি বাক্যে be verbটি বর্ণনাসূচক, ও শেষ চারটি বাক্যে সক্রিয়ভাবে কিছু হওয়া (verb to be) বোঝাচ্ছে। এছাড়াও কিছু বিশেষ কাজ শব্দ বাক্যে সক্রিয়ভাবে সংযোজক হিসাবে কাজ করতে পারে। উদাহরণ—

Ram appears happy.

Jadu became rich.

The food smells good.

The food looks delicious.

The food tastes good.

The rice went bad.

Ram got angry.

Ram fell ill.

Ram kept quiet.

He sounded offensive.

The cake came out burnt.

The man ended up a beggar.

Love for music runs in the family.

Ram remained happy in the village.

7.10 বাক্যের মধ্যে বাক্যাংশের স্থান বদল—extraposition

বাক্যের মূল ব্যক্তি, বস্তু, বা বিষয়টির অবস্থান সাধারণত প্রথমে থাকে মুখ্য স্থান হিসাবে, ও তারপর প্রধান বাক্যাংশটি থাকে। যদি অধীনস্থ বাক্যাংশকে সামনে মুখ্য স্থানে আনা হয় It শব্দটি আরম্ভে বসিয়ে, তাহলে স্থান পরিবর্তন ঘটে, যাকে extraposition বলে। নিচের বাক্যে এই স্থান পরিবর্তন লক্ষ্য করো—

That he failed in the exam was unfortunate.

It was unfortunate that he failed in the exam.

এই ধরনের স্থান পরিবর্তন যে শুধু that-clause-সহ বাক্যে হবে তা নয়, to দিয়ে infinitive বা অন্যান্য ধরনের বাক্যাংশ (বিশেষত, noun clause) থাকলেও করা যায়।

To see her dancing is a pleasure.

It is a pleasure to see her dancing.

What you do does not concern me.

It does not concern me what you do.

Drinking a cup of tea is refreshing.

It is refreshing to drink a cup of tea.

Sending him money now would be of no use.

It is no use sending him money now.

শেষ বাক্যটিতে লক্ষ্য করো, It would be of no use না বলে It is no use বলাটাই বাঞ্ছনীয়। এই ধরনের স্থান পরিবর্তন করার ফলে বাক্যের মূল বক্তব্যটিকে শেষে রেখে জোর দেওয়া ঘটে (end weight and end focus)। কিন্তু, একটার বদলে অন্য বাক্যটি সর্বদাই বাঞ্ছনীয় নাও হতে পারে, যেমন নিচের বাক্যটির বেলায়—

It pays to maintain good relations with your neighbours.

To maintain good relations with your neighbours, pays.

পরের বাক্যটি স্পষ্টত একেবারেই বাঞ্ছনীয় নয়।

7.11 জোর দিতে বা দৃষ্টি আকর্ষণ করতে বাক্যের শেষে রাখা—

end focus and end weight

কোনও বাক্য, বাক্যাংশ, বা শব্দসমষ্টির শেষে যে শব্দটি রাখা হয় তার কী উদ্দেশ্য সেটা স্বভাবতই নজর কাড়ে বা বক্তব্য হিসাবে প্রাধান্য পায়। নিচের বাক্যগুলিতে স্বভাবতই শেষ শব্দটির ওপর আমাদের নজর বেশি পড়ে। একে বলা হয় end focus।

He is giving me the book.

He is giving the book to me.

I gave Swati that red dress.

I gave that red dress to Swati.

এই বাক্যগুলি বলার সময় অবশ্যই বাক্যটির বিভিন্ন অংশ বা শব্দ বলায় কম-বেশি জোর দেওয়ার (intonation) কথা খেয়াল রাখা প্রয়োজন। এখানে

শেষ শব্দটিতে জোর দিতে হয়। প্রত্যক্ষ কর্তৃবাচ্য বাক্যের বদলে পরোক্ষ কর্মবাচ্য বাক্য ব্যবহার করেও আমরা এই end focus আনতে পারি, যেমন—

They are cutting the trees.

The trees are being cut [by them].

আরেকটি বিষয় হল বাক্যগঠনে দীর্ঘতর বাক্যাংশকে বাক্যের শেষে স্থান দেওয়া। একে বলা হয় end weight। এর সহজ উদাহরণ আমরা কাজ শব্দ-সমষ্টি (phrasal verb বা verb idiom) ব্যবহারে দেখতে পাই। এই শব্দগুলি, যেমন, take off, put off, take away, find out, carry on, ইত্যাদি দিয়ে বাক্য গঠন করার সময় প্রায়ই আমরা কাজ শব্দের পরের শব্দটিকে (off, away, out, on, up ইত্যাদি) একেবারে বাক্যের শেষে রাখি।

Please take away your dog.

Please take your dog away.

We called off the meeting owing to rain.

Owing to rain, we called the meeting off.

You will have to keep up your practice.

You will have to keep your practice up.

যে বিষয়টি নিয়ে বাক্যের বক্তব্য, তা যদি অতি দীর্ঘ হয়, তাহলে স্বভাবতই end weight-এর নিয়ম অনুসারে বিষয়টিকে শেষেই রাখতে হবে। নিচের বাক্যদুটি দেখা যাক। এই দুটিতে end weight নিয়মটি লঙ্ঘিত হয়েছে—

We called the next general body meeting of the society off.

Please put the red dress I gave you last summer on.

এই দুটি বাক্য হওয়া উচিত—

We called off the next general body meeting of the society.

Please put on the red dress I gave you last summer.

7.12 বাক্যের আরম্ভে কিছু বিশেষ শব্দ—Front position

বাক্যের আরম্ভেই, মূল ব্যক্তি, বিষয়, বা বস্তুটির আগে কিছু বিশেষ শব্দ ব্যবহার হতে পারে বক্তব্যটিকে বিশেষ করে বলতে। নিচের উদাহরণগুলি দেখো—

Normally, we go there everyday.

Usually, the train comes on time.

Naturally, we accepted the offer to see the movie.

Invariably, he scratches his nose when he speaks.

Actually, he inherited this from his father.

At 5:30 a.m., a boy came to call us.

বাক্যের আরম্ভে এই শব্দগুলির ব্যবহারকে front position বলে। আমাদের বিশেষ করে লক্ষ্য করতে হবে কথোপকথনে প্রায়শই আরম্ভে actually এবং আরো একটি শব্দবন্ধ, you know, ব্যবহার করা হয়।

কেউ যা ভাবতে পারে তার বদলে অন্যরকম কিছু প্রতি দৃষ্টি আকর্ষণ করতে actually বলা হয় বাক্যের রূঢ়তা ঢাকতে, যেমন—

Actually, it would be a great favour if you could change the date of the meeting.

Actually, I would prefer rice. Can I get some?

Actually, the children want to see the football match rather than go to the movie.

Actually, I may not be able to go there.

কোনও জানা বা অজানা বিষয়ের প্রতি কারুর দৃষ্টি আকর্ষণ করতে you know বলা হয়ে থাকে, যেমন—

You know, she is really very good in studies.

You know, the road to the village is still not good.

You know, the little boy made this toy all by himself.

You know, this particular vegetable is good for health.

বাক্যের মাঝে বা শেষেও actually ও you know ব্যবহার করা হতে দেখা যায় চলিত কথায়—

I would actually prefer rice.

The children actually want to see the football match.

The little boy, you know, made this toy all by himself.

This particular vegetable is good for health, you know.

চলিত কথোপকথনেই এই ধরনের বাক্যের ব্যবহার হতে দেখা যায়। এগুলির অতিরিক্ত ব্যবহার প্রায়শই কথা বলার এক বিশেষ ভঙ্গি হয়ে দাঁড়াতে পারে।

7.13 কাজ সম্বন্ধে আদেশ, উপদেশ, অনুরোধ—Imperative

কিছু বিশেষ বাক্য হয় কোনও কাজ সম্বন্ধে কাউকে (একাধিক বা সাধারণভাবে সকলকে) আদেশ বা উপদেশ দিতে, বা অনুরোধ করতে। এই বাক্যগুলির বিশেষত্ব হল, সাধারণত যাকে বলা হচ্ছে তা উহ্য থাকে। এর অর্থ, যে বাক্যটি পড়বে বা শুনবে (অর্থাৎ তুমি) তার মনে হবে বাক্যটি তাকেই বলা হয়েছে। দ্বিতীয় বিশেষত্ব হল, এই বাক্যগুলিতে সাধারণত কাজ শব্দটি, পরোক্ষ কর্মবাচ্যে

ছাড়া, মূল রূপে প্রয়োগ হয়, যেমন, take, look, avoid, send, let, prepare, ইত্যাদি এবং বিশেষ করে ব্যবহার হয় be, have, do।

আদেশ বা নির্দেশ হিসাবে বাক্যগুলির গঠন সাধারণত রুঢ় হয়ে থাকে—

Come here. Sit down. Stand up.

Do not talk. Be careful. Open the door.

কোনও কোনও ক্ষেত্রে এই আদেশগুলিকে জোর দিয়ে নির্দেশসূচক বাক্য হিসাবে গঠন করা হয়। এইগুলির শেষে বিস্ময়সূচক চিহ্ন দেওয়া হয়—

Hurry up! Stop! Get out! Clear this table now!

আদেশসূচক বাক্যগুলির রুঢ়তা ঢাকতে Please শব্দটি ব্যবহার হয়—

Please come here. Please sit down.

Please stand up. Please do not talk.

Please be careful. Please open the door.

কোনও কোনও বাক্যে রুঢ়তা থাকে না তাই Please প্রয়োজন হয় না—

Enjoy yourself. Have a good time. Take a look at this.

এই ধরনের নেতিবাচক বাক্যও হতে পারে আরম্ভে Don't —

Don't be silly. Don't behave like this. Don't make a mess.

আরেকটি ব্যবহার হতে পারে সান্ত্বনা দেওয়া বা ভালোবাসা প্রকাশ করতে—

Come, come. There, there. Let it go.

Let it be. Don't worry. Wipe your tears.

Hold my hand. Take my arm. Be my friend.

Lay your head on my shoulder.

জোর দিয়ে বলতে, আরম্ভে Do-এর ব্যবহার হয়। এই বাক্যগুলিতে Do শব্দটি জোর দিতেই ব্যবহার হয়, তাই বলার সময় স্বরভঙ্গি (intonation)-এর দিকেও খেয়াল রাখতে হবে। Do শব্দটি না দিলেও বক্তব্য একই থাকে—

Do come to the school tomorrow.

Do speak to the teacher.

Do tell me all about it.

Do invite her for dinner.

Do come to our village.

সাধারণত কাকে বলা হচ্ছে তা বাক্যগুলিতে উহ্য থাকলেও কোনও কোনও ক্ষেত্রে yourself বা yourselves শব্দটির উল্লেখ বাক্যের মধ্যে থাকতে পারে।

আবার কাউকে নির্দিষ্ট করে বললে you শব্দটির উল্লেখও করা হতে পারে—

Behave yourself. Make yourselves at home.

You be quiet. You come here.

কখনো কারো নাম করে বা সাধারণভাবেও উদ্দেশ্য করে বলা হতে পারে—

Everyone will have to come. Somebody call the police.

All must stand in line. Settle down there.

Ram, come here. Everybody must go now.

আরেক ধরনে দেখা যায় আরম্ভে Let বা Let's শব্দের ব্যবহার—

Let us go. Let's go for a walk.

কিছু প্রশ্নসূচক বাক্য (interrogative) এমনভাবে গঠন করা যায়, যে তা imperative বাক্য হয়ে যায়—

Will you ব্যবহার করে:

Can you send me that book? (Interrogative)

Send me that book, will you? (Imperative)

Will you not (Won't you) ব্যবহার করে:

Will you take me out to see the movie? (Interrogative)

Take me out to see the movie, won't you? (Imperative)

পর্যাপ্ত (কর্মবাচ্য) বাক্যে কর্মটাই বাক্যের মুখ্য উদ্দেশ্য, যে কর্মটি করছে সে গৌণ। এই ধরনের বাক্যেও আমরা অবশ্যপালনীয় আদেশ, নির্দেশ, বা অনুরোধ প্রকাশ করতে পারি। নিচে কয়েকটি উদাহরণ দেওয়া হল—

You are requested to do this work. Let me be allowed to do this work.

You are instructed to get the book. Let him be brought to the school.

You are told to help her. Let it be done now.

May you be blessed by God! It is advised that we go there for a health check-up.

7.14 আবেগ, অনুভূতি ও বিস্ময়সূচক বাক্য— Exclamatory sentence

আনন্দ, উত্তেজনা, রাগ, ভয়, মুগ্ধভাব, আশ্চর্যভাব, ইত্যাদি আবেগ বা অনুভূতি প্রকাশ করে, এমন বাক্যগুলিকে exclamatory sentence বলে। এগুলির শেষে বিস্ময়সূচক চিহ্ন (!) দেওয়া হয়। এছাড়া বিস্ময়সূচক চিহ্ন বিশেষ কর্তব্যের আদেশে হলেও দেওয়া হয়, যেমন, Hurry up! Stop! আবার verbless বিস্ময়সূচক বাক্যের শেষেও এই চিহ্ন দেওয়া হয়। আমরা exclamatory sentence-এর কয়েকটি উদাহরণ দেখব।

What a pleasant surprise! How kind of him!

Oh my God! What a beautiful house!

102 ফুলডাঙা বিদ্যাচর্চা কেন্দ্র, বীরভূম

How hot it is today!
He did a great job!
That is the correct answer!
I can't believe this!
Hurray! Our team won!

That was a spectacular
performance!
You really hate arithmetic!
Hurrah! It's vacation at last!
Her dance was amazing!

What a breathtaking view!
That is a huge structure!
You won the race!
Unbelievable!
A big hurrah for the whole
team!
How dare you do this to me!
I love arithmetic!
He did a splendid job!
It was a haunted house! We
were scared!

7.15 কোনও কাজ সম্বন্ধে কল্পনা —কল্পিত ভাব: subjunctive mood
যা সত্যি নয় কল্পনামাত্র, এমন কিছু বলা হয় বাক্যে কাজ শব্দটি নিয়ম
অনুসারে যে রূপে ব্যবহার করার কথা, সেটা না করে, এটাই বোঝাতে যে
বক্তব্যটি অবাস্তব বা কল্পিত। কাজ শব্দ ব্যবহারের সাধারণ নিয়ম—যেমন, I
go, You go, কিন্তু He goes। আবার I was, He was, কিন্তু You were।
কল্পিত বক্তব্যের বাক্যে এই নিয়মের অন্যথা করা হয়। একক তৃতীয় পুরুষ-এর
ক্ষেত্রে (third person singular) বর্তমান কালে কাজ শব্দটির s-form ব্যবহার
হবে না। আবার I was-এর বদলে I were বলা হবে। ইচ্ছা, আকাঙ্ক্ষা প্রকাশ
করা বাক্যগুলিতেও কাজ শব্দের সময়কাল (tense) অন্যভাবে ব্যবহার হবে।

কোনও বাক্য কল্পিত ভাবসূচক (কামনা, ইচ্ছা, পরিকল্পনা) কিনা তা বুঝতে
কাজ শব্দটি কীভাবে প্রয়োগ হয়েছে তার দিকে নজর দিতে হবে —

s-form ব্যবহার হচ্ছে না

The doctor recommends that she eat fruits.

We will urge that the secretary resign.

were ব্যবহার হচ্ছে

I wish I were taller.

If I were rich, I could help the villagers.

I wish Ram were clever, but he is not.

If Ram were a teacher, he could help the weak students.

The people of the village wish that a road were made there.

If he were a good friend, he would help me.

Were Ram a good student, he would have a chance to study in Kolkata.

I wish Sita were wiser, but she does not seem to learn from her mistakes.

ইচ্ছা, আকাঙ্ক্ষা প্রকাশ

I wish he would study hard.

He wishes he had not bought the house.

I wish I had gone to study in Kolkata.

I wish I had not been rude to her.

I wish you would not work so hard.

ইচ্ছা, আকাঙ্ক্ষা প্রকাশ—অন্যের উদ্দেশ্যে rather শব্দের বিশেষ ব্যবহার

I would rather you went.

He would rather you spoke to the students.

I would rather you did not speak to the students.

কোনও কাজ করার উপযুক্ত সময়কে কল্পনা করা

It is high time you sent your children to school.

Don't you think it is time you went home?

It is high time he ate his dinner.

বিশেষ ধরনের subjunctive বাক্যগুলির গঠন, বিশেষত If দিয়ে করা হলে, অনেক সময় শর্তসাপেক্ষ বাক্যের গঠনের মতো হয়ে যায়—যেমন,

If I were rich, I could help the villagers.

If Ram were a teacher, he could help the weak students.

If he were a good friend, he would help me.

Were Ram a good student, he would have a chance to study in Kolkata.

এই বাক্যগুলির গঠন শর্তসাপেক্ষ বাক্যের মতো হলেও, এগুলিকে subjunctive বাক্যই বলা উচিত, কারণ এখানে কোনও ঘটনা ঘটানো বাস্তব কোনও শর্ত নয়, আছে একটি অবাস্তব কল্পনা মাত্র। সেটাই নির্দিষ্ট করা হয়েছে কাজ শব্দটির subjunctive প্রয়োগে। এই বাক্যগুলিকে তাই শর্তসাপেক্ষ বাক্য ও কল্পিত অতীত বাক্যের থেকে আলাদা বলাই ভালো।

7.16 শর্তসাপেক্ষ বাক্য ও কল্পিত অতীত— conditional clause and hypothetical past

শর্তসাপেক্ষ বাক্যে একটি ঘটনা ঘটান শর্ত হিসাবে অন্য আরেকটি ঘটনার ঘটান কথা বলা হয়—এই শর্তটি পূরণ হলে তবেই ঘটনাটি ঘটবে বা ঘটত বলা হয়। তিনটি ধরনের শর্তসাপেক্ষ বাক্য হয়—

প্রথম ধরন (first conditional)	If you exercise regularly, you will feel better.
দ্বিতীয় ধরন (second conditional)	If she studied well, she would never fail in her exams.
তৃতীয় ধরন (third conditional)	If she had studied well, she would have passed the exam.

লক্ষ করতে হবে, সাধারণত শর্তসাপেক্ষ বাক্যে if, unless, so long as, as long as, provided that, on condition that, ইত্যাদি শব্দগুলি বাক্যের দুটি অংশের মধ্যে সংযোগ স্থাপনকারী শব্দ (conditional conjunction) হিসাবে কাজ করে। তার মানে অবশ্যই এমন নয় যে এই শব্দগুলি সর্বদাই শর্ত হিসাবে ব্যবহার হবেই। যেমন,

If it rains all day, the pond overflows.

If we went out of Kolkata, it was always to Bolpur.

এই বাক্য দুটিতে If কোনও শর্ত নয়, বরং সাধারণত যা ঘটে তাই বোঝাচ্ছে।

প্রথম ধরনের শর্তসাপেক্ষ বাক্যের উদাহরণ

He can stay here provided that he pays the rent regularly.

Emotions are dangerous unless they are controlled.

We will stay at home as long as it rains.

If you study hard, you will do well in your exams.

If I do well in my exams, I shall be able to study in Kolkata.

You will be allowed to study in Kolkata on condition that you do well in your exams.

If you want to study in Kolkata, you will have to do well in your exams.

If Ram speaks well tomorrow, he will get a prize.

If Ram works hard, he will probably get good marks in the exams.

Ram may get a chance in the school team, provided that he practices regularly.

She can stay here provided she looks after herself.

He may go to school provided he can buy his own books.

I will reach Bolpur tomorrow unless there is heavy rain.

He will do well in the exams unless he falls ill.

As long as we have food, no one will remain hungry here.

We invite you to come on condition that you behave properly.

দ্বিতীয় ধরনের শর্তসাপেক্ষ বাক্যের উদাহরণ

দ্বিতীয় ধরনের শর্তসাপেক্ষ বাক্যে কাজ শব্দের অতীত কালেররূপ ব্যবহার হয়।

এই বাক্যগুলি বর্ণনা করে অতীতে কী হলে কী হত, তাই এগুলিকে কল্পিত অতীতও (hypothetical past) বলা যেতে পারে।

If you had helped me, I would pass.

If I had money, I would build a house.

If Ram practised regularly, he could get a chance in the football team.

If Sita practised her dance regularly, she could get a chance to dance at the annual function of her school.

If he knew it, he would be furious.

If they were not frightened, they would speak.

You were in Delhi in the 1950s. If you went to Delhi today, you would be astonished.

I could not stay in a hotel like this; it would be a nightmare.

তৃতীয় ধরনের শর্তসাপেক্ষ বাক্যের উদাহরণ

এই ধরনের বাক্যে বলা হয় যা ঘটেনি কিন্তু কী হলে ঘটতে পারত।

If she had spent the night in the cold, she would have been ill.

He would have got good marks in the exams if he had studied hard.

If she studied hard, she would have done well in her exams.

If things had been better managed, the road would have been made by now.

If I had not had fever, I could have gone to the party.

If she had not had rice in the morning, she could have eaten the fruits.

If I had known you were coming, I would have asked her to come.

If she had danced well, she would have got a prize.

Ram should not have forgotten the bag. Then Jadu would not have had to run to get it.

You should not have forgotten to give Sita the book. Then she would not have had to go to your house to bring it to me.

7.17 অন্তর্ভুক্তিকর (inclusive) ও স্বতন্ত্র (exclusive) 'We'

'We' (আমরা) শব্দটি যদি যাকে বলা হচ্ছে এবং যে বলছে, দুজনকেই ধরে নিয়ে বলা হয়, তখন সেই 'We' শব্দটি হয় অন্তর্ভুক্তিকর (inclusive)— We should go to Bolpur today. আবার, 'We' (আমরা) শব্দটি যদি যে বলছে সে ও তার সঙ্গে আরো কাউকে বোঝায়, কিন্তু যাকে বলা হচ্ছে তাকে আলাদা রাখা হয়, তখন সেই 'We' শব্দটি হয় স্বতন্ত্র (exclusive)। উদাহরণ— We shall go to Bolpur today. Will you join us?

আমরা এই দুই ধরনের 'We'-এর প্রয়োগের উদাহরণ দেখব—

Inclusive 'We'

We can all go home today.

We are hungry. We should eat now.

Let us eat.

Let us play football.

We are not like them.

Exclusive 'We'

We may go to your house today.

Are you free tomorrow? We would like to invite you for lunch.

We hope to see you tomorrow.

We will eat now. Would you care to join us?

How can we forget you?

7.18 'There' শব্দটির অন্য ব্যবহার—Existential There

আমরা there শব্দটি সাধারণত যে অর্থে প্রয়োগ করি আগে সেটা দেখে নিই—

I saw her there. She kept her bag there.

এখানে there শব্দটি একটি স্থানকে নির্দিষ্ট করে—কোথায় তাকে দেখেছিলাম, সে কোথায় তার ব্যাগ রেখেছিল।

আরেক ভাবে ব্যবহারে শব্দটি বোঝায় কোনও কিছু বিদ্যমান, উপস্থিত, বা অনুপস্থিত। এই ভাবে ব্যবহার হলে তাকে existential there বলে। এই দুই রকমের there-এর তফাত বোঝা যায় নিচের বাক্যটিতে—

There were no flowers there.

প্রথম there-টি existential there ও শেষেরটি সাধারণ there, যা স্থানকে নির্দিষ্ট করে। লক্ষ্য করো, existential there ব্যবহারের ফলে বাক্যের মুখ্য ব্যক্তি, বস্তু, বা বিষয়টিকে (এই বাক্যে flowers) পিছনে পাঠানো হয়েছে। প্রথম স্থানটিতে বসেছে existential there। বাক্যটির অন্য গঠন দেখলে এটা বোঝা যায়— No flowers were there. এই রকম আরেকটি উদাহরণ—

There has been a lot of time wasted in solving the problem.

A lot of time has been wasted in solving the problem.

সুতরাং, বাক্যের প্রথম স্থানেই existential there ব্যবহারের ফলে কোনটা বাক্যের মুখ্য ব্যক্তি, বস্তু, বা বিষয় তা বুঝতে ভুল হতে পারে।

Existential there ব্যবহারের ফলে এমনটা যে সর্বদা ঘটে তা নয়। কোনও বাক্যের মাঝে ও বাক্যের শেষে যুক্ত প্রশ্নেও (tag question) existential there শব্দটি বসতে পারে। এই ধরনের বাক্যের উদাহরণ—

There are many trees in the garden.

Many trees are there in the garden.

There must be somebody to help me.

Somebody must be there to help me.

There are many students in the class.

Many students are there in the class.

There are so many places to visit this Sunday.

So many places are there to visit this Sunday.

There appeared a big fish in the river when the children were swimming.

The children were swimming in the river when there appeared a big fish.

There are four boys in the class.

Four boys are there in the class.

There cannot be any clear answer to this question.

No clear answer can be there to this question.

Why should there be a problem?

Is there a problem?

There happens to be only one person who could help me.

There is but one person who could help me, isn't there?

There are no problems, are there?

There is sufficient food, isn't there?

7.19 'It' শব্দটির অন্য ব্যবহার—Impersonal 'It'

বাক্যের বা বাক্যাংশের আরম্ভে মুখ্য ভূমিকায় কোনও নির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা বিষয়কে উল্লেখ করার বদলে It শব্দটি দিয়ে বাক্য গঠন করা যায়। এই ধরনের প্রয়োগে It-কে বলা হয় Impersonal It। উদাহরণ—

It has been raining since morning.

It may be a little too hot in Kolkata after the third week of March.

It is pleasant here now.

Who goes there? It's I.
(চলিত হল, It's me.)

What is the time by your watch? It's seven o'clock.

When is his birthday?
It's in July.

It's a long weekend, with our Independence day falling on Friday.

How far is your house from the station? It's less than a kilometer.

If you don't like the place, it is easy to get back to your house from there.

We shifted the ceremony indoors as it was raining.

It is summer now and there are no flowers in the garden.

It is obvious to all that the two girls do not like each other.

It surprised me that he could learn to speak English so fast.

It is a wonder that Ram can sing so well.

It is a pity that he could not do well in the exams after having studied so hard.

It was amazing how the little girl danced.

It was a pleasant surprise to see him in Kolkata.

It takes ten minutes to reach school from his house.

It is a fairly long way from Kolkata to Bolpur.

It is a beautiful day. Ram and I will go to Bolpur in the afternoon.

It will take about an hour to reach there.

It would have been nice if Jadu could have come with us.

7.20 পরোক্ষ কর্মবাচ্যে get শব্দের ব্যবহার—‘Get’ passive

কর্মবাচ্য (পরোক্ষ) বাক্যে যে কাজটি করছে, সাধারণত তার উল্লেখ থাকে না বা সে বাক্যের মুখ্য স্থান পায় না। কাজটিই বাক্যের মুখ্য। এই বাক্যগুলিতে কাজ শব্দটি -en/-ed-রূপে (past participle) ব্যবহার হয়। কোনও কোনও বাক্যে আবার কাজটি কেউ করছে এমন নাও হতে পারে, যেমন—

He is known as a good person. He was seen there.

ইংরেজি ভাষায় কর্মবাচ্য বাক্যে get শব্দটি বহু সময়েই ব্যবহার করা হয়। লক্ষ্য করো, এই ধরনের বাক্যে প্রথম কাজ শব্দটি get দিয়ে বলা হয়, হওয়া (be) কাজ শব্দের পরিবর্তে।

She gets trained in music every Sunday.

He will get paid for the work.

He does not get paid for the work.

The birds get fed by the children.

The car did not get repaired till evening.

However hard he may try, he may not get selected in the football team.

When did your sister get married?

She was told to come soon and get dressed for the occasion.

I hope the children do not get lost while going to the village.

The dish fell from her hands and got broken.

The boy is getting criticized for his rude behaviour.

She is getting praised for her work.

Did she get hired by the company?

Did the children get lost while going to the village?

Did not they get dressed for the occasion?

When did the babies get bathed?

When did the new school building get built?

Ram got promoted after five years.

চলিত কথায় বলা

I got fired.	They got hired.
He got drowned in the river.	He got drunk.
I got fed up.	I got bored.
You got me.	He got confused.

7.21 বাক্যে শব্দের পুনরাবৃত্তি বাদ দেওয়া —Ellipsis

একটি বাক্যের শেষের অংশে বা পরবর্তী বাক্যে যদি দেখা যায় যে একটি শব্দ বা শব্দসমষ্টি বাদ দিলেও বাক্যের অর্থটি স্পষ্টই থাকছে তাহলে ওই শব্দ বা শব্দসমষ্টিকে উহ্য রাখা যায়। বাক্যের ভার লঘু করতে তা বাঞ্ছনীয়ও বটে। এই পুনরাবৃত্তিকে বাদ দেওয়াকে ellipsis বলে। নিচের বাক্যগুলি দেখো। যেখানে ellipsis ঘটেছে সেই স্থানটিতে ^ চিহ্ন দেওয়া আছে।

That dress is older than this ^.

Did you see Ram? No, I didn't ^.

Haven't you studied this book well? No, I haven't ^.

Cats will be cats and dogs, ^ dogs.

Most students have studied more widely than their parents ^.

Have you seen a bird there? Yes, I have^.

ওপরের উদাহরণে লক্ষ্য করো, কেমন করে নানা ধরনের শব্দ বা শব্দসমষ্টি উহ্য রাখা যায়—যেমন, বস্তু বা বিষয় (dress), বাক্যের বক্তব্যের লক্ষ্যটি (see Ram, study the book well), কাজ শব্দসমষ্টি (will be), বা মূল বক্তব্যকে বলা বাক্যাংশটি (study more widely)। শেষ বাক্যটিতে ellipsis-এর বদলে one শব্দটিও ব্যবহার হতে পারে—Yes, I have seen one.। একই ভাবে do so বা শুধু do ব্যবহারও করা যায়।

Do you have a car? Yes, I have one. বা Yes, I do have^ .

Do you study regularly? Yes, I do so (বা I do).

বাক্যে ব্যবহারের সময় পরিপ্রেক্ষিতটি খেয়াল রাখতে হয়। নিচের বাক্যগুলিতে এটা আরো স্পষ্ট হয়—

He is now in Kolkata and will not be able to come with us. It would have been nice if he could ^.

She is not well and will not be able to sing at the annual function of the school. It would have been nice if she could ^.

My car is older than his ^.
 I have been to Kolkata but she has not ^.
 Start the music when ^ ready. [you are]
 I like biscuits and Sita, ^ fruits.
 Boys will be boys and girls, ^ girls.
 Ram wants a bag and Sita, ^ a book.
 My shirt is green and his, ^ blue.
 I went to the station and he, ^ to his school.

7.22 কাজ শব্দ ছাড়াই বাক্য গঠন—Verbless sentence

জন্মদিনের সকালে অভিনন্দন জানানো হয়, Happy birthday.। এখানে কোনও কাজ শব্দ নেই, কিন্তু বাক্যটি স্বয়ংসম্পূর্ণ। এইগুলিকে verbless sentence বলে। এই রকমের আরো কিছু উদাহরণ—

Good morning.	Good afternoon.
Good night.	Hello!
Great job!	Good work!
Congratulations!	No problem.

Jadu: I will finish my homework by tomorrow.

Teacher: You better.

Ram: I hope the weather improves by tomorrow.

Jadu: It better. We have to go to Kolkata even if it doesn't^.

7.23 বাক্যে একটি শব্দের টানে অন্য শব্দ আসা —Pied-piping

ইংরেজিতে পাইপ্ পাইপার অফ হ্যামলিন্ (Pied Piper of Hamlin) নামে একটি রূপকথা আছে। এক যাদুকর বাঁশি বাজিয়ে প্রথমে ইঁদুর ও পরে বাচ্চাদের টেনে নিয়ে গিয়েছিল। তাই বাক্যে যখন একটি শব্দ অন্য শব্দকে টেনে আনে তখন তাকে বলা হয় Pied-piping। এমনটা ঘটে যখন wh-word-এর আগে একটি স্থান বা দিক নির্দেশকারী শব্দ (preposition) থাকে। উদাহরণ—

From where has Ram got this book? From whom did he get the ball?

Behind whom is he standing?

In which direction are the birds flying?

It is not known in how many

We went to a shop in which

days he will finish the job.

there were several other customers.

Would you tell us in which direction we should go now?

To whom are we to send our application?

7.24 কোনও বক্তব্যকে পুনরায় নিশ্চিত করতে প্রশ্ন জুড়ে দেওয়া —

Tag question and Echo question

বাক্যের শেষে কমা দিয়ে ক্ষুদ্র প্রশ্নের আকারে একটি অংশ জুড়ে দেওয়া হয় নিশ্চিত হতে যে যাকে বাক্যটি বলা হচ্ছে তার অনুমোদন আছে, বা তারও একই মত। এই ধরনের ক্ষুদ্র প্রশ্ন বাক্যটির সঙ্গে জুড়ে থাকে বলে এদেরকে tag question বলা হয়। এই tag question গঠনের কয়েকটি ধরন হতে পারে।

বাক্যে যদি কোনও সহায়ক শব্দ (operator) থাকে, তাহলে তাকেই প্রথমে (ইতিবাচককে নেতিবাচক ও নেতিবাচককে ইতিবাচক করে উল্টে নিয়ে) ও তারপর ব্যক্তি বা বস্তুটিকে রেখে প্রশ্ন দিয়ে জুড়তে হবে—

Ram is attending school regularly, isn't he?

You have not seen her there, have you?

বাক্যে কোনও সহায়ক শব্দ (operator) না থাকলে, সহায়ক do দিয়ে ইতিবাচক বাক্যকে নেতিবাচক ও নেতিবাচক বাক্যকে ইতিবাচক প্রশ্নে জুড়তে হবে—

The football match ended in a draw, didn't it?

He never liked movies, did he?

ওপরের উদাহরণে দেখা যাচ্ছে, বাক্যের মূল বক্তব্যে ব্যক্তি-নির্দেশ (personal pronoun) থাকলে তাকেই প্রশ্নটির শেষে রাখা হয়—

We have seen that film, haven't we?

They have not seen that film, have they?

বাক্যের মূল বক্তব্যে কোনও ব্যক্তি-নির্দেশ (personal pronoun) না থাকলে উপযুক্ত ব্যক্তি-নির্দেশ (personal pronoun) ব্যবহার করে ইতিবাচক বাক্যকে নেতিবাচক প্রশ্ন ও নেতিবাচক বাক্যকে ইতিবাচক প্রশ্ন দিয়ে জুড়তে হবে—

The movie would not be very long, would it?

Those flowers will bloom soon, won't they?

ইংরেজি চলিত কথায় আরো কয়েকটি শব্দ এককভাবে tag question হতে পারে—যেমন, right? okay? huh? eh?

We will go together, ok?

You will definitely do it, eh?

Don't laugh at her mistakes, huh?

ক্ষুদ্র প্রশ্ন যা একটি বাক্যের প্রতিধ্বনির মতো হয়, তাকে **Echo Question** বলে। এখানে লক্ষ্য করতে হবে যে tag question-এ যে বক্তব্য রাখছে, সেই-ই প্রশ্ন করছে। কিন্তু, echo question-এর ক্ষেত্রে যে বক্তব্য রাখছে, এবং যে বক্তব্যের প্রতিধ্বনির মতো প্রশ্ন করছে, তারা আলাদা।

He's a student.

He's a what?

I paid five hundred rupees for it. How much did you say?

এই বাক্যগুলি বলার সময় বিভিন্ন শব্দ বা শব্দসমষ্টিতে কম-বেশি জোর (intonation) দিতে হয়। বিশেষ জোর দিতে হয় tag question ও echo question-এর wh-শব্দটিতে।

7.25 টুকরো ও অসংলগ্ন বাক্য—Fragmented and discontinuous sentence

অনেক সময়ে, বিশেষত দীর্ঘ বাক্যগঠনে, বাক্য অসম্পূর্ণ টুকরো হয়ে থাকে। এটাকে fragmented sentence বলে। এর উদাহরণ—

Until my sister returns from school.

বাক্যটি fragmented। একে সম্পূর্ণ করতে আরো কিছু বলতে হবে, যেমন—

Until my sister returns from school, I cannot go out.

অথবা,

I will wait here until my sister returns from school.

আরেকটি উদাহরণ—

When she will dance again.

এই বাক্যটিও fragmented। একে সম্পূর্ণ করতে যদি বলা হয়,

A day will come when she will dance again.

তাহলে বাক্যটি সম্পূর্ণ হয় বটে, কিন্তু অসংলগ্ন (discontinuous) হয়ে পড়ে। দীর্ঘ বাক্যগঠনের সময় এমনটা হয়ে যেতে পারে যে একটি বাক্যাংশ বাক্যের বাকি অংশকে আলাদা করে দিচ্ছে। এমন হলে বাক্যটিকে discontinuous sentence বলে। যদিও তা ব্যাকরণগত ভাবে অশুদ্ধ নয়।

এমনটা হওয়ার কারণ, বাক্যের মূল বিষয়টি থেকে (noun phrase, এখানে A day), তার ঠিক পরেই will come শব্দ দুটির জন্য, বাকি অংশটি (when

she will dance again) বিচ্ছিন্ন হয়ে পড়ছে। লক্ষণীয় হল, আলাদাভাবে A day will come. বাক্যটি কিন্তু সম্পূর্ণ, fragmented নয়। আবার She will dance again অংশটাও আলাদা ভাবে সম্পূর্ণ। দুটো আলাদা সময়ের স্রোতকে যুক্ত করা হয়েছে when দিয়ে।

এই discontinuous বাক্যটির পরিবর্তে আমরা সহজ করে বাক্যটিকে গঠন করতে পারি এই ভাবে—

A day when she will dance again will come.

সাধারণত discontinuous বাক্য পরিহার করে চলা উচিত হলেও, কখনো end weight-এর কারণে এই ধরনের বাক্য দরকার হতে পারে। ওপরের এই বাক্যটির ক্ষেত্রে লক্ষ করতে হবে, এই ধরনের প্রার্থনাসূচক বাক্যের স্বনির্ভর ও পরনির্ভর দুটি বাক্যাংশেই সহায়ক will হবে, যা সাধারণত হয় না।